চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 66 Sunday, 5 February, 2023 ❋ ২৮ বর্ষ, ৬৬ সংখ্যা ❋ ২১ মাঘ, ১৪২৯, রবিবার, ৫ ফেব্রুয়ারি, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

## বাদ পড়ল পার্থ'র নাম

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** সর্বদল বৈঠকের পরে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটি থেকেও রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের নাম বাদ দেওয়া হয়েছে। আগামী আট তারিখ থেকে শুরু হতে চলা বাজেট অধিবেশনের আগে তাকে বাদ দিয়েই আগামী বুধবার বিধানসভার সর্বদল বৈঠক এবং পরে ২০ সদস্যের কার্য উপদেষ্টা কমিটির বৈঠক ডাকা হয়েছে বলে বিধানসভা সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় জেলে থাকায় এর আগে বিধানসভার রুল কমিটি থেকেও পার্থ বাবুর নাম বাদ দেওয়া হয়।

## সামাজিক প্রকল্পের সুবিধা

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** রাজ্য সরকার একযোগে রাজ্যের প্রতিটি ব্লকে সুবিধাভোগীদের হাতে বিভিন্ন সামাজিক প্রকল্পের সুবিধা তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই জন্য আগামী বৃহস্পতিবার হাওড়ার পাঁচলায় এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভার্চুয়ালি রাজ্যের বিভিন্ন জেলার ব্লকে সম্প্রতি আয়োজিত দুয়ারে সরকার শিবিরে আবেদন করা সুবিধাভোগীদের হাতে এই সুবিধা তুলে দেবেন বলে নবান্ন সূত্রে জানা

## অবসরপ্রাপ্তরা স্বেচ্ছাসেবক

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** কর্মীসংকট কাটাতে রাজ্য সরকার গ্রন্থাগারগুলিতে অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের স্বেচ্ছাসেবক হিসাবে কাজে লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। এই জন্য তাদের কোন ভাতা বা বেতন দেওয়া হবে না বলে জানিয়ে গ্রন্থাগার দপ্তর থেকে নির্দেশিকা জারি করা হয়েছে। উল্লেখ্য রাজ্যে বিভিন্ন জেলায় প্রায় সাড়ে চার হাজার সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার থাকলেও কর্মীর অভাবে সেগুলোকে ঠিকভাবে চালানো যাচ্ছে না বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

## রাজ্যকে চিঠি পূর্ব রেলের

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** জমি সমস্যার কারনে আটকে থাকা বেশ কিছু রেল প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য সব ধরনের সহযোগিতা চেয়ে পূর্ব রেল রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। রাজ্যের বেশ কয়েকটি প্রস্তাবিত রেল প্রকল্পের কাজ জমি সমস্যায় আটকে থাকায় প্রায় এক হাজার ২০৯ কিলোমিটার অংশে লাইন বসানোর কাজ করা যাচ্ছে না বলে রেলের এক আধিকারিক জানিয়েছেন। নবদ্বীপ ঘাট থেকে নবদ্বীপ ধাম পর্যন্ত প্রকল্পটির কাজও জমির সমস্যায় আটকে রয়েছে বলে সূত্রের খবর। রাজ্য সরকারের কাছে সবরকম সহযোগিতা চেয়ে চিঠি দেওয়া হয়েছে বলে ঐ আধিকারিক জানিয়েছেন। উল্লেখ্য আগামী অর্থ বছরের রেল মন্ত্রক পূর্ব রেলের জন্য চার হাজার ৭৮ কোটি টাকার বেশি বরাদ্দ করেছে।

## নিউটাউনকে পৃথক পুরসভা

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** পদ্ধতিগত জটিলতায় আধুনিক উপনগরী নিউটাউনের একাংশ পঞ্চায়েত এলাকার মধ্যে ঢুকে পড়ায় জটিলতা সৃষ্টি হয়েছে। এই সমস্যার সমাধান করতে নিউটাউন এলাকাকে নিয়ে একটি পৃথক পুরসভা করা হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে। বিধানসভার আসন্ন বাজেট অধিবেশনেই এই সংক্রান্ত একটি বিল আনার প্রস্তুতি চলছে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। প্রশাসনিক সূত্রে জানা গেছে, পঞ্চায়েতের সাম্প্রতিক আসন পূর্ণর্বিন্যাসের পর রাজারহাট নিউটাউনের অ্যাকশন এরিয়া ১সি, ১ডি, ১এ, ২বি, ২ই, ১বি, ২ এলাকাকে জ্যাংড়া হাতিয়াড়া-২ গ্রাম পঞ্চায়েতের এলাকার মধ্যে চলে গেছে। এই বিষয়টি নিয়ে এলাকার বাসিন্দাদের একাংশের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।

# পঞ্চায়েতের প্রার্থী ঠিক করবেন মমতাই, বললেন অভিষেক

**দুরন্ত বার্তা, কেশপুর, ৪ ফেব্রুয়ারিঃ** হাতে আর মাত্র কয়েক দিন। তারপরেই বেজে যাবে পঞ্চায়েত ভোটের রণদামামা। এরমধ্যেই পঞ্চায়েত ভোটের আগে রাজ্যের নানা প্রান্ত থেকে লাগাতার শাসকদলের গোষ্ঠীকোন্দলের অভিযোগ সামনে আসছে। যার জেরে অস্বস্তি বেড়েছে ঘাসফুল শিবিরের। এদিকে ভোটে প্রার্থী কারা হবে তা নিয়ে তৃণমূলের অন্দরেও শুরু হয়ে গিয়েছে চাপানউতর। চলছে জল মাপার কাজ। কোথাও দলীয় কর্মীরাই ভোটাভুটি করে প্রার্থী বাছাইয়ের দায়িত্ব নিচ্ছেন, কোথাও আবার প্রার্থী ঠিক করতে 'ভোট' প্রক্রিয়ায় অংশ নিয়েছেন একেবারে গ্রামবাসীরা। কিন্তু, শেষ পর্যন্ত প্রার্থী ঠিক করবেন কে? কেশপুরের সভা থেকে উত্তর দিয়ে দিলেন তৃণমূল-কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে গোষ্ঠীকোন্দল রুখতে দিলেন 'কড়া' বার্তা। এদিন কেশপুরের সভা থেকে কোন্দল রুখতে অভিষেকের দাওয়াই, ''যাঁরা ভাবছেন তৃণমূলকে ভুল বুঝিয়ে নির্বাচনের সময় এক কাজ করব, আর নির্বাচনের পরে আবার জামা পাল্টে তৃণমূল হয়ে তৃণমূলের চোখে ধুলো দিয়ে, মানুষকে বিভ্রান্ত করে স্বার্থ চরিতার্থ করতে যা ইচ্ছে তাই করে বেরাব। তাঁদের বলব সবার উপরে একটা অদৃশ্য চোখ আছে। নজর কিন্তু আমি রাখছি। কে কোথায় কী কাজ করছেন কী করছেন সব আমি খবর রাখছি। কোন প্রধান, কোন অঞ্চল সভাপতি কী কাজ করছেন সেই খবর আমার কাছে আছে। যাঁরা ভেবেছেন প্রার্থী হয়ে মানুষের কাজ করব না, যা ইচ্ছা তাই করে বেরাব, তাঁদের বিরুদ্ধে যা পদক্ষেপ গ্রহণ করার তা পার্টি ইতিমধ্যেই শুরু করে দিয়েছে।'' এরপরই অভিষেক কার্যত হুঁশিয়ারির সুরে বলেন, ''নেতাদের রেষারেষিতে যদি দলের মাথানত হয় তাহলে আমি কিন্তু ছেড়ে কথা বলব না। আমি সময় দিচ্ছি, এখনই শোধরান। নাহলে এমন ওষুধ প্রয়োগ করব সেই ওষুধে যখন কাজ হবে তখন আপনি আর শোধরানোর সময় পাবেন না। পঞ্চায়েতের প্রার্থী জেলা সভাপতি দেবে না, ব্লক সভাপতি দেবে না, প্রাক্তন সভাপতি দেবে না। পঞ্চায়েতের প্রার্থী মমতা বন্দ্যোপাধ্যায় দেবে। আমি কথা দিয়ে যাচ্ছি আপনাদের।'' পাশাপাশি অভিষেকের স্পষ্ট বক্তব্য, কোনও দাদার তল্পিবাহক হয়ে টিকিট পাওয়া যাবে না। আগামী পাঁচ বছর যাঁরা মাথানত করে মানুষের জন্য কাজ করবে তাঁরাই পঞ্চায়েত ভোটে দাঁড়াবে। এদিন অভিষেক মঞ্চে ডেকেছিলেন শেখ হসিনউদ্দিন নামে এক ব্যক্তিকে। আবাস যোজনায় টাকা পেলেও ঘর তৈরির জন্য বাড়তি খরচের ভয়ে ফিরিয়েও দিয়েছিলেন তিনি। করেন না তৃণমূল। করেন না কোনও দলই। এ কথা জানিয়েছিলেন খোদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। অথচ, হসিনউদ্দিনের রয়েছে মাত্র ছোট্ট একটা এক চালা ঘর। সেই ছবিও দেখিয়েছিলেন অভিষেক। নিয়েছিলেন তাঁর মেয়ের বিয়ের যাবতীয় খরচের দায়িত্ব। এরপরই পঞ্চায়েত ভোটে তাঁকেই দল মুখ করতে চলেছে বলে ঘোষণা করেন অভিষেক। ঠিক এরপরই কেশপুরের গোলার গ্রাম পঞ্চায়েতের সদস্য মঞ্জু দলবেরা ও তাঁর স্বামী অভিজিৎ দলবেরাকে ডেকে নেন অভিষেক। ১০ বছরের বেশি সময় ধরে এলাকায় তৃণমূলের বুথ সভাপতির দায়িত্বে রয়েছেন অভিজিৎ। অভিষেকের দাবি, দলের সঙ্গে যোগ রয়েছে, দায়িত্বেও রয়েছেন তারপরেও আবাস যোজনার ঘর নিতে চাননি এই দম্পতি। অভিজিৎ-মঞ্জুকে পাশে নিয়েই সংবাদমাধ্যমের উদ্দেশে চাঁচাছোলা ভাষায় আক্রমণ শানিয়ে অভিষেক বলেন, ''সারাদিন খবরে দেখানো হচ্ছে তৃণমূলের বুথ সভাপতি, পঞ্চায়েত সদস্য ফুলেফেঁপে উঠেছে! এই দুজনকে দেখে কী মনে হয় আপনাদের? আমি সংবাদমাধ্যমকে অনুরোধ করব যদি আপনাদের মধ্যে নিরপেক্ষতা থাকে, বিবেকবোধ থাকে আমার মিটিংয়ে আজকে আমার ছবি দিতে হবে না। এদের দুজনের ছবি দিন। কারণ মঞ্জু দেবী পঞ্চায়েত অফিসে গিয়ে বলেছেন আমার স্বামী বুথ সভাপতি, আমি পঞ্চায়েতের মেম্বার, আমি তৃণমূল করি, আমি ঘর নেব না।'' এরপরই মঞ্জু দেবীর বাড়ির একটি ছবি সকলের সামনে তুলে ধরেন অভিষেক। এদিন অভিষেক আরও বলেন, ''আমি সকাল ১১টা থেকে ছবি পাচ্ছি। তখন থেকেই মানুষ সভাস্থলে আসতে শুরু করেছে। সাড়ে ১২টা ১টা নাগাদ আমি যে ছবি পেয়েছি তাতে দেখা যাচ্ছে মাঠ কানায় কানায় ভর্তি। আমি অনেক জায়গায় অনেক জনসভা করেছি। বারেবারে প্রশ্ন উঠত পশ্চিম মেদিনীপুরে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব নিয়ে। বলা হত গোষ্ঠী দ্বন্দ্বে জেরবার কেশপুর। যাঁরা এই সমস্ত প্রশ্ন তুলত আজকের জনসভা তাঁদের জন্য উত্তর বলে আমি মনে করি। তাঁদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়া গিয়েছে কেশপুরের মাটি মা-মাটি-সরকারের দুর্জয় ঘাঁটি। মমতা বন্দ্যোপাধ্যায় দুর্জয় ঘাঁটি। আমি অনেক জায়গায় অনেক জনসভা করেছি। কোচবিহার থেকে শুরু করে কাকদ্বীপ, নির্বাচন ছাড়াও বিভিন্ন সময় মানুষের কাছে গিয়েছি। কিন্তু, আমি মনে করি আমার জীবনের শ্রেষ্ঠ জনসভা এটি। আমি এত বড় জনসভা কোনওদিন দেখিনি। সমস্ত জমসভাকে ছাপিয়ে গিয়েছে এদিনের জমায়েত। পাঁচ কিলোমিটার পর্যন্ত আমি দেখেছি রাস্তায় লোক রয়েছে। মাঠে যা লোক রয়েছে তার তার থেকে পাঁচ গুণ বেশি লোক রাস্তায় রয়েছে। তাঁরা মাঠে ঢুকতে পারেননি। গোষ্ঠীদ্বন্দ্ব থাকলে এত ভিড় হত না।

## ডিএ না দিলে পঞ্চায়েত ভোট বন্ধ রাখুক, এবার হুঁশিয়ারি সরকারি কর্মীদের

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** রাজ্য সরকারি কর্মচারিরা মঞ্চ তৈরি করে প্রতিবাদে নেমেছেন। আদালতের নির্দেশের পরও রাজ্য কেন মহার্ঘ ভাতা বা ডিএ দিচ্ছে না, সেই প্রশ্ন তুলে বিক্ষোভ দেখাচ্ছেন তাঁরা। তাঁদের হুঁশিয়ারি, টাকা দিতে না পারলে, পঞ্চায়েত ভোট বন্ধ রাখুক সরকার। তাঁরা অসহযোগিতারও হুঁশিয়ারি দিয়েছে ইতিমধ্যেই। ডিএ-র দাবিতে 'সংগ্রামী যৌথ মঞ্চ'-এর ধরনা ১৯০ ঘণ্টা পার করেছে। তাদের দাবি, বকেয়া না পেলে তারা ভোটের কাজ করবে না। আর সরকারি কর্মীরা যদি ভোটের কাজ না করেন, তা হলে এত বড় ভোট প্রক্রিয়া হবে কী করে, তা নিয়ে প্রশ্ন উঠছে। ২৮টি সরকারি সংগঠনের কর্মীদের নিয়ে তৈরি হয় এই মঞ্চ। তবে এখন তাতে আরও সংগঠন এগিয়ে এসেছে। ধরনামঞ্চে অবস্থানকারী এক সরকারি কর্মী অনিমেশ হালদারের কথায়, এই ভোট প্রক্রিয়া হয় সরকারি কর্মী, শিক্ষক, শিক্ষাকর্মীদের দিয়ে। ফলে তাঁরা যদি পাহাড়প্রমাণ বঞ্চনার শিকার হন, তাঁরা বঞ্চিত হয়ে পথে বসে থাকেন, তাহলে সামনে তো পঞ্চায়েত ভোট, তা কে পরিচালনা করবেন? আমরা সেদিকেই যাচ্ছি। এটা চূড়ান্ত একটা জায়গা। হয় কর্মচারিদের হকের পাওনা মিটিয়ে দিক। না হলে ভোট বন্ধ রাখুক। শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ নামে সরকারি সংগঠনের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী বলেন, ''আমাদের বলছে, আমরা নাকি রাজনৈতিক দলের হয়ে কথা বলছি। এটা আমাদের অপমান করা হচ্ছে। আমরা দলীয় রাজনীতি করছি না। হ্যাঁ, সরকারের বিরুদ্ধে বলাটা রাজনীতি বললে বলতে পারেন।'' এই ধরনামঞ্চ নিয়ে চড়ছে রাজনীতির পারদও। বিজেপি সাংসদ দিলীপ ঘোষের বক্তব্য, 'যে আন্দোলন কর্মচারিরা করছেন, সেটা তাঁদের হকের ব্যাপার। ডিএ পাওয়া যে অধিকার তা তো হাইকোর্টও বলেছে। রাজ্য বলছে ওদের কোনও বকেয়া নেই। আবার ওরাই বলছে এত দিলে সরকার সঙ্কটে পড়বে। সরকার নিজের অক্ষমতা দেখাচ্ছে, কর্মচারিদের প্রাপ্য দিচ্ছে না। তাই সরকারি কর্মচারিরা বিরোধিতায় নামছে। আমরা সবরকম গণতান্ত্রিক আন্দোলনকে সমর্থন করি।'' তৃণমূল সাংসদ সৌগত রায়ের বক্তব্য, ''আন্দোলন করলেই ডিএ দেওয়া যাবে না। সরকারের আর্থিক সংস্থানও থাকতে হবে। আর কাজ বন্ধ করলেই হয় না। আইন আছে, সেইমতো ব্যবস্থা নেওয়া যায়। সরকারকে পঞ্চায়েত ভোট করতেই হবে।'' আর হাইকোর্টের রায়ের প্রসঙ্গে সৌগত রায়ের বক্তব্য, ''রাজ্য সুপ্রিম কোর্টে গিয়েছে।''

## স্তন ক্যানসার পরীক্ষায় এবার বাংলার গ্রামে গ্রামে যাবে বিশেষ গাড়ি

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** রাজ্যে ক্যানসার চিকিৎসার পরিকাঠামো নির্মাণে আরও একধাপ এগোল রাজারহাটের সিএনসিআই। বিভিন্ন ধরনের ক্যানসার রয়েছে। সারা বিশ্বের মতো এ দেশে, এ রাজ্যেও পাল্লা দিয়ে বাড়ছে স্তন ক্যানসার আক্রান্তের সংখ্যা। রোগের পায়ে বেড়ি পরাতে প্রয়োজন একেবারে প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয় করা। সেই লক্ষ্যে বিশ্ব ক্যানসার দিবসে (৪ ফেব্রুয়ারি) ভ্রাম্যমাণ ম্যামোগ্রাফি ইউনিট চালু করল সিএনসিআই। নিঃসন্দেহে যা অত্যন্ত তাপর্যপূর্ণ ভূমিকা নেবে ক্যানসার আক্রান্তদের ক্ষেত্রে। এই ইউনিটের সাহায্যে স্তন ক্যানসারের পরীক্ষার জন্য গ্রামের মানুষকে সিএনসিআই পর্যন্ত আসতে হবে না। কেন্দ্রীয় প্রতিষ্ঠানের চিকিৎসকরাই পৌঁছে যাবেন রাজ্যের প্রত্যন্ত এলাকায়। এক ধরনের বিশেষ বাসের মধ্যে হবে মহিলাদের স্তন ক্যানসারের রোগ নির্ণয়। বিশ্ব স্বাস্থ্যসংস্থার হিসাব অনুযায়ী, ২০২০ সালে বিশ্বের ২৩ লক্ষ মহিলা স্তন ক্যানসারে আক্রান্ত হয়েছেন। মারা গিয়েছেন ৬ লক্ষ ৮৫ হাজার মহিলা। ক্যান্সারের সংখ্যাতত্ত্ববিদ শ্যামসুন্দর মণ্ডলের দেওয়া হিসাব অনুযায়ী, ২০২০ সালে বাংলায় নতুন করে ক্যানসারে আক্রান্ত হয়েছেন ৮০৬৬৩ জন। এর মধ্যে স্তন ক্যানসারে আক্রান্ত ৭৯৫১ জন। যা রাজ্যের মোট ক্যানসারের ১৮.৪ শতাংশ। কীভাবে কাজ করবে এই ম্যামোগ্রাফি মেশিন? সিএনসিআইয়ের ডেপুটি ডিরেক্টর সুপর্ণা মজুমদার বলেন, ''আমরা রোগীদের কাছে আরও বেশি করে পৌঁছতেই এই ভ্রাম্যমাণ ম্যামোগ্রাফি মেশিন আনা হয়েছে। একটি মূলত একটি এক্সরে মেশিন। যা দিয়ে আমরা স্তনের পরীক্ষা করি। কোনও অস্বাভাবিকতা থাকলে তা ধরা পড়বে। এই রোগের ক্ষেত্রে যত তাড়াতাড়ি ধরা পড়বে, তত ভাল চিকিৎসা হবে।'' সিএনসিআইয়ের মেডিক্যাল ডিরেক্টর শঙ্কর সেনগুপ্ত বলেন, ''চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যানসার ইন্সটিটিউট ভারতবর্ষের প্রাচীনতম প্রতিষ্ঠান। ২০২১ সালে নিউটাউনে আমরা নতুন ক্যাম্পাস পাই। ৪৬০ বেডের ব্যবস্থা আছে এখানে। মানুষের কাছে পৌঁছতে আমরা নানা সময় নানা কার্যক্রম নিয়েছি। মানুষের দুয়ারে পৌঁছনোর চেষ্টা করছি এবার। বিভিন্ন টেস্ট, স্ক্রিনিং প্রোগ্রাম, প্রিভেনটিভ প্রোগ্রাম নিয়ে আমরা মানুষের কাছে পৌঁছে যাই। এবার এমএমইউ ভ্যান গ্রামে গ্রামে পৌঁছে যাবে।''

## পঞ্চায়েত ভোটের আগে রক্তাক্ত বাসন্তী, বোমা বাঁধতে গিয়ে ভয়াবহ বিস্ফোরণ!

**দুরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগনা, ৪ ফেব্রুয়ারিঃ** পঞ্চায়েত ভোটের আগে ফের রক্তাক্ত দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী। বোমা বাঁধার সময় বিস্ফোরণ হয়ে গুরুতর জখম হলেন তিনজন। শনিবার দুপুরে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর ভারতীর মোড়ের কাছে তীতকুমার এলাকায়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বিশাল পুলিশ বাহিনী। তিনজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সূত্রের খবর, এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। আহতদের নাম খালেক, ভুতো ও আকিবুল্লা। কী কারণে ওরা তিনজন বোমা বাঁধছিল, তা এখনও জানা যায়নি। পুলিশ সূত্রে খবর, শনিবার বেলার দিকে বিকট শব্দে কেঁপে ওঠে বাসন্তীর ভারতীর মোড় এলাকা। এরপরই গ্রামবাসীরা ছুটে গিয়ে দেখেন সেখানে মাঠের মাঝখানে তিনজন রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে। জানা যায়, ওখানে মণিরুল খান নামে একজনের বাড়িতে বোমা বাঁধা চলছিল। সেখানেই আচমকা বিস্ফোরণ ঘটে। গ্রামবাসীরা এও দাবি করছেন যে, ওখানে শুধু তিনজন নয়, আরও অনেকেই ছিল। এমনকী একজনের মৃত্যুর আশঙ্কাও করছেন কেউ কেউ। তবে অন্যান্য দুস্কৃতীরা তার দেহ ঘটনাস্থল থেকে সরিয়ে ফেলেছে আগেই। যে তিনজন গুরুতর জখম হয়েছে, তাদের অবস্থাও ভাল নয় বলে জানা গিয়েছে। ইতিমধ্যে তীতকুমার এলাকায় বাসন্তী থানার তরফে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। থমথমে রয়েছে গোটা গ্রামের পরিবেশ। ঘটনা প্রসঙ্গে বিজেপির অভিযোগ, পঞ্চায়েত ভোটের আগে গ্রামে অশান্তি ছড়াতে তৃণমূলই বোমা মজুত করছে। তবে বাসন্তীর বিধায়ক শ্যামল মণ্ডল এই অভিযোগ একেবারে নস্যাৎ করে দিয়েছেন। এদিকে বাসন্তীর এই বোমা বিস্ফোরণ নিয়ে মুখ খুলেছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। তিনি বলেন, ''বিজেপি নিজেরা বাংলায় দুস্কৃতী ঢুকিয়ে অশান্তি বাঁধাতে চাইছে। তৃণমূল হিংসা সমর্থন করে না। আমরা গান্ধীবাদী। আমরা হিংসা-অশান্তি চাই না।''

## বাজারের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, আদানি-বিতর্কে অভয়বাণী সেবি-র

**মুম্বই, ৪ ফেব্রুয়ারিঃ** শেয়ার বাজারে অস্বাভাবিক মুদ্রা গতিবিধির উপর নজর রাখা হচ্ছে। শনিবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের বিবৃতির পরই এই দাবি জানাল সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া। গত সপ্তাহ থেকে আদানি গোষ্ঠীর শেয়ার বাজারে পতনের বিষয়টি নিয়ে তারাও উদ্বিগ্ন এবং বাজারের অস্থিরতা মোকাবিলা করে এক অখণ্ড ও স্বচ্ছ পরিকাঠামো নিশ্চিত করতে তারা বদ্ধপরিকর বলে আশ্বাস দিয়েছে সেবি। এদিন এক বিবৃতিতে সেবি জানিয়েছে, ''বাজারের অখণ্ডতা নিশ্চিত করতে এবং বাজারগুলিকে নিরবচ্ছিন্ন, স্বচ্ছ এবং দক্ষভাবে কাজ করার জন্য উপযুক্ত পরিকাঠামো বজায় রাখা নিশ্চিত করতে সেবি প্রতিশ্রুতিবদ্ধ।'' গত শুক্রবার থেকেই আদানি গোষ্ঠীর শেয়ার বাজারে ধস নেমেছে। যার প্রভাব পড়েছে দেশের অর্থনীতিতে। এপ্রসঙ্গে এদিন বিবৃতি দিয়ে সেবি জানায়, ''গত সপ্তাহে শেয়ার বাজারে অস্বাভাবিক মূল্য নিয়ন্ত্রণ লক্ষ্য করা গিয়েছে। এটা ম্যানডেট-এর অংশ। সেবি বাজারের সুশৃঙ্খল এবং দক্ষ কার্যকারিতা বজায় রাখতে চায়। শেয়ার বাজারের চরম অস্থিরতা মোকাবিলার জন্য সেবি সামগ্রিকভাবে সমস্ত নজরদারির ব্যবস্থা (এএসএম ফ্রেমওয়ার্ক সহ) করছে।'' প্রসঙ্গত, এদিনই প্রথম আদানি গোষ্ঠীর বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে মুখ খুলেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ। শেয়ার বাজারের বর্তমান শোচনীয় পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, ''নিয়ন্ত্রকরা তাদের কাজ করছেন।'' নিয়ন্ত্রক বলতে সেবি, রিজার্ভ ব্যাঙ্কের মতো সংস্থার কথা বলতে চেয়েছেন অর্থমন্ত্রী। হিন্ডেনবার্গ কাণ্ডের পর ওই দুই সংস্থার বক্তব্য স্মরণ করিয়েছেন নির্মলা। এদিন মুম্বইয়ে এর সাংবাদিক সম্মেলনে নির্মলা সীতারামণ বলেছেন, ''নিয়ন্ত্রকরা তাঁদের কাজ করেছেন। রিজার্ভ ব্যাঙ্ক গতকাল কী বলেছে তা আপনারা জানেন। এর পাশাপাশি ব্যাঙ্ক এবং এলআইসি ঋণের বিষয়টি নিয়ে বিবৃতি দিয়েছে। তাই নিয়ন্ত্রকরা বিষয়টির উপর নজর রাখছেন এবং নিজেদের কাজ করছেন।'' নিয়ন্ত্রকরা যে নিজেদের কাজের ব্যাপারে স্বাধীন সেই বিষয়টিও এ দিন উল্লেখ করেছেন নির্মলা। তিনি বলেছেন, ''নিয়ন্ত্রকরা স্বাধীন। বাজারকে প্রধান অবস্থায় নিয়ন্ত্রিত রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করছে। সেবি (সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া) বাজারের অবস্থা অক্ষত রাখছে।''

## 'পিএম পোষণ' লোগো আছে তো? মিড ডে মিল নিয়ে কেন্দ্রীয় প্রতিনিধি দলের নজরে 'লোগো'

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** গত ৩০ শে জানুয়ারি থেকেই মিড ডে মিল নিয়ে কেন্দ্রীয় প্রতিনিধি দল বিভিন্ন জেলায় জেলায় পরিদর্শন শুরু করেছে। আর সেই ১২ সদস্যর প্রতিনিধি দলের নজরে এবার পিএম পোষণ লোগো। মিড ডে মিলের রান্না যেখানে হচ্ছে, যেখানে পড়ুয়ারা খাবেন, সেখানে-সহ স্কুলের মধ্যে এই লোগো লাগানো হয়েছে নাকি তা নিয়েই বিশেষভাবে নজর দিচ্ছে কেন্দ্রীয় প্রতিনিধি দল। শুধু তাই নয়, মোট ৪৩ দফা প্রশ্নমালা নিয়ে বিভিন্ন জেলায় জেলায় ঘুরছে এই কেন্দ্রীয় প্রতিনিধি দল। যেখানে মিড ডে মিল রান্নার সময় সেই রান্নার খাবার টেস্ট করা হয় নাকি, তার জন্য কোন টেস্টিং রেজিস্টার আছে নাকি সেটাও দেখছে কেন্দ্রীয় প্রতিনিধি দল। তারই সঙ্গে শিশুদের দৈনিক স্বাস্থ্য পরীক্ষা, যে জল দিয়ে রান্না হয় সেই জলের গুণমান প্রতিনিয়ত দেখা হয় নাকি, মিড ডে মিল নিয়ে অভিযোগ জানানোর ব্যবস্থা রয়েছে নাকি, শিশুদের ওজন এবং প্রতিনিয়ত চেকআপ করা হয় নাকি, স্কুলে স্কুলে ইকো ক্লাব তৈরি হয়েছে নাকি, খাদ্যশস্যের জন্য রেজিস্টার মেনে চলা হয় নাকি, প্রতিনিয়ত পরিদর্শন করা হয় নাকি, মিড ডে মিলের জন্য আলাদা করে কোন কমিটি রয়েছে নাকি, একাধিক প্রশ্ন নিয়েই কেন্দ্রীয় প্রতিনিধি দল বিভিন্ন স্কুলে স্কুলে পরিদর্শন করছে বলেই জানা গিয়েছে। সূত্রের খবর, পরিদর্শনে বেশ কয়েকটি স্কুলের মিড ডে মিলের লোগো ব্যবহার না করা-সহ একাধিক বিষয়ে কেন্দ্রীয় প্রতিনিধি দলের নজরে এসেছে। যার পরেই বিশেষভাবে সতর্ক হয়েছে রাজ্যকে। বিভিন্ন জেলায় জেলায় স্কুলগুলিকেও এই বিষয় নিয়ে সতর্ক করা হয়েছে বলেই জানা গিয়েছে। উত্তরবঙ্গের একাধিক জেলায় পরিদর্শনের পাশাপাশি ইতিমধ্যেই দক্ষিণবঙ্গেরও কয়েকটি জেলায় পরিদর্শন করেছে এই কেন্দ্রীয় প্রতিনিধি দল। ন'বছর বাদে জয়েন্ট রিভিউ মিশনের অধীনে এই প্রতিনিধি দল রাজ্যে এসেছে মিড ডে মিল নিয়ে পরিদর্শনের জন্য।

## 'দলের সদস্যদের জন্য নয়, সাধারণ মানুষের জন্য টাকাটা', আবাসের বরাদ্দ নিয়ে খোঁচা স্মৃতি ইরানির

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** গত কয়েকদিনে আবাস যোজনা প্রকল্প নিয়ে নানা অভিযোগে বিদ্ধ বাংলা। জেলায় জেলায় কেন্দ্রীয় দল এসেছে। একাধিক গরমিলেরও খোঁজ পাওয়া গিয়েছে বলেই সূত্রের দাবি। এবার আবাস প্রকল্পের টাকা নিয়ে তৃণমূলকে বিঁধলেন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি। কেন্দ্র এবারের বাজেটে প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে বরাদ্দ বাড়িয়েছে। শনিবার কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে স্মৃতি ইরানি বলেন, ''প্রধানমন্ত্রী আবাস যোজনায় দেশের জন্য ৬৬ শতাংশ বরাদ্দ বেড়েছে। রাজ্য সরকার তা যেন সাধারণ মানুষের জন্যই খরচ করেন, নিজের দলের সদস্যদের জন্য যেন খরচ না করেন।'' ২০১৫ সালে প্রধানমন্ত্রী আবাস যোজনার সূচনা করেন ভারত সরকার। লক্ষ্য একটাই, প্রত্যেক শ্রেণির মানুষেরই মাথার উপর যেন ছাদ থাকে। ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে এই প্রকল্প বাস্তবায়ন করতে চায় কেন্দ্র। গরীব মানুষকে ঘর দিতে দরাজ মোদি সরকার। ২০২৩-২৪ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে বরাদ্দ বেড়েছে ৬৬ শতাংশ। বরাদ্দ বেড়ে হয়েছে ৭৯ হাজার কোটি টাকা। এরপরই বাংলায় এসে স্মৃতি ইরানির এই মন্তব্য নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। এদিন কেন্দ্রীয় বরাদ্দ নিয়ে রাজ্যের অভিযোগ খারিজ করলেন স্মৃতি ইরানি। পাল্টা স্মৃতি ইরানির দাবি, টাকা দেওয়া হলেও সে টাকা খরচই করে না রাজ্য। স্মৃতি ইরানি জানান, নারী ও শিশু কল্যাণে কেন্দ্রের বরাদ্দ টাকা অব্যবহৃত। তা খরচই করেনি রাজ্য। স্মৃতি ইরানি বলেন,

''পশ্চিমবাংলায় আমার মন্ত্রকেরই ২৬ হাজার লাখ টাকা পড়ে আছে। মহিলা ও বাচ্চাদের জন্য মোদি সরকার যে টাকা পাঠাচ্ছে, তা কেন বাংলার সরকার খরচ করছে না তার জবাব তাদের দিতে হবে।'' একইসঙ্গে প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা প্রকল্প, আইসিডিএসের বিষয়েও রাজ্যকে তোপ দাগেন কেন্দ্রীয় মন্ত্রী। বলেন, ''তৃণমূল নেতারা কিছু বলার আগে একটু নিজেদের কাগজটা পরীক্ষা করে দেখে নিক।'' স্মৃতি ইরানি বলেন, ''প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা প্রকল্পের টাকা এ রাজ্যের সরকার নিজেদের প্রকল্পে খরচ করছিল। আমরা লিখিতভাবে জানতে চাই, কেন প্রকল্পের আইন ভাঙা হচ্ছে। এ রাজ্যের সরকার আমাদের ২০২২ সালে লিখিত দিয়েছে, ওরা আর আইন ভাঙবে না। গাইডলাইন মানবে। প্রধানমন্ত্রী মাতৃ বন্দনার টাকা প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা হিসাবেই খরচ হবে। আইসিডিএস, অঙ্গনওয়াড়ির যত টাকা ভারত সরকার পোষণ প্রকল্পে দিচ্ছে। এটাও লিখিত দেওয়া হয়েছে, এই গাইডলাইন মেনেই চালাবে।'' স্মৃতি ইরানি এদিন জানান, রেলের খাতেও কেন্দ্র শুধু বাংলার জন্য ২০২৩-২৪ অর্থবর্ষের বাজেটে ১১ হাজার ৯০০ কোটি টাকা দিয়েছে। যদিও তৃণমূল সাংসদ সৌগত রায় বলেন, ''আবাস যোজনার একটা নির্দিষ্ট নিয়ম আছে। সার্ভে হয়েছিল ২০১৮ সালে। যাদের বাড়ি নেই, তাদের বাড়ির জন্য টাকা দেওয়ার বিষয় এটা। পশ্চিমবাংলায় তো সেগুলো ভালভাবেই রূপায়িত হচ্ছে। এসব না জেনে কথা বলে লাভ নেই।'' শাসকদলের সদস্য না হলে আবাস যোজনার তালিকা থেকে নাম বাদ পড়ছে বলে অভিযোগ রয়েছে এ রাজ্যে। এমনও অভিযোগ, শাসকদলের পঞ্চায়েত সদস্যর বাড়ির একাধিক সদস্যর নাম থাকছে তালিকায়, অথচ বাদ গিয়েছেন যথার্থ বাড়ির দাবিদার যাঁরা। রাজ্যে ঘুরে গিয়েছে কেন্দ্রীয় আধিকারিকদের দলও। রাজ্যে আবাস যোজনার আওতায় ১১ লক্ষ ৩৪ হাজার ৪৮৮টি বাড়ি তৈরির জন্য অনুমোদন দেওয়ার কথা ছিল। সূত্রের খবর, ৩১ জানুয়ারির মধ্যে তার মধ্যে ১১ লক্ষের বেশি বাড়ির অনুমোদন দেওয়া হয়েছে। আবাস তালিকার ক্ষেত্রে এর আগে কেন্দ্র ৩১ ডিসেম্বর ডেডলাইন দিয়েছিল। পরে তা বাড়ানো হয়। অন্যদিকে সম্প্রতি কেন্দ্রকে একটি চিঠি পাঠায় রাজ্য। সেখানে বলা হয়, কেন্দ্রের তরফে প্রয়োজনীয় অর্থ না দেওয়া হলে ৩১ মার্চের মধ্যে আবাস যোজনার কাজ শেষ করা যাবে না।

## আবারও খোঁজ মিলল চিনা স্পাই বেলুনের, এবার লাতিন আমেরিকায়

ওয়াশিংটন, ৪ ফেব্রুয়ারি ঃ আবারও খোঁজ মিলল চিনা স্পাই বেলুনের! মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ-র তরফে জানানো হয়েছে, লাতিন আমেরিকার কোনও অংশে এই স্পাই বেলুনেটির খোঁজ পাওয়া গিয়েছে। যদিও মহাদেশের নির্দিষ্ট কোন অংশে এটির খোঁজ মিলেছে তা স্পষ্ট করেনি পেন্টাগন। ইতিপূর্বে আমেরিকার মন্টানা এয়ারবেসের কাছে আকাশে উড়তে দেখা গিয়েছিল এমনই এক রহস্যজনক বেলুন। যেটিকে ভুলবশত আমেরিকায় চলে যাওয়া এয়ারশিপ বলে দাবি করেছিল চীন। সেই সাফাইকে গুরুত্ব দেয়নি আমেরিকা। তাদের অভিযোগ, আমেরিকার উপর নজরদারি চালানোর উদ্দেশ্যেই ওই স্পাই বেলুন পাঠিয়েছিল বেজিং। সাধারণ মানুষের প্রাণহানির ভয়ে সেই বেলুনটিকে গুলি করে নামানো হয়নি বলে জানিয়েছিল মার্কিন প্রশাসন। তবে আবারও একইরকম স্পাই বেলুন দেখা দেওয়ার অভিযোগে আমেরিকা ও চিনের মধ্যে নতুন করে চাপানউতোর শুরু হয়েছে। নজরদারির অভিযোগ সরাসরি নাকোচ করেছে বেজিং। তবে নিজেদের অবস্থানে অন। আমেরিকা। এমনকি স্পাই বেলুনের জেরে মার্কিন সচিব অ্যান্থনি ব্লিঙ্কেন নিজের বেজিং সফর বাতিল করেছেন।

## ঘন কুয়াশা ও দূষণ থেকে নিস্তার নেই দিল্লির, দৃশ্যমানতার অভাবে ৯টি ট্রেন চলল দেরিতে

নয়াদিল্লি, ৪ ফেব্রয়ারি ঃঘন কুয়াশা থেকে রেহাই পাচ্ছেই না রাজধানী দিল্লি, ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতার অভাবে শনিবারও দেরিতে চলল একাধিক ট্রেন। কুয়াশার পাশাপাশি দূষণও পিছু ছা।ছে না। শনিবার উত্তর ভারত অঞ্চলে ৯টি ট্রেন দেরিতে চলাচল করেছে, দেরিতে পৌঁছেছে গন্তব্যে। এই ৯টি ট্রেনের মধ্যে রয়েছে দ্বারভাঙা-নতুন দিল্লি ক্লোন এক্সপ্রেস, বারাউনি-নতুন দিল্লি ক্লোন এক্সপ্রেস, রায়গা।-হজরত নিজামুদ্দিন গোন্ডওয়ানা এক্সপ্রেস, রাক্সাউল-আনন্দ বিহার টার্মিনাল এক্সপ্রেস প্রভৃতি।কুয়াশার মধ্যেও শীতের দাপট বেশ ভালোই রয়েছে দিল্লিতে। শনিবার সকালে দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯ ডিগ্রি সেলসিয়াস। দিল্লির পাশাপাশি রাজধানী লাগোয়া হরিয়ানা ও পঞ্জাবেও জাঁকিয়ে ঠান্ডা ছিল এদিন সকালে। শীতের দাপট ছিল উত্তর প্রদেশ ও বিহারেও। দিল্লি এদিনও ছিল বায়ুদূষণের কবলে, রাজধানীতে এদিন সকালে এয়ার কোয়ালিটি ইন্ডেক্স ছিল ২৩৩। সকাল ৮.৩০ মিনিট নাগাদ দিল্লিতে আপেক্ষিক আর্দ্রতা ছিল ৮১ শতাংশ বলে মনে হয়।

## শনিবারও অপরিবর্তিত জ্বালানির দাম রয়েছে

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। তবুও আজ শনিবার দেশে পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল রয়েছে। অপরিশোধিত তেল রফতানি ও ডলারের কারণে প্রতি ব্যারেল ৯৬ ডলারের চেয়ে সামান্য কম। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলে টানা প্রায় দশমাস ধরে অপরিবর্তিত থাকল জ্বালানির দাম।শনিবার ইন্ডিযান অযেল্ কর্পোরেশন এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে।মুম্বইতে এক লিটার পেট্রোল পাওযা যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে।প্রসঙ্গত, গত ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

## তামিলনাড়ুর একাধিক জেলায় প্রবল বৃষ্টিপাত

চেন্নাই, ৪ ফেব্রুয়ারি ঃ দেশের বিভিন্ন অংশ যখন প্রবল ঠাণ্ডায় কাঁপছে, কোথাও কোথাও হাড় হিম করা শীত। এই সময়ে প্রবল বৃষ্টিপাতের কারণে তামিলনাড়ুর বিস্তীর্ণ এলাকায় ব্যাতিব্যস্ত জনজীবন। আচমকা এই অকাল বর্ষণের কারণে রাজ্যের ১১টি জেলায় জারি হয়েছে হলুদ সতর্কতা। তাঞ্জাভুর, থিরুভারুর ও

## "ভারতের উন্নয়ন যাত্রায় চালিকাশক্তি হল যুব সম্প্রদায়"

নয়াদিল্লি,৪ফেব্রুয়ারিঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির কারিয়াপ্পা ময়দানে বার্ষিক এনসিসি পিএম র‍্যালিতে ভাষণ দিয়েছেন। এ বছর জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী (এনসিসি)-র ৭৫তম বর্ষপূর্তি। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এনসিসি-র সাফল্যের ৭৫ বছরকে স্মরণ করে ৭৫ টাকার একটি স্মারক মুদ্রা এবং স্মারক ডাকটিকিট প্রকাশ করেছেন। তাঁর হাতে ' শিখা' তুলে দেওয়া হয়। এই শিখা কন্যাকুমারী থেকে দিল্লিতে নিয়ে আসা হয়েছে। কারিয়াপ্পা ময়দানে র‍্যালিটি দিনে এবং রাতে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে ' ভারত শ্রেষ্ঠ ভারত' ভাবনায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ' কুটুম্বকম'-এর ঐতিহ্যে ১৯টি দেশের ১৯৬ জন আধিকারিক ও শিক্ষার্থীকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়।প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেন, এ বছর ভারত এবং এনসিসি উভয়েই ৭৫তম বর্ষপূর্তি উদযাপন করছে। দেশ গ।ার কাজে এনসিসি-র ভূমিকার প্রশংসা করে শ্রী মোদী বলেন, আপনারা এনসিসি ক্যাডেট এবং দেশের যুব সম্প্রদায় যাঁরা মূলত ' প্রজন্ম'-এর প্রতিনিধি তাঁরা বিকশিত ও আত্মনির্ভর ভারত গড়ে তুলবেন। তিনি ' শিখা' নিয়ে আসার জন্য ক্যাডেটদের প্রশংসা করেছেন। এইসব ক্যাডেটরা ৬০ দিন ধরে দৈনিক ৫০ কিলোমিটার পথ পাড়ি দিয়ে কন্যাকুমারী থেকে দিল্লিতে শিখাটি নিয়ে এসেছেন। অনুষ্ঠানে ' ভারত শ্রেষ্ঠ ভারত'-এর ভাবনায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে এনসিসি ক্যাডেটদের অংশগ্রহণের বিষয়টি উল্লেখ করে শ্রী মোদী বলেন, এবারই প্রথম ' পথ'-এ এই কুচকাওয়াজ অনুষ্ঠিত হল। তিনি এনসিসি ক্যাডেটদের জাতীয় যুদ্ধ স্মারক, পুলিশ সৌধ, লালকেল্লায় নেতাজী সুভাষ চঃদ্র বসু সংগ্রহশালা, প্রধানমন্ত্রী সংগ্রহালয়, সর্দার প্যাটেল সংগ্রহালয় এবং বি আর আম্বেদকর সংগ্রহালয় ঘুরে দেখার পরামর্শ দেন। এর মধ্য দিয়ে তাঁরা তাঁদের জীবনে চলার পথে অনুপ্রাণিত হবেন। প্রধানমন্ত্রী বলেন, দেশের যুব সম্প্রদায়ই দেশকে চালনা করার মূল শক্তি। যখন স্বপ্ন সঙ্কল্পে পরিণত হয় এবং সেই স্বপ্ন পূরণে জীবন উৎসর্গ করা হয় তখন সাফল্য নিশ্চিত। ভারতের যুব সম্প্রদায়ের জন্য নতুন নতুন সুযোগের এটিই সময়। এখন সময় ভারতের। সারা বিশ্ব আজ ভারতের দিকে তাকিয়ে। এর মূল কারণ এ দেশের যুবশক্তি। ভারতের সভাপতিত্বে জি-২০ গোষ্ঠীর প্রতি যুব সম্প্রদায়ের উৎসাহের দিকটিও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।যে দেশ যুব সম্প্রদায়ের শক্তি ও উদ্দীপনায় ভরপুর সেই দেশ যুব সম্প্রদায়কেই অগ্রাধিকার দিয়ে থাকে বলে শ্রী মোদী জানান। সরকার যুব সম্প্রদায়ের স্বপ্ন পূরণের জন্য তাদের বিশেষ মঞ্চের ব্যবস্থা করছে। আজ ডিজিটাল বিপ্লব, স্টার্ট-আপ বিপ্লব অথবা উদ্ভাবন বিপ্লব - বিভিন্ন ক্ষেত্রকে যুব সম্প্রদায়ের জন্য উন্মুক্ত করা হচ্ছে। শ্রী মোদী বলেন, অতীতে রাইফেল এবং বুলেট প্রুফ জ্যাকেট আমদানি করতে হত। কিন্তু, প্রতিরক্ষা ক্ষেত্রের সংস্কারের ফলে আজ ভারতে নানা ধরণের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদিত হচ্ছে। সীমান্ত অঞ্চলে বর্তমানে পরিকাঠামো উন্নয়নের কাজ দ্রুত হারে এগিয়ে চলেছে। এর ফলে দেশের যুব সম্প্রদায়ের কাছে নতুন নতুন সুযোগ তৈরি হচ্ছে।যুব সম্প্রদায়ের প্রতি আস্থা প্রকাশের ফলে যে ইতিবাচক পরিস্থিতি গড়ে উঠেছে, সে প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী ভারতের মহাকাশ ক্ষেত্রের উদাহরণ তুলে ধরেন। বর্তমানে মহাকাশ ক্ষেত্রকে উন্মুক্ত করে দেওয়ার ফলে বেসরকারি উপগ্রহ উৎক্ষেপণের মতো গুরুত্বপূর্ণ উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে যা আসলে দেশের যুবশক্তির প্রতিভাকে কাজে লাগানোর ফসল। আজ গেম এবং অ্যানিমেশন, ড্রোন প্রযুক্তির হাত ধরে বিনোদন ও কৃষিক্ষেত্রে পণ্য পরিবহণের মতো নতুন নতুন সুযোগ তৈরি হয়েছে।প্রতিরক্ষা বাহিনী এবং সংস্থাগুলিতে দেশের যুব সম্প্রদায়ের যুক্ত হওয়ার আকাঙ্ক্ষার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে দেশের মেয়েদের জন্য প্রতিরক্ষা বাহিনী এবং সংস্থাগুলিতে প্রচুর কাজের সুযোগ তৈরি হয়েছে। গত আট বছরে পুলিশ এবং আধা-সামরিক বাহিনীতে মহিলা সদস্যের সংখ্যা দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। আজ সশস্ত্র বাহিনীর তিনটি শাখাতেই মহিলাদের দৃপ্ত পদচারণা লক্ষ্য করা যাচ্ছে। নৌ-বাহিনীতে নাবিক হিসেবে এবং সশস্ত্র বাহিনীর কমব্যাট ফোর্সে মহিলারা এই প্রথম যোগ দিয়েছেন। এছাড়াও, তাঁরা পুণের এনডিএ-তে প্রশিক্ষণ নিচ্ছেন। এই প্রথম সৈনিক স্কুলগুলিতে মেয়েদের পড়ার সুযোগ তৈরি হয়েছে। ফলস্বরূপ, এইসব স্কুলে ১,৫০০ জন ছাত্রী ভর্তি হয়েছে। গত এক দশকে এনসিসি-তে মহিলাদের অংশগ্রহণ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।যুবশক্তির ক্ষমতার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে দেশের সীমান্তবর্তী অঞ্চল ও উপকূলীয় অঞ্চল থেকে ১ লক্ষের বেশি ক্যাডেট যোগ দিয়েছেন। দেশ গড়ার কাজে বিপুল সংখ্যক যুবক-যুবতী এগিয়ে আসলে নির্ধারিত লক্ষ্য সহজেই পূরণ হবে। শ্রী মোদী আশা প্রকাশ করেন যে ক্যাডেটদের ব্যক্তিত্ব এবং প্রতিষ্ঠানের প্রভাবে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে। স্বাধীনতা আন্দোলনের সময় দেশের জন্য অনেকে আত্মোসর্গ করেছিলেন। আজ দেশের যুব সম্প্রদায় দেশকে নতুন উচ্চতায় নিয়ে যেতে উদ্যোগী হয়েছে।মানুষের মধ্যে ভেদাভেদ তৈরি করার যে কোনও উদ্যোগের বিষয়ে প্রধানমন্ত্রী সতর্ক করে দিয়ে বলেন, এই ধরনের উদ্যোগগুলি কখনই ভারতের জনসাধারণের মধ্যে বিভেদ গড়ে তুলতে পারে না। একতার মন্ত্রই একমাত্র পথ যা ভারতের শক্তি। এর মধ্য দিয়েই ভারতের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়।তাঁর ভাষণের শেষে প্রধানমন্ত্রী বলেন, এই সময়কালটি শুধু ভারতের অমৃতকালই নয়, এটি ভারতের যুব সম্প্রদায়েরও অমৃতকাল। দেশ যখন স্বাধীনতার শতবর্ষ উদযাপন করবে তখন যুব সম্প্রদায়ও তাদের সাফল্য উদযাপন করবে। আমাদের কোনও সুযোগ হাতছাড়া করা উচি নয়, ভারতকে নতুন উচ্চতায় এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সব ধরনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং, এনসিসি-র মহানির্দেশক লেঃ জেনারেল গুরবীরপাল সিং, চিফ অফ ডিফেন্স স্টাফ লেঃ জেনারেল অনিল চৌহান, সেনাবাহিনীর প্রধান জেনারেল মনোজ পাণ্ডে, নৌ-বাহিনীর প্রধান অ্যাডমিরাল আর হরিকুমার, বিমানবাহিনীর প্রধান এবং প্রতিরক্ষা সচিব শ্রী গিরিধর আর্মানে উপস্থিত ছিলেন।

## ত্রিপুরা বিধানসভা নির্বাচনে গেরুয়া প্রচারে সুনামি আছড়ে পড়তে চলেছে, আসছেন প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী

আগরতলা, ৪ ফেব্রুয়ারি ঃ ত্রিপুরা বিধানসভা নির্বাচনে গেরুয়া প্রচারে সুনামি আছড়ে পড়তে চলেছে। দুই দফায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং প্রধানমন্ত্রী ত্রিপুরায় প্রচারে নির্বাচনের উন্মাদনা চরমে তুলতে আসছেন। আগামী ৬ ফেব্রুয়ারি স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং ১১ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরায় পা রাখবেন। শুধু তা-ই নয়, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও বিধানসভা নির্বাচনের প্রচারে ত্রিপুরায় আসছেন।বিজেপি সূত্রের খবর, আগামী ৬ ফেব্রুয়ারি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যের দুটি স্থানে নির্বাচনী জনসভায় অংশ নেবেন। দক্ষিণ ত্রিপুরা জেলার শান্তিরবাজার এবং খোয়াই জেলা সদরে তিনি প্রচারে

ঝড় তুলবেন। ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আজ ওই দুই স্থানে প্রস্তুতি পরিদর্শনে যাবেন। সূত্রের দাবি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ১২ ফেব্রুয়ারি পুনরায় ত্রিপুরায় এসে নির্বাচনী জনসভায় অংশ নেবেন।এদিকে, আগামী ১১ ফেব্রুয়ারি রাজ্যের দুই স্থানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী জনসভায় ভাষণ দেবেন। ওইদিন তিনি ধলাই জেলা সদর আমবাসা এবং গোমতী জেলা সদর উদয়পুরে নির্বাচনী প্রচার চালাবেন। সূত্রের খবর, আগামী ১৩ ফেব্রুয়ারি পুনরায় প্রধানমন্ত্রী ত্রিপুরায় আসবেন। এদিন তিনি আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে কেন্দ্রীয় সমাবেশে অংশ নেবেন। সূত্রের দাবি, বিশেষ কারণে সূচি পরিবর্তন না হলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর ত্রিপুরা সফর ঘিরে প্রদেশ বিজেপি-তে জোর ব্যস্ততা চলছে।এদিকে, আগামী ৭ ফেব্রুয়ারি ত্রিপুরায় নির্বাচনী প্রচারে আসছেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তিনি দুদিন ত্রিপুরায় প্রচারে ঝড় তুলবেন বলে স্থির হয়েছে। তাছাড়া, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা পুনরায় ৯ ফেব্রুয়ারি ত্রিপুরায় আসবেন, এমনটাই সম্ভাবনা রয়েছে। সে অনুযায়ী প্রদেশ বিজেপি যাবতীয় প্রস্তুতি নিচ্ছে বলে দলীয় সূত্রের খবর।

## তোমার জায়গা তোমাকে নিজেকেই তৈরি করতে হবে। অনুর্ধ-১৯ বিশ্বকাপ জয়ী ঋষিতাকে পরামর্শ ক্রিকেটার অশোক দিন্দার

নিজস্বপ্রতিবেতন,হাওড়াঃতোমার জায়গা তোমাকে নিজেকেই তৈরি করতে হবে। অনুর্ধ-১৯, টি-২০ বিশ্বকাপ জয়ী ঋষিতা বসু'কে শুক্রবার এমনই পরামর্শ দিলেন প্রাক্তন ক্রিকেটার অশোক দিন্দা। তিনি বলেন, কেউ সাহায্য করবে না। যেখানে পৌঁছানোর প্রয়োজন তোমাকে নিজেকেই পৌঁছাতে হবে। এটাই বাস্তব। নিজের দমে পরিবারের সাহায্যে এগিয়ে যেতে হবে। সিনিয়র প্লেয়াররাই তোমায় মেন্টালি স্ট্রং করবে। সবরকম সাপোর্ট দেবে। তবে, কেন্দ্র সাহায্য করে কি তোমায় ইন্ডিয়া টিমে সুযোগ করে দেবে ? না। ইউ হ্যাভ টু পারফরম্যান্স। বাংলার হয়ে খেলে তোমাকেই পারফরম্যান্স করতে হবে। তারপর ইন্ডিয়ার হয়ে খেলার সুযোগ আসবে। একটাই প্লাস তোমরা পয়েন্ট আন্ডার নাইন্টিন ওয়ার্ল্ড কাপ জিতে আছ। বাংলার হয়ে ভালো খেললে সহজেই দেশের হয়ে খেলার সুযোগ পেতে পারবে। বিশ্বকাপ জয়ী হৃষিতাকে এমনই পরামর্শ অশোক দিন্দার। গত শুক্রবার অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জয়ী দলের সদস্যা হৃষিতা বসুর বাড়িতে আসেন প্রাক্তন ক্রিকেটার ও অধুনা বিজেপির ময়না বিধানসভার বিধায়ক অশোক দিন্দা। তিনি হাওড়া বালিটিকুরির বিবেকানন্দ পল্লীর বাড়িতে আসেন। হৃষিতার পরিবার ও তাঁর সঙ্গেও দেখা করেন। হৃষিতাকে তিনি মাটিতে পা রেখে চলার পরামর্শ দেন। তিনি বলেন অনূর্ধ্ব -১৯ বিশ্বকাপ জয়টাকে অতীত ভেবে নতুন করে আবার শুরু করতে হবে। বাংলার রঞ্জি ট্রফিতে ভালো ফল করতে হবে। পাশাপাশি সিনিয়র জাতীয় দলে ঢুকে বিশ্বকাপ জয় করতে হবে হৃষিতাকে। সামনে অনেকটা রাস্তা তাঁকে এগোতে হবে। আর এর জন্য নিজেকেই প্রস্তুত করতে হবে। এতদিন যেভাবে পরিবারের সাহায্য এবং প্রতিবেশীদের সাহায্য নিয়ে এই জায়গাতে এসে পৌঁছেছে সে সেভাবেই আবার নতুন করে এগোতে হবে। তিনি হৃষিতাকে সাবধান করে বলেন অনেকেই দেখা যায় অনূর্ধ্ব-১৯ এর পরে হারিয়ে যায়। তবে হৃষিতার গুণ আছে। তাতে আগামীদিনে মাটিতে পা রেখে তাঁকে এগিয়ে যেতে হবে। অশোক দিন্দা বলেন, জীবনে লড়াই করে একটা জায়গাতে এসে পৌঁছালে তখন অনেকের সাহায্য পাওয়া যায়। তাঁর আগে একার পরিশ্রমেই তাঁকে সেই জায়গাতে পৌঁছতে হবে। এর জন্য এখনকার সংবর্ধনা, বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর সঙ্গে দেখা করতে আসছে এগুলোকে ভুলে গিয়ে নতুন করে আবার শুরু করতে হবে। অন্যদিকে, এদিনই হৃষিতা বসুকে অভিনন্দন জানাতে তার বালিটিকুরির বাড়িতে যান হাওড়া পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী। তিনিও ঋষিতাকে অভিনন্দন জানান।

## লোকসভার স্পিকার বিড়লার সঙ্গে দেখা করেছে দক্ষিণ আফ্রিকার প্রতিনিধি দল

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ দক্ষিণ আফ্রিকার পার্লামেন্টের পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান মাখুলেকো হালেঙ্গুয়ার নেতৃত্বে একটি সংসদীয় প্রতিনিধিদল গত শুক্রবার সংসদ ভবন কমপ্লেক্সে লোকসভার স্পিকার ওম বিড়লার সঙ্গে সাক্ষাৎ করেন। এই সময় সংসদীয় কূটনীতি, জি২০ গ্রুপের ভারতের সভাপতিত্ব, সংসদীয় কার্যকারিতা এবং কমিটি ব্যবস্থার মতো বিষয়গুলি লোকসভার স্পিকার এবং প্রতিনিধি দলের মধ্যে আলোচনা করা হয়।আলোচনার সময় বিড়লা বলেন, ভারতের পাবলিক অ্যাকাউন্টস কমিটি হল সংসদের প্রাচীনতম আর্থিক কমিটি। যা ১০২ বছর আগে ১৯২১ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। ২০২১ সালে ভারতীয় সংসদে পাবলিক অ্যাকাউন্টস কমিটির শতবর্ষ বর্ষ উদযাপন করা হয়েছিল। বিড়লা বলেন, সংসদীয় কমিটিগুলি কার্যনির্বাহী বিভাগের জবাব নিশ্চিত করে সংসদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। তিনি আরও বলেন, আর্থিক নিয়ন্ত্রণ হল কার্যকর উপায়গুলির মধ্যে আইনসভা কার্যনির্বাহী বিভাগের উপর নজর রাখে এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটির এই কাজে অগ্রণী ভূমিকা রয়েছে।বিড়লা এই প্রসঙ্গে আরও বলেন, সরকারের আর্থিক অবস্থা নিশ্চিত করার পাশাপাশি পাবলিক অ্যাকাউন্টস কমিটি অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের দিকে নীতি প্রণয়নে সরকারকে গাইড করে।

## সেইল-এর রেকর্ড উৎপাদন, এই সাফল্যকে উৎসাহব্যাঞ্জক আখ্যা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড (সেইল) জানুয়ারি মাসে হট মেটাল, ক্রুড স্টিল এবং বিক্রয়যোগ্য স্টিলের উৎপাদনে সর্বোচ্চ রেকর্ড গড়েছে। এই রেকর্ড উপাদনে খুশি প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক টুইট বার্তায় এই জন্য স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেডকে অভিনন্দন জানান। তিনি লেখেন, ভারতের আত্মনির্ভর হওয়ায়, অত্যন্ত গুরুত্বপূর্ণ এই ক্ষেত্রের সাফল্য অত্যন্ত উৎসাহব্যাঞ্জক।

## সংক্রমণ বৃদ্ধি পেয়ে ১২৮, কেরলে মৃত্যু ৪ জনের, সামান্য বাড়ল সক্রিয় রোগীর সংখ্যা

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ ভারতে করোনাভাইরাসের দৈনিক সংক্রমণ ফের ১০০-র গন্ডি ছাড়িয়ে গিয়েছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১২৮ জন, এই সময়ে কেরলে মৃত্যু হয়েছে ৪ জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১২৮ জন, নতুন করে ৪ জনের মৃত্যুর পর ভারতে করোনায় মোট মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৭৪৫-এ পৌঁছেছে।দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১ হাজার ৭৯২-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫০,৭১৩ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ।এদিকে, দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১ লক্ষ ৬৫ হাজার ৭৬৯ জন প্রাপক, ফলে ভারতে শনিবার সকাল আটটা পর্যন্ত মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৫৬,০৯,০৫১। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩ ফেব্রুয়ারি সারা দিনে ভারতে ১,৪২,০৬৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## ৬ ফেব্রুয়ারি কর্ণাটকে সফর প্রধানমন্ত্রীর, দক্ষিণের এই রাজ্যে রয়েছে একগুচ্ছ কর্মসূচি

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৬ ফেব্রুয়ারি, সোমবার কর্ণাটক সফরে যাবেন। ওই দিন বেঙ্গালুরু আন্তর্জাতিক প্রদর্শনী কেন্দ্রে ' ভারত শক্তি সপ্তাহের' সূচনা করবেন তিনি। এই কর্মসূচির অধীনে শক্তি নিরাপত্তা বিষয়ে প্রদর্শনী ও সম্মেলনের আয়োজন করা হবে। শক্তির রূপান্তর, স্থায়িত্ব, নিরাপত্তা ও প্রযুক্তির ব্যবহার নিয়ে এখানে আলোচনা হবে। ৫০টির বেশি দেশের প্রতিনিধি এতে অংশ নেবেন।এরপর প্রধানমন্ত্রী তুমকুরু জেলার গুব্বি তালুকের বিদারাহাল্লি কাভালে, হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেডের একটি হেলিকপ্টার উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করবেন। চিক্কা নায়কানা হলি ও টিপটুরে জলজীবন মিশন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনেরও কর্মসূচি রয়েছে তাঁর।

## শ্রীলঙ্কাকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জয়শঙ্করের, অনুষ্ঠানে যোগ দিতে কলম্বোতে মুরলীধরণ

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারিঃশ্রীলঙ্কার ৭৫ তম স্বাধীনতা দিবসে ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, সেদেশের বিদেশমন্ত্রী আলি সাবরি, সরকার এবং সেদেশের নাগরিকদের অভিনন্দন জানিয়েছেন।এক বার্তায় ডঃ জয়শঙ্কর বলেছেন, প্রতিবেশী প্রথম নীতি মেনে ভারত সব সময়ই প্রতিবেশী এই দ্বীপরাষ্ট্রের বিশ্বাসযোগ্য সহযোগী এবং নির্ভরযোগ্য বন্ধু হিসেবে পাশে থাকবে।শ্রীলঙ্কার ৭৫ তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে যোগ দিতে কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী ভি মুরলিধরন গতরাতেই কলোম্বোয় পৌঁছন। তাঁকে স্বাগত জানান সে দেশের বিদেশমন্ত্রী।উল্লেখ্য, শ্রীলঙ্কার স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হবে রবিবার সকাল সাড়ে ৮ টায় কলম্বোর গালে ফেস গ্রিন-এ। সফরকালে শ্রীমুরলিধরন, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি ও বিদেশ মন্ত্রির সঙ্গেও বৈঠক

## প্রধানমন্ত্রীর নতুন ভারত গঠনের অঙ্গীকার বাজেটের সপ্তর্ষি-তে প্রতিফলিত হয়েছেঃস্মৃতি ইরানি

কলকাতা, ৪ ফেব্রুয়ারি ঃকেন্দ্রীয় বাজেটের ভূয়সী প্রশংসা করলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেত্রী স্মৃতি ইরানি। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নতুন ভারত গঠনের অঙ্গীকার কেন্দ্রীয় বাজেটের সপ্তর্ষি-তে প্রতিফলিত হয়েছে।শনিবার সকালে কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি বলেছেন, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির রেজোলিউশন, বর্ধিত পরিকাঠামো ব্যয়, মোদী সরকার বাজেটের মাধ্যমে দেশের ভবিষ্যতের বিনিয়োগ হিসাবে সামাজিক বিনিয়োগ পুনঃপ্রতিষ্ঠিত করেছে।

## কর্ণাটক বিধানসভা নির্বাচনের প্রচারের দায়িত্বে ধর্মেন্দ্র প্রধান, সহকারি প্রচারক কে আন্নামালাই

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ কর্ণাটক বিধানসভা নির্বাচনে বিজেপির হয়ে প্রচারের জন্যে দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধানকে নিযুক্ত করেছেন। ধর্মেন্দ্র প্রধানকে দেওয়া হয়েছে প্রচারের গুরুদায়িত্ব। সহকারি প্রচারক থাকছেন তামিলনাড়ুর বিজেপির রাজ্য সভাপতি কে আন্নামালাই।অন্যদিকে, ডি আর থাপাকে সিকিমে বিজেপির রাজ্য সভাপতি নিযুক্ত করা হয়েছে, দলের বিধায়ক এন কে সুব্বাকে সিকিম বিধানসভার দলনেতা করা হয়েছে এবং বিধায়ক ডিটি লেপচাকে জাতীয় কার্যনির্বাহী কমিটির বিশেষ আমন্ত্রিত হিসাবে নিযুক্ত করা হয়েছে।

## গুজরাটের আমরেলিতে ৩.২ তীব্রতার ভূমিকম্প

আহমেদাবাদ, ৪ ফেব্রুয়ারি ঃ মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল গুজরাটের আমরেলি। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.২। ভূমিকম্পের তীব্রতা অপেক্ষাকৃত কম ছিল, তাই হতাহতের কোনও খবর পাওয়া যায়নি।গান্ধীনগরের ভূমিকম্প গবেষণা কেন্দ্র জানিয়েছে, শনিবার সকাল ৭.৫১ মিনিট নাগাদ ৩.২ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয় গুজরাটের সৌরাষ্ট্র অঞ্চলের আমরেলিতে। ভূমিকম্পের উপকেন্দ্র ছিল আমরেলি শহর

## 'গঙ্গা বিলাস' ভারতের সঙ্গে বন্ধুত্ব আরও রঙিন করবে, আশা বাংলাদেশের মন্ত্রীর

মোংলা (বাগেরহাট), ৪ ফেব্রুয়ারিঃবাংলাদেশ- ভারতের সম্পর্ক মহান মুক্তিযুদ্ধে সময়ে রক্ত দিয়ে তৈরি। ৫০ বছর ধরে এ সম্পর্ক বিদ্যমান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়ে এ সম্পর্ক অন্যরকম উচ্চতায় চলে গেছে। শনিবার নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি এ কথা বলেন।নৌপরিবহন প্রতিমন্ত্রী বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেশ কয়েকবার বাংলাদেশে এসেছেন। করোনা মহামরীর সময়েও তিনি বাংলাদেশে এসেছেন। বাংলাদেশ ভারতের মধ্যে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে ভাল সম্পর্ক রয়েছে। গঙ্গা বিলাসের এ সফরের মধ্য দিয়ে তা পশ্চিমা দেশে পৌঁছে গেছে। তাদের মাধ্যমে সমগ্র পৃথিবীতে চলে গেছে। সর্বক্ষেত্রে অন্যরকম উচ্চতায় উঠেছে।গঙ্গা বিলাস জাহাজটি যখন বাংলাদেশের সীমানা ছা।য়ে যাবে তখন বাংলাদেশ-ভারত বন্ধুত্বকে ছড়িয়ে দিয়ে আরো রঙিন করে দিয়ে যাবে।প্রতিমন্ত্রী আজ মোংলা বন্দরে ভারতীয় ক্রুজ ভেসেল ' গঙ্গা বিলাস' এর আগমন উপলক্ষ্যে পর্যটকদের অভ্যর্থনা জ্ঞাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।মোংলা বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা, সুইজারল্যান্ডের পর্যটক হ্যান্স কাফম্যান প্রমুখ। নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ মোস্তফা কামাল, বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক এসময় উপস্থিত ছিলেন।এই তথ্য জানিয়ে বাংলাদেশ উপদূতাবাসের তরফে জানানো হয়েছে, ভারতের পর্যটকবাহী নৌযান 'এম ভি গঙ্গা বিলাস' গত শুক্রবার বাংলাদেশের জলসীমানায় প্রবেশ করে। ' গঙ্গা বিলাস' এর পর্যটকদের বাংলাদেশের খুলনা জেলার কয়রা উপজেলার আংটিহারায় অনবোর্ড ইমিগ্রেশন করা হয়েছে। ১৭ ফেব্রুয়ারি ' গঙ্গা বিলাস' বাংলাদেশের সীমানা অতিক্রম করবে।' গঙ্গা বিলাস' বাংলাদেশে আগমন উপলক্ষে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) বাংলাদেশের জলসীমায় সার্বিক সহযোগিতা করবে। স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) অনুযায়ি প্রটোকল রুটের নাব্যতা রক্ষা, বার্দিং সুবিধা নিশ্চিতকরণ ও নৌপথ ব্যবহারের জন্য অনুমতি প্রদান এবং সার্বিক তদারকির দায়িত্বে থাকবে বিআইডব্লিউটিএ।নৌপরিবহন মন্ত্রণালয়ের মো. জাহাঙ্গীর আলম খান এক বিবৃতিতে জানিয়েছেন, আংটিহারায় অনবোর্ড কাস্টমস এবং ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা করেছে ইমিগ্রেশন কর্তৃপক্ষ এবং এনবিআর। চিলমারীতে কাস্টমস এবং ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবে ইমিগ্রেশন কর্তৃপক্ষ এবং এনবিআর। বাংলাদেশের নৌপথ অতিক্রমকালে জাহাজটিকে যথাযথ নিরাপত্তা বিধান করার পদক্ষেপ নিচ্ছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।এন্ট্রি পয়েন্ট আংটিহারাতে যাত্রি এবং নাবিকদের কোভিড-১৯ সার্টিফিকেট পরীক্ষা করার ব্যবস্থা নিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। নৌযানটির পরিচালনাকালে সার্বক্ষণিক তদারকি করবে জাহাজ অপারেটিং কোম্পানি ' গালফ ওরিয়েন্ট সীওয়েজ' দর্শনীয় স্থানসমূহ দেখার বিষয়ে সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করবে ট্যুর অপারেটর কোম্পানি 'উল্লেখ্য, বিলাসবহুল ' গঙ্গা বিলাস' ভারতের উত্তর প্রদেশের বারাণসী থেকে ১৩ জানুয়ারি যাত্রা শুরু করেছে। সেদিন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি 'গঙ্গা বিলাস' এর যাত্রা উদ্বোধন করেন।১৯৭২ সালের প্রটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্রানজিট অ্যান্ড ট্রেড (পিআইডব্লিউটিটি) এর অধীনে বাংলাদেশ-ভারত নৌপথে বাণিজ্য শুরু হয়েছিল যা এখনও কার্যকর আছে। প্রটোকলের সাথে সামঞ্জস্য রেখে যাত্রি ও পর্যটকবাহী নৌযান চলাচলের লক্ষ্যে ২০১৫ সালে বাংলাশে-ভারতের মধ্যে কোস্টাল এবং প্রটোকল রুটে যাত্রি ও ক্রুজ সার্ভিস চালুর লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ওই সমঝোতা স্মারকের আলোকে ২০১৮ সিলে এসওপি স্বাক্ষরিত হয়। এসওপি'র আওতায় ২০১৯ সালের ২৯ মার্চ অভ্যন্তরীণ নৌপথে যাত্রি ও ক্রুজ সার্ভিস চালুর পর হতে তিনটি ভারতীয় এবং একটি বাংলাদেশী নৌযান চলাচল করেছে।

## পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৫ ফেব্রুয়ারি ঃরবিবার, ২১মাঘ মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ৫ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২১ মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২১ মাঘ মাস ১৪২৯, ভারতীয় সিভিলিঃ২১ মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

## আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিস্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৫.০৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৫.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৭শতকরা এবং ৪৬শতকরা। বৃষ্টি হয়নি শনিবার। জোয়ার- সকাল ৯টা ২০ মিনিট এবং রাত-৯টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টা ১৭মিনিট এবং সূর্য অস্ত যাবে আজকের দিনেঃ ৫ টা -২৭মিনিটের মধ্যে হবে আবহাওয়া পরিবর্তন।

## রাশিফল

**মেষ রাশিঃ**আপনার অন্য মানুষদের প্রশংসা করে সাফল্য ভোগ করতে পারেন।
**বৃষ রাশিঃ** বিবাহের যোগ হতে পারে। আর্থিক সংকটে হবে না।
**মিথুন রাশিঃ**ক্ষণিকের আবেগে তাড়াহুড়ো করে কোন সিদ্ধান্ত নেবেন না, এটি আপনার বাচ্চাদের স্বার্থ ক্ষতিগ্রস্ত করতে
**কর্কট রাশিঃ**আপনার আশা একটি সুন্দর কোমল সুগন্ধি এবং উজ্জ্বল ফুলের মত প্রস্ফুটিত হবে। আপনার খরচা নিয়ন্ত্রণ করতে চেষ্টা করুন- এবং আজ কেবলমাত্র জরুরী জিনিসই কিনুন। সন্তান হতে পারে আজ
**সিংহ রাশিঃ**যদি আপনি ভাবপ্রবণ মেজাজ পেতে চান যা আপনি আজও আঁকড়ে ধরে থাকতে চান তাহলে অতীতে ফিরে যান।।
**কন্যা রাশিঃ**আজ আপনি হালকা বোধ করবেন এবং উপভোগ করার সঠিক মেজাজে থাকবেন।
**তুলা রাশিঃ**আজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। আর্থিক সংকটে।
**বৃশ্চিক রাশিঃ**সস্বাস্হ্য সংক্রান্ত সমস্যাগুলি অস্বস্তি বয়ে আনতে পারে। অর্থ সাশ্রয়ের আপনার প্রচেষ্টা আজ ব্যর্থ হতে পারে।
**ধনু রাশিঃ** যেহেতু আপনার নিরন্তর উদ্যমের সাথে সাধারণ বুদ্ধি এবং বোধশক্তি মিলিত হয়ে আপনার সাফল্য । শুভদিন হবে
**মকর রাশিঃ**কোনো বন্ধুর শীতল আচরণ আপনার খারাপ লাগতে পারে। বিদেশ যাত্রা শুভদিনআজ
**কুম্ভ রাশিঃ**আজ স্বাস্থ্য সুন্দর থাকবে। দিনের শেষ ভাগে আর্থিক উন্নত হবে। সংসারে শান্তি
**মীন রাশিঃ**যে সমস্যা আপনাকে ঝামেলায় ফেলছে তা সমাধান করার জন্য আপনার বুদ্ধির বিচক্ষণতা এবং কূটনীতি প্রয়োজন। যারা নিজের ঘনিষ্ঠজন বা আত্মীয়দের সাথে তাদের

## মনোনয়ন জমা এনপিপিপ্রধান তথা মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাডের

তুরা (মেঘালয়), ৪ ফেব্রুয়ারি : আসন্ন ২৭ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় মেঘালয় বিধানসভা নির্বাচনে মনোনয়ন পেশ করেছেন ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি)-প্রধান তথা রাজ্যের মুখ্যমন্ত্রী কনরাড কে সাংমা। আজ শনিবার কনরাড কে সাংমা তুরার অতিরিক্ত জেলাশাসক সালজং আর মারাকের হতে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য তাঁর মনোনয়ন জমা দিয়েছেন। মনোনয়ন জমা দেওয়ার সময় মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন স্ত্রী মেহতাব চান্দি। মনোনয়ন জমা দেওয়ার আগে পত্নীকে সঙ্গে নিয়ে কনরাড তাঁর বাবা, মেঘালয়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা লোকসভার প্রাক্তন স্পিকার, তথা এনপিপির প্রতিষ্ঠাতা পূর্ণআণ্ড (পিএ) সাংমার সমাধিতে গিয়ে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছেন। কনরাড কে সাংমা ৫১ নম্বর দক্ষিণ তুরা আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।নির্বাচন নিয়ে মেঘালয়ে উত্তেজনা তুঙ্গে উঠেছে।

# বাজেট হতে না হতেই সিগারেটে দেদার কালোবাজারি শুরু হয়ে গিয়েছে

দুরন্ত বার্ত, কলকাতা, ৪ ফেব্রুয়ারি : ২০২৩-২৪ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে সিগারেটের উপর ১৬ শতাংশ শুল্ক বৃদ্ধির প্রস্তাব দিয়েছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। এরপর থেকেই রাতের ঘুম উড়েছে ধূমপায়ীদের। বাজার বিশেষজ্ঞদের একাংশ বলছেন, শুল্ক বৃদ্ধির ফলে একটি সিগারেটের দাম সাত থেকে ১২ পয়সা পর্যন্ত বাড়তে পারে। কিন্তু, ১ এপ্রিলের আগে সিগারেটের মূল্যবৃদ্ধি নিয়ে 'ছ্যাকা খাওয়ার' সম্ভাবনা নেই বলেই স্পষ্ট জানাচ্ছে ওয়াকিবহাল মহল। কিন্তু, শুল্কবৃদ্ধির ঘোষণার পরেই সিগারেটের হাহাকার পরেছে! কলকাতার বহু দোকানদার ১০ টাকা দামের সিগারেটগুলিতে 'অজ্ঞাত কারণে' ৫০ পয়সা দাম বাড়িয়েছেন। সিগারেটের 'কালোবাজারি' হচ্ছে বলে মনে করা হচ্ছে। কলকাতার কিছু কিছু দোকানে সিগারেট পিছু দাম বেড়েছে ৫০ পয়সা থেকে ১ টাকা। কেন এই অতিরিক্ত অর্থ নেওয়া হচ্ছে প্রশ্ন করলেই বলে বাজেট। 'সিগারেট ক্রাইসিস' নিয়ে বাজার বিশেষজ্ঞদের একাংশের মধ্যেই উদ্বেগ দেখা দিয়েছে। কলকাতার ধূমপায়ীদের অনেকেই এই সিগারেটের মূল্যবৃদ্ধির শিকার

হচ্ছে। শুধু তাই নয়, পছন্দের সিগারেট 'বাক্স'(একসঙ্গে অনেকগুলি প্যাকেট) কিনতে গেলেও প্রত্যাখ্যাত হতে হচ্ছে অনেককেই। এই প্রসঙ্গে এক বাসিন্দা বলেন, আমি পাড়ার একটি দোকানে সিগারেট কিনতে গিয়েছিলাম। তিন প্যাকেট সিগারেট চাওয়ায় আমাকে তা দিতে অস্বীকার করেছিল দোকানদার। সেক্ষেত্রে বেশি দাম দিয়ে সিগারেট কেনার কথা বলা হয় প্যাকেটপ্রতি ১২ টাকা। কলকাতা লাগোয়া এলাকার সিগারেট ডিলার বলেন, আমাদের কাছে কোনওভাবেই দাম বাড়ার কোনও নির্দেশ নেই। পুরনো দামেই সিগারেট বিক্রি করা হচ্ছে। যদি সিগারেটের দাম বাড়ে সেক্ষেত্রে কিং সাইজে বৃদ্ধি পাবে। সাপ্লাইও ঠিক রয়েছে। সিগারেট সরবরাহের ক্ষেত্রে কোনও সমস্যা নেই, বিতর্কের মধ্যেই স্পষ্ট দাবি করেন অন্য এক সিগারেট ডিলার। যদিও এই সিগারেট 'হাহাকার'-এর নেপথ্যে হোলসেল মার্কেটের অসাধু ব্যবসায়ীদের একটি অংশ রয়েছে বলে মনে করা হচ্ছে। অন্যদিকে, শিলিগুড়ির সিগারেট ডিলাররা অবশ্য 'ম্যান মেড ক্রাইসিস'-এর কথা স্বীকার করেন। তারা ক্ষোভ উগরে বলেন, কিছু কিছু ছোট দোকান ইচ্ছাকৃতভাবে সিগারেটের দাম বেশি নিচ্ছে। বাজেটে শুল্ক বৃদ্ধির বিষয়টি জানার পরেই স্বেচ্ছাচারিতায় নেমেছে কিছু অসাধু ব্যবসায়ী। এই বিষয়টির দিকে আমরাও নজর রাখছি। কোনওভাবেই অধিক দামে তিনি সিগারেট বিক্রি করতে দেবেন না বলে জানান মতারা। তারা এও বলেন, আমরা পুরনো দামেই সমস্ত দোকানদারদের সিগারেট বিক্রি করছি। সেক্ষেত্রে কেন তাঁরা সিগারেট বিক্রি বন্ধ রাখবে বা দাম বাড়াবে। শোনা গেল পুলিশও গোটা বিষয়ে খোঁজ খবর করছে।

## অভিষেককে কটাক্ষ বিমান বসুর

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ ফেব্রুয়ারি : হাওড়ায় এসে অভিষেককে হাঁটুর বয়সী বলে কটাক্ষ বিমান বসুর। বললেন, অভিষেক বন্দ্যোপাধ্যায় আমার হাঁটুর বয়সী। ওইজন্য কোনও মন্তব্য করব না। হাওড়ায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে একথা বলেন বিমান। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে এভাবেই কটাক্ষ করলেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। শনিবার বিকেলে হাওড়া ময়দানে বামেদের এক অর্থ সংগ্রহ কর্মসূচিতে এসে তিনি ওই মন্তব্য করেন। এদিন সাংবাদিকরা বামফ্রন্ট চেয়ারম্যানের কাছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের একটি বক্তব্য প্রসঙ্গে প্রতিক্রিয়া জানতে চান। সাংবাদিকেরা জানতে চান অভিষেক বলেছেন, বামফ্রন্ট, বিজেপি ক্ষমতায় থাকলে আলাদা লড়ুক তারা একসঙ্গে কেন লড়ছেন। অভিষেকের এই বক্তব্যের জবাব দিতে গিয়েই বিমান বসু এদিন ওই মন্তব্য করেন। প্রসঙ্গত, হাওড়ায় বামেদের সর্বভারতীয় ক্ষেতমজুর ইউনিয়নের আগামী সম্মেলন উপলক্ষে হাওড়ার বিভিন্ন অঞ্চলে অর্থ সংগ্রহ অভিযান চলছে। শনিবার হাওড়া ময়দান এলাকায় ওই অর্থ সংগ্রহ অভিযান হয়। এই অভিযানে সামিল হয়ে বামফ্রন্ট চেয়ারম্যান এদিন বলেন, জনগণের অর্থে আমাদের সম্মেলন সম্পন্ন হবে।

## কেশপুরের যাত্রাপথে অভিষেক'কে স্বাগত জানালেন হাওড়ার তৃণমূল ছাত্র যুব কর্মীরা

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ ফেব্রুয়ারি : শনিবার হাওড়াতেও কেশপুরের যাত্রাপথে অভিষেক'কে স্বাগত জানালেন তৃণমূল ছাত্র যুব কর্মীরা। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কেশপুর যাত্রা উপলক্ষে শনিবার তাঁর যাত্রাপথে হাওড়াতেও বিভিন্ন জায়গায় ছাত্র যুব ও তৃণমূল নেতা কর্মীরা তাকে স্বাগত জানান। হাওড়া জেলা সদর তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি তুফান ঘোষ জানান, অভিষেক বন্দ্যোপাধ্যায় .আজ হাওড়ার উপর দিয়ে কেশপুরে যাচ্ছেন। তাই আমরা প্রশাসনের সাথে কথা বলে দ্বিতীয় হুগলী সেতু দিয়ে হাওড়া ঢোকার প্রবেশ দ্বারে আমরা অল্প সংখ্যক কর্মীরা প্রশাসনের নির্দেশ অনুযায়ী জমায়েত হয়ে ওনার যাত্রার শুভ কামনায় হাজির হয়েছিলাম। বেলেপোল, পাঁচলা থেকে শুরু করে বিভিন্ন জায়গায় ছাত্র যুব'র তরফ থেকে শুভ কামনা জানানো হয়েছে।

## জেলা লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি এবং যাত্রা উৎসব

অভিজিৎ হাজরা, আমতা, হাওড়া : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে জেলা তথ্য সংস্কৃতি দপ্তর হাওড়া, হাওড়া জেলা প্রশাসন এর সহযোগিতায় আমতা ১ নং ব্লক ও পঞ্চায়েত সমিতি, জেলা তথ্য সংস্কৃতি বিভাগ এর ব্যবস্থাপনায় গ্রামীণ হাওড়া জেলার আমতা গার্লস হাই স্কুল এ জেলা লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি এবং যাত্রা উৎসব শুরু হয়েছে ৩ ফেব্রুয়ারি । চলবে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত। অনুষ্ঠান ডালিতে আছে বাউল, পুতুল নাচ, ভাটিয়ালি গান,কালিকা পাতাড়ি নৃত্য,যাত্রা।

৩ ফেব্রুয়ারি উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের বিধায়ক ডাঃ নির্মল মাজী, বিধাযক্ সায়নী ঘোষ, হাওড়া জেলা পরিষদ এর সভাপতি কাবেরী দাস, হাওড়া জেলা পরিষদ এর সহ সভাপতি অজয় ভট্টাচার্য, আমতা ১ নং ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক আদৃতা সমাদ্দার, আমতা ১ নং পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষা অচ্চিতা বসু মান্না, উলুবেড়িয়া ২ নং পঞ্চায়েত্ সমিতির সভাপতি শেখ ইলিযাস, হাওড়া জেলা পরিষদ এর সদস্য বিমল দাস, উলুবেড়িয়া মহকুমা শাসক শমীক ঘোষ আমতা থানা অফিসার ইনচার্জ অজয় সিং সহ প্রমুখ প্রশাসনিক আধিকারিকবৃন্দ।

## মেট্রোর ভাড়া-বহির্ভূত রাজস্ব আয়ের রেকর্ড বৃদ্ধি

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারি : ভারতীয় রেলওয়ে ঐতিহ্যবাহী আয়ের উৎসগুলি ছাড়াও আয় বাড়ানোর জন্য ভাড়া ছাড়া রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্যোগকে উৎসাহিত করছে। মেট্রো রেলওয়ে, ভারতীয় রেলওয়ের অংশ হিসাবে এই উদ্যোগে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং এর রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা সাধারণত যাত্রীদের উপার্জনের উপর সম্পূর্ণ নির্ভরশীল। সেই প্রচেষ্টার অংশ হিসাবে, মেট্রো রেলওয়ে মেট্রো রেকের ভিতরে এবং বাইরে বিজ্ঞাপনের মাধ্যমে রাজস্ব আয়ের দিকে মনোনিবেশ করছে, খোলা জায়গায় হোর্ডিংগুলি প্রদর্শন করা এবং বিভিন্ন স্টেশনে স্বাস্থ্য পরীক্ষা কিয়স্ক ইনস্টল করা ইত্যাদি। এছাড়াও, মেট্রো রেলওয়ে ট্র্যাক সাইডওয়ালস ব্র্যান্ডিং, কার্ড ব্যালেন্স চেকিং টার্মিনাল (সিবিসিটি) ব্র্যান্ডিং, স্বয়ংক্রিয় স্মার্ট কার্ড রিচার্জ মেশিন (এএসসিআরএম) ব্র্যান্ডিং, এএফসিপিসি গেটস এবং ফ্ল্যাপ ব্র্যান্ডিং, ফুড কিয়স্ক স্থাপন, স্মার্ট কার্ড এবং টোকেনের মতো উদ্ভাবনী ধারণাগুলি বাস্তবায়ন করেছে। ব্র্যান্ডিং, যাত্রীদের ইনফোটেইনমেন্ট প্রদানের জন্য রেকের ভিতরে ডিজিটাল ডিসপ্লে স্ক্রিন ইনস্টল করা ইত্যাদি। মেট্রো স্টেশনের ভিতরে সিঁড়ি ব্র্যান্ডিংয়ের জন্য প্রচেষ্টা চলছে। এই ধরনের উদ্যোগ মেট্রো রেলওয়ের ভাড়াবহির্ভূত রাজস্ব অনেকাংশে বাড়াতে সাহায্য করেছে। মেট্রো রেল টাকা আয় করেছে। ১লা এপ্রিল, ২০২২ থেকে ৩১শে জানুয়ারী, ২০২৩ এর মধ্যে ২৫.২৭ কোটি টাকা এবং ভারতীয় রেলের সমস্ত জোনাল রেলওয়ের মধ্যে ক্রমবর্ধমান ননফেয়ার রেভিনিউ আয়ের মধ্যে ৫ তম স্থান পেয়েছে, মাত্র ৪০টি স্টেশন সহ।

## এবার ডিআই অফিসের সব কর্মীকে তলব সিআইডি-র

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারি : ভুয়ো নিয়োগ সংক্রান্ত মামলায় সিআইডি ([illegible]) তদন্তে একের পর এক তথ্য উঠে এসেছে ইতিমধ্যেই। যে বছর কোনও নিয়োগ প্রক্রিয়াই হয়নি, সেই বছরেই চাকরি পেয়ে গেলেন একজন! সরকারি পে রোলেও উঠে গেল নাম। অনিমেষ তিওয়ারি নামে এক শিক্ষকের ([illegible]) চাকরি ঘিরে এমনই গুরুতর অভিযোগ উঠেছে। মুর্শিদাবাদের গোথা এআর স্কুলে শিক্ষকের ভুয়ো নিয়োগের তদন্তে এবার ওই ডিআই অফিসের প্রত্যেক কর্মীকে তলব করল সিআইডি। সোমবার ভবানী ভবনে তলব করা হয়েছে কর্মীদের। ইতিমধ্যেই পাঠানো হয়েছে নোটিস।

## মাঘী পূর্ণিমার পুণ্য তিথিতে হাওড়ায় হলো শীতলা মায়ের স্নানযাত্রা

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ ফেব্রুয়ারি : মাঘী পূর্ণিমার পুণ্য তিথিতে শনিবার উত্তর হাওড়ায় হয়ে গেলো ঐতিহ্যবাহী শীতলা মায়ের স্নানযাত্রা। লক্ষাধিক পুণ্যার্থী অংশ নেন এই উৎসবে।উত্তর হাওড়ার অন্যতম ঐতিহ্যবাহী উৎসব শীতলা মায়ের স্নানযাত্রা শনিবার সাড়ম্বরে পালিত হয়। উত্তর হাওড়ার সবথেকে বড় উৎসব হলো শীতলা মায়ের স্নানযাত্রা। স্নানযাত্রা উপলক্ষ্যে এদিন কড়া নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়। সকাল থেকেই পুণ্যার্থীদের ঢল নামে উত্তর হাওড়ার রাজপথে। এদিন নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাটো রাখতে মোতায়েন করা হয় পুলিশ ফোর্স, ডিডি, স্পেশাল অ্যান্টি থেফট টিম। মোতায়েন করা হয় পুলিশের শক্তিবাহিনী। নজরদারির জন্য লাগানো হয় ক্যামেরা ও একাধিক ড্রোন। নজরদারির জন্য সাদা পোশাকে মোতায়েন করা হয় পুলিশও। স্নানযাত্রায় আসা ভক্তদের ভিড়ে কার্যত স্তব্ধ হয়ে যায় উত্তর হাওড়া। বিভিন্ন এলাকায় গার্ড রেল দিয়ে পুলিশ মোতায়েন করা হয়েছে। এই স্নানযাত্রা উপলক্ষে বেশ কিছু রাস্তায় ব্যারিকেড করা হয়। উল্লেখ্য, প্রতি বছর মাঘী পূর্ণিমার পুণ্য তিথিতে উত্তর হাওড়ায় হয় এই ঐতিহ্যবাহী শীতলা মায়ের স্নানযাত্রা। এই উৎসবকে কেন্দ্র করে লক্ষাধিক মানুষের ভীড় হয় প্রতি বছর। এবারেও তার অন্যথা হয়নি। এই রীতি চলে আসছে বছরের পর বছর ধরে। উত্তর হাওড়ার মানুষ এই উৎসবকে ভীষণভাবে মানেন। তাঁরা মনে করেন মায়ের কাছে যা চান তাই পাওয়া যায় .আজকের দিনে। গঙ্গা থেকে দন্ডি খাটতে খাটতে মায়ের মন্দির অবধি এসে মাকে পুজো দেওয়া হয় এখানে।

## ঘুমের ওষুধ খাইয়ে মাকে ফুটপাতে ফেলে পালালো দুই ছেলে

দুরন্ত বার্তা, বারাকপুর, ৪ ফেব্রুয়ারি : বয়স্ক মাকে ঘুমের ওষুধ খাইয়ে দিয়ে বাড়ি থেকে নিয়ে গিয়ে দূরে অচেনা এলাকায় ফেলে রেখে গেল দুই ছেলে। বৃদ্ধাকে দেখতে পেয়ে স্থানীয়রা পুলিশে খবর দেয় বলে জানা গিয়েছে, পুলিশ তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভরতি করেছে। খোঁজ চলছে তাঁর পরিবারের। ঘটনাটি ভাটপাড়া এলাকার। স্থানীয় সুত্রে জানতে পারা গিয়েছে, বৃদ্ধার নাম উষারানি প্রামাণিক। তাঁর বাড়ি চুঁচুড়ার ঘটকপাড়ায়। বৃহস্পতিবার রাতে ভাটপাড়ার রথতলায় ফুটপাতে তাঁকে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। উদ্ধার করে আনার পর তাঁর কাছ থেকেই জানা যায়, উষারানিদেবীর স্বামী সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাংকে চাকরি করতেন। তাঁর দুই ছেলে টিঙ্কু প্রামাণিক এবং মনোজ প্রামাণিক। ১৯৭৮ সালে স্বামী মারা যাওয়ার পর দুই সন্তানকে তিনি অনেক কষ্টে বড় করেছেন। এখন দুই ছেলেই মাছের ব্যবসার সঙ্গে যুক্ত।কিন্তু বৃদ্ধা মাকে দেখভাল করার বদলে তারা তাঁর উপর নির্যাতন চালাত বলেই অভিযোগ। দু'দিন আগে ঘুমের ওষুধ খাইয়ে বৃদ্ধাকে ভাটপাড়ার রথতলা রাজলক্ষ্মী বালিকা বিদ্যালয়ের সামনে ফুটপাতে ফেলে রেখে যাওয়ার অভিযোগ ওঠে দুই ছেলের বিরুদ্ধে। বিষয়টি জানতে পেরে স্থানীয় বাসিন্দা অমিত চক্রবর্তী, কুণাল দে, শৈলেন বসু বৃদ্ধাকে উদ্ধার করতে তৎপর হন। তাঁরাই খবর দেন ভাটপাড়া থানায়। খবর পেয়ে পুলিশ এসে বৃদ্ধাকে উদ্ধার করে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে ভরতি করায়। এদিন অমিতবাবু বলেন, ''গত দু'দিন ধরেই ওই বৃদ্ধা ফুটপাতে পড়েছিলেন।

## সৌরভের বাড়ির সামনে জল জমে, কলকাতার মেয়রকে চিঠি দিলেন তিনি

দুরন্ত বার্ত, কলকাতা, ৪ ফেব্রুয়ারি : বাড়ির সামনে জল জমে। বর্ষা এলেই বাড়ির বাইরে বের হওয়া যায় না। সমস্যার সমাধান চেয়ে নিয়ে উদ্বিগ্ন প্রাক্তন ভারত অধিনায়ক। সামনেই বর্ষা আসবে বাংলায়। নতুন বাড়ির সংস্কার করে সেখানে গৃহপ্রবেশ করবেন সৌরভ

কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিমকে চিঠি পাঠালেন ভারতীয় দলের প্রাক্তন ক্যাপ্টেন সৌরভ গঙ্গোপাধ্যায়। বিগত বাম আমলের তুলনায় ক্যামাক স্ট্রিটে জল জমার সমস্যা অনেকটাই কমেছে। জল জমার সমস্যা কমেছে লোয়ার রাউডন স্ট্রিটেও। তবে এখনও সেখানে মুষলধারে বৃষ্টি হলে অল্প জল জমে। এ রাস্তাতেই বাড়ি কিনেছেন তিনি। বিশেষ সূত্রে জানতে পারা গিয়েছে, তাঁর বাড়ির সামনের রাস্তায় বর্ষার জমা জল গঙ্গোপাধ্যায়। তার আগে জমা জলের সমস্যা মেটাতে মেয়রকে তিনি অনুরোধ জানিয়েছেন। কলকাতা পুরসভা সূত্রে জানতে পারা গিয়েছে, ৮১ এ, লোয়ার রডন স্ট্রিটে গত বছর মে মাসে একটি পুরনো বাংলো বাড়ি নেন মহারাজ। সে বাড়ি নিয়েই তিনি কলকাতার মেযরের অফিসে একটি চিঠি পাঠিয়েছেন। পুরসভা সূত্রে জানা গিয়েছে, জল জমার সমস্যা মেটাতে বদ্ধপরিকর পুরসভা। উল্লেখ্য বিগত পাঁচ বছরে কলকাতা পুরসভায় বেড়েছে পাম্পিং স্টেশন। এখন শহরজুড়ে ৭৬ টি পাম্পিং স্টেশন রয়েছে পুরসভার। পাম্প রয়েছে ৪০৮ টি। যার মধ্যে ৩৯৪ টি কাজ করছে। ১৪ টি আপাতত বিকল। যদিও দ্রুত তা মেরামত করা হবে। জল জমার সমস্যা মেটাতে, নিকাশি ব্যবস্থা ঠিক করতে ২০১০ থেকে ২০১৫ সাল পর্যন্ত ১ লক্ষ ৭৭ হাজার মেট্রিক টন ময়লা সরানো হয়েছে। ২০১৫ থেকে ২০২০ সালে তা দাঁড়িয়েছে ১০ লক্ষ ৪৪ হাজার মেট্রিক টনে। কলকাতা পুরসভার সূত্রে খবর, চিঠিতে তিনি লিখেছেন, বাড়িটিতে তিনি আগামিদিনে বসবাস করবেন। তার জন্য সেখানে পরিকল্পনামাফিক কিছু নির্মাণ শীঘ্রই শুরু হবে। বিল্ডিং প্ল্যানের অনুমোদন পেতে কয়েক দিনের মধ্যেই কলকাতা পুরসভার বিল্ডিং বিভাগের কাছে আবেদনও জানাবেন। বাড়ি নেওয়ার পর মিউটেশনসহ পুরসভার কর মূল্যায়নের যাবতীয় প্রক্রিয়া শুরু করা হয়েছে। ইতিমধ্যেই তিনি জানতে পেরেছেন ওই রাস্তাসহ সংলগ্ন গোটা চত্বরে বৃষ্টি হলেই জল জমে। যা ওই অঞ্চলের বাড়িগুলির ক্ষতি করছে। সেই জমা জলের সমস্যা সমাধান করতে কলকাতা পুরসভা যেন শীঘ্রই ব্যবস্থা করে।

## আসাম রাইফেলস এর যোগ শিবির অনুষ্ঠিত

শিলচর (অসম), ৪ ফেব্রুয়ারি : অসমের কাছাড় জেলার জালিউরা সহ পাশ্ববর্তী রাজ্য ত্রিপুরার বেশ কয়েকটি স্থানে আসাম রাইফেলস রাধানগর ব্যাটালিয়নের পক্ষ থেকে যোগ শিবির অনুষ্ঠিত হয় । আজ শুক্রবার ত্রিপুরার রাধানগর, উনকোটি, তেলিয়ামুরা, খোয়াই এলাকায় শিবিরের আয়োজন করা হয় আসাম রাইফেলস এর পক্ষ থেকে। শিবিরে মোট ১০ জন জেসিও, ১৭৯ ও আর এবং স্থানীয় প্রায় ২০ টি পরিবারের সদস্য সদস্যরা শিবিরে অংশ গ্রহন করেন বলে জানা গেছে আসাম রাইফেলস এর পক্ষ থেকে। এক আধিকারিক জানান, শিবির পরিচালনার উদ্দেশ্য ছিল যোগ অনুশীলনের উপকারিতা সম্পর্কে প্রচার করা এবং সচেতনতা বৃদ্ধি করা। যোগ অনুশীলন করলে মানসিক ও শারীরিক বিকাশ ঘটতে পারে তা নিয়ে আলোচনা করা হয় শিবিরে।

## তিরুপাত্তুরে শাড়ি বিতরণ অনুষ্ঠানে পদদলিত হয়ে ৪ জন মৃত

তিরুপত্তুর (তামিলনাড়ু), ৪ ফেব্রুয়ারিঃ তামিলনাড়ুর তিরুপাত্তুরে শনিবার শাড়ি বিতরণ অনুষ্ঠানের টোকেন বিতরণ অনুষ্ঠানে পদদলিত হয়ে কমপক্ষে চার মহিলা নিহত এবং ১০ জন আহত হয়েছেন। থাইপুসাম উৎসব উপলক্ষে বিনামূল্যে শাড়ি এবং ধুতি দানের জন্য ব্যবসায়ী ও সামাজিক কর্মী আয়াপ্পান এই অনুষ্ঠানের আয়োজন করেছিলেন।

প্রাথমিক তথ্য অনুসারে, তিরুপাত্তুর জেলার ভানিয়ামবাদি এলাকায় প্রায় ৫০০ জন মহিলা শাড়িগুলি নিতে করতে জড়ো হয়েছিল। মহিলারা এজন্য টোকেন গ্রহণের জন্য ভিড় করেছিল, সেসময় ঠেলাঠেলিতে পদদলিত হয়ে কমপক্ষে চার মহিলা মারা যান। প্রায় ১০জন আহতকে চিকিৎসার জন্য ভানিয়ামবাড়ি সরকারি হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ ও জেলা প্রশাসনের আধিকারিকরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যান।

## তীর্থ সেরে ফেরার পথে ট্রেনেই মৃত্যু যাত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারি : তীর্থ থেকে ফেরার পথে ট্রেনেই মৃত্যু হল এক যাত্রীর। জান গিয়েছে পরে প্রায় ঘন্টাখানেক সময় ধরে কলকাতা স্টেশনে পড়ে ছিল দেহ। বারবার সাহায্যের আর্তি জানিয়েও লাভ হয় নি। রেলের বিরুদ্ধে উঠল চূড়ান্ত অসহযোগিতার অভিযোগ। রেলকর্মীদের পাশাপাশি স্টেশন মাস্টার নিহতের পরিবারকে সাহায্য করেনি বলেই অভিযোগ। শুক্রবার আগ্রা ক্যান্ট এক্সপ্রেসের বিরুদ্ধে ওঠা অভিযোগের তদন্ত শুরু হয়েছে। নিহতের নাম শিবশংকর ঘোষ, বাগুইআটির ঘোষপাড়ার থাকেন। রাজারহাট সরকারি বালিকা বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মী। বরানগরের একটি আশ্রমের শিষ্য ছিলেন তিনি। গত ২৫ জানুয়ারি গুরুভাইদের সঙ্গে তীর্থ করতে বৃন্দাবনে যান। অতিরিক্ত ওজন

এবং রক্তচাপের সমস্যা ছিল তাঁর। তীর্থক্ষেত্রে থাকাকালীনই শারীরিক অবস্থা খারাপ হতে থাকে। প্রাথমিক চিকিৎসা করানো হয় তাঁর। ফেরার পথেই বিপত্তি। বর্ধমান স্টেশনে ঢোকার আগে ট্রেনেই মৃত্যু হয় তার। ট্রেনটি কলকাতা স্টেশনে আসার পর দীর্ঘক্ষণ দেহ পড়ে থাকে বলেই অভিযোগ। বারবার রেলকর্মীদের থেকে সহযোগিতা চাওয়া হয়। তা সত্ত্বেও রেলকর্মীরা কোনওরকম সহযোগিতা করেননি বলেই অভিযোগ। এমনকী স্টেশন মাস্টারও সমস্যা নিয়ে বিশেষ মাথা ঘামাননি বলেই দাবি নিহতের পরিবারের। শিবশংকরবাবুর মৃত্যুর খবর পেয়ে তাঁর পরিবারের লোকজনও কলকাতা স্টেশনে আসেন। বিক্ষোভ দেখান তাঁরা। দেহ উদ্ধার করে ময়নাতদন্তের বন্দোবস্ত করে রেল দপ্তর।

## পুঞ্চে তৃতীয় দিনের মত তল্লাশি অভিযান অব্যাহত

পুঞ্চ, ৪ ফেব্রুয়ারি : পুঞ্চ জেলার মেধার এলাকায় শনিবার টানা তৃতীয়. দিনের মত নিরাপত্তা বাহিনীর তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার মেধারে কিছু সন্ত্রাসী অনুপ্রবেশের খবর পাওয়ার পর থেকেই ওই এলাকায় তল্লাশি অভিযান শুরু করে নিরাপত্তা বাহিনী। অভিযান চলাকালে নিরাপত্তা বাহিনীর সদস্যরা আশপাশের এলাকা ঘিরে রেখেছে এবং আসাযাওয়া গাড়ি তল্লাশি করছে। শেষ খবর পাওয়া পর্যন্ত নিরাপত্তা বাহিনীর তল্লাশি অভিযান চলছিল।

## সমাধান যাত্রায় কিশনগঞ্জে পৌঁছালেন নীতিশ কুমার

কিশনগঞ্জ, ৪ ফেব্রুয়ারি : বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার রাজ্যের ১৯ তম সমাধান যাত্রায় শনিবার কিশনগঞ্জে পৌঁছালেন। বিহারের মুখ্যমন্ত্রীর সমাধান যাত্রা উপলক্ষ্যে জেলাসদর ও কিশনগঞ্জ বাহাদুরগঞ্জ রাজ্য সড়কে কঠোর পুলিশি নিরাপত্তা ব্যবস্থা ছিল। শনিবার নির্ধারিত সময় বেলা এগারোটা নাগাদ মুখ্যমন্ত্রীর বিমান স্থানীয় মাছমারা সংলগ্ন পুঠিয়ার বিমানবন্দরে অবতরণ করে। সেখানে জেলাশাসক শ্রীকান্ত শাস্ত্রী , পুলিশ সুপার ড. এমানুল হক মেগনু প্রমুখ মুখ্যমন্ত্রীকে বরণ করে নেন। এছাড়া জনতা দল (ইউনাইটেড )এর রাজ্য ও জেলা স্তরের বেশকিছু নেতা ও সমর্থক বিমানবন্দরে মুখ্যমন্ত্রীকে ফুল দিয়ে সম্মান জানান। এরপর রাজ্য পুলিশের গার্ড অফ অনার নিয়ে নীতিশ কুমার সড়কপথে ডেরামারি গ্রামের বিভিন্ন উন্নয়নমূলক সরকারি প্রকল্পের উদ্বোধনের উদ্দেশ্য রওনা দেন। পাটনা থেকে একই বিমানে রাজ্যের অর্থমন্ত্রী বিজয় চৌধুরী, জল ও সেচমন্ত্রী সঞ্জয় ঝা, মুখ্য সচিব আমীর সুবাহানি, ডি জি পি রাজ বিন্দ্রর সিং ভাটিয়া ও বিভিন্ন দফতরের একগুচ্ছ সরকারি শীর্ষ আধিকারিকও এসেছেন। জানা গিয়েছে, রাজ্য ক্যাবিনেটের আমলারা মুখ্যমন্ত্রীর নির্দেশে জন আদালতে জেলাবাসীর সবরকমের সমস্যার সমাধান করবেন। মুখ্যমন্ত্রীর সমাধান যাত্রা উপলক্ষ্যে জেলাসদর ও কিশনগঞ্জ বাহাদুরগঞ্জ রাজ্য সড়কে কঠোর পুলিশি নিরাপত্তা ব্যবস্থা ছিল। ডেরামারী গ্রামে ৫৫ কোটি টাকা ব্যয়ে সংখ্যালঘু পড়ুয়াদের জন্য নির্মিত হস্টেলের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। এছাড়া অমৃত সায়র প্রকল্পে পুকুরে হাঁস পালন প্রকল্পের সূচনা করেন। ভেরিয়াডাঙ্গীতে রেশম সুতো তৈরির প্রকল্প ঘুরে দেখেন তিনি।

# জাত শত্রু কংগ্রেস ও সিপিএমকে ত্রিপুরায় ঐক্যবদ্ধ করার কৃতিত্ব বিজেপির : মানিক সরকার

আগরতলা, ৪ ফেব্রুয়ারি : জাত শত্রু কংগ্রেস ও সিপিএমকে ত্রিপুরায় ঐক্যবদ্ধ করার কৃতিত্ব বিজেপির। ধনপুর কেন্দ্রে নির্বাচনের প্রচারে গিয়ে অনেকটা বিদ্রুপের সুরেই একথা বলেন সিপিএম পলিটব্যুরোর সদস্য মানিক সরকার। সাথে তিনি উপলব্ধি করেছেন, এবার ত্রিপুরায় সিপিএমে বৃদ্ধতন্ত্রের অবসান হওয়া জরুরি। তাই, নতুনদের জন্য জায়গা ছাড়তে হবে, বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার পেছনে যুক্তি তুলে ধরে বলেন তিনি। মানিকের কথায়, ১৯৯৮ সালে ধনপুর বিধানসভা কেন্দ্র থেকে প্রথম প্রতিদ্বন্দ্বিতা করেছিলাম। ওই সময় বয়স খুবই কম ছিল। কিন্তু মানুষের আশীর্বাদে এই কেন্দ্র থেকেই টানা পাঁচবার জয়ী হয়েছি। ২০ বছর মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করেছি। নিজ বিধানসভা কেন্দ্রের প্রতি অবহেলা আড়াল করতে গিয়ে তাঁর দাবি, মুখ্যমন্ত্রী থাকাকালীন ধনপুরের জন্য বিশেষ সময় দিতে পারিনি। এমনকি, ভোটের সময়ও বিশেষ নজর দিতে পড়েছি তেমন সুযোগ হয়নি। কিন্তু, মানুষ দুহাত খুলে আশীর্বাদ করেছেন। একইভাবে বামফ্রন্টের নতুন প্রার্থী কৌশিক চন্দকেও মানুষ আশীর্বাদ করবেন, প্রত্যাশা রাখেন তিনি। তাঁর দাবি, ২০১৮ সালে অবাম এবং অবিজেপি ভোটাররা বামফ্রন্টকে ক্ষমতাচ্যুত করেছেন। জাতীয় সড়ক অবরুদ্ধ করে দাঙ্গা বাঁধানোর চেষ্টায় যাঁরা ছিলেন তাঁদের সহায়তায় বিভ্রান্তি তৈরি জনজাতিদের ভোট পেয়েছে বিজেপি। কিন্তু, সরকার পরিবর্তনের কয়েক মাসের মধ্যেই তাঁরা উপলব্ধি করতে পারেন, ভুল করে ফেলেছেন। তাঁর কটাক্ষ, তেইশের নির্বাচনে কংগ্রেসের সাথে বামেদের আসন সমঝোতা হয়েছে দেখেই শাসক শিবিরে থরহরি কম্প শুরু হয়ে গেছে। দুই দল যৌথভাবে নির্বাচনে নামবে নিশ্চিত হয়ে বিজেপি ভয় পেয়ে গেছে। তাই, আবোলতাবোল বলতে শুরু করেছে। মানিক সরকার ত্রিপুরায় কংগ্রেসের সাথে আসন সমঝোতাকে সুবিধাবাদ মানতে রাজি নন। বরং জাত শত্রু কংগ্রেস ও সিপিএমকে ঐক্যবদ্ধ করার কৃতিত্ব তিনি বিজেপিকে দিয়েছেন। তাঁর কথায়, বিজেপির কৃতকর্মের দৌলতে আমরা যাঁরা একের বিরুদ্ধে অপরে লড়াই করতাম আমাদের একজায়গায় আনতে সাহায্য করেছে। তাঁর দাবি, বিজেপিকে হারাতে আমরা আবেদন করেছিলাম সমস্ত ধর্ম নিরপেক্ষ গণতান্ত্রিক শক্তি একত্রিত হই। কংগ্রেস সেই আবেদনকে সমর্থন করেছে। মানিকের মতে, বিজেপি নির্বাচনে জয়ী হওয়ার জন্য সন্ত্রাসকে হাতিয়ার হিসেবে ব্যবহার করবে। সকলে একজোট হয়ে তা প্রতিহত করতে হবে। সাথে তাঁর আবেদন, ঘরের ছেলে কৌশিক চন্দকে জয়ী করুন। তাঁর দাবি, নতুনদের জন্য জায়গা ছাড়তে হবে। সংগ্রাম দীর্ঘ সময় এগিয়ে নিয়ে সম্ভব হবে। তিনি বলেন, সিপিএম রাজ্য সম্পাদক সাবরুম কেন্দ্রে প্রার্থী হয়েছেন। ফলে, তাঁর পক্ষে সারা ত্রিপুরায় চষে বেড়ানো সম্ভব নয়। তাই, দলের কেন্দ্রীয় কমিটির সাথে আলোচনার ভিত্তিতে এবার বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেকে সরিয়ে নিয়েছি।

## নলবাড়ির চেংনই জঙ্গলে বিপুল পরিমাণের অস্ত্রশস্ত্র উদ্ধার যৌথবাহিনীর

নলবাড়ি (অসম), ৪ ফেব্‌রুয়ারি : নলবাড়ি জেলার ধনতলা গ্রাম সংলগ্ন চেংনই বনাঞ্চলে অভিযান চালিয়ে বিপুল পরিমাণের অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে সিআরপিএফ এবং পুলিশের যৌথবাহিনী। সেনা বাহিনীর গোয়েন্দা সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে শুক্রবার রাতে অভিযানে নেমে সাফল্য লাভ করে স্থানীয় পুলিশ এবং আধা সামরিক বাহিনীর দল। জানা গেছে, নলবাড়ি জেলার পুলিশ কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী সিআরপিএফএর ১৩৬ নম্বর ব্যাটালিয়ন ধনতলা গ্রাম সংলগ্ন চেংনই বনাঞ্চলে অভিযানে নেমে মাটি খুঁড়ে উদ্ধার করে অস্ত্রশস্ত্র। উদ্ধারকৃত গোলাবারুদের মধ্যে রয়েছে চারটি পিস্তল, দুটি এয়ার পিস্তল, তিনটি একে ৭৯ সিরিজের রাইফেলের ম্যাগজিন, চারটি পিস্তলের ম্যাগাজিন, ছয়টি ৯ এমএম গুলি, ৭.৬২ আগ্নেয়াস্ত্রের গুলি ১০টি, পয়েন্ট (.) ২২ বোরের আগ্নেয়াস্ত্রের গুলি ১২টি, পাঁচটি ডিটনেটর, দেশে নির্‌মিত আগ্নেয়াস্ত্রের গুলি চারটি, ৬০০ গ্রাম বিস্ফোরক সামগ্রী। উল্লেখ্য, এর আগে গত বছর ২০২২ সালের ২৬ ডিসেম্বর উজান অসমের ডিব্রুগড় জেলার জালান চা বাগানের গোপন এলাকা থেকে বিপুল পরিমাণের অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছিল।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
**দুরন্ত বার্তা**
২৮ বর্ষ, দৈনিক ৬৬ সংখ্যা, রবিবার, ২১ মাঘ ১৪২৯

## সার্বভৌমত্ব রক্ষার চেষ্টা ভারতের

**সম্পাদকীয়**

রুশ ইউক্রেন যুদ্ধের সুযোগ গ্রহণ করেছে ভারত। এদিকে চিন যেভাবে ভারত বিরোধিতা করতে শুরু করে দিয়েছিল তাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি খুবই ক্ষুব্ধ ছিলেন চিনের ওপরে। সেই কারণে চিনের তিন বারের চেয়ারম্যান শি জিনপিংকে একবারের জন্যও মোদি অভিনন্দন জানাননি। ইন্দোনেশিয়ার বালিতে দেখা হলেও শিকে এড়িয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন। কিন্তু পরে বৈঠক করেন চিনের প্রেসিডেন্টের সঙ্গে। কিন্তু তাতে কোনও ফল দেবে না সেটা স্পষ্ট করে বুঝতে পেরেছিলেন। চিন প্রতিবেশী দেশ হয়েও তাদের কমিউনিস্ট সম্মেলনে গালওয়ানকে লক্ষ্য করা হয়েছে। তার ফলে ভারত ভাবতে শুরু করে দিয়েছে যে চিন আগামি দিনে গালওয়ান উপত্যকায় আবার নতুন করে হামলা করবে। চিনের শত্রু দেশ এখন ভারত। আমেরিকা নয়। সেই কারণে গালওয়ানে ভারত চিনা সেনাদের হাতাহাতি নিয়ে তথ্যচিত্র প্রকাশ করে চিন তাদের কমিউনিস্ট সম্মেলনের সদস্যদের দেখিয়েছে। আসলে এটা হচ্ছে শি জিনপিংয়ের রাজনৈতিক কৌশল। ভারতকে চাপে রাখার চেষ্টা করছে। পাকিস্তান জঙ্গিদের চিন সমর্থন করতে শুরু করে দিয়েছে। পাকিস্তান যাতে জঙ্গি রাষ্ট্র হিসাবে ঘোষিত না হতে পারে তার দিকে পদক্ষেপ গ্রহণ করতে শুরু করে দিয়েছে। পাশাপাশি ভারত যাতে নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য না হতে পারে তার চেষ্টা করঠে চিন সরকার। পাকিস্তানকে এখন ভারতের বিরুদ্ধে ব্যবহার করতে পারছে না চিন। কারণ পাকিস্তানের আর্থিক অবস্থা খুবই খারাপ। পাকিস্তান চিন এক যোগে ভারত আক্রমণ করাদ্দর যে ছক করেছিল যা রাহুল গান্ধির মুখ দিয়ে প্রকাশ হয়ে পড়ে তা নিয়ে ভারত খুবই চিন্তিত ছিল। কিন্তু পরে দেখতে পাওয়া গেল পাকিস্তান আর্থিক দিকে দিয়ে একেবাতে তলানিতে গিয়ে পৌঁছাতে শুরু করে দিয়েছে। এখন পাকিস্তানকে রক্ষা করতে হেলে বিশ্ব ব্যাঙ্কের টাকা গ্রহণ করতে হবে। আইএনএফ থেকে টাকা নিয়ে দেশ চালাতে হবে। এদিকে পাকিস্তানের আর্থিক অবস্থা খারাপ হতেই চিন পাশ থেকে সরে গিয়েছে। চিন পাকিস্তানের ব্যাপারে কোনও কথা বলছে না। এমনকী আর্তিক সাহায্য দেওয়ার কথাও তুলছে না। আইএমএফ পাকিস্তানকে সাতশো কোটি ডলারের একটি প্যাকেজ তৈরি করেছে। কিন্তু সেই প্যাকেজ থেকে টাকা গ্রহণ করতে গেলে আইএমএফের কছোর শর্ত মানতে হবে। সেই সব কঠিন শর্ত মানা একেবারে কল্পনার বাইরে বলে মনে করেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ। এই টাকা না পেলে পাকিস্তান রক্ষা পাবে না সেটা পরিস্কার হয়ে গিয়েছে। পাক প্রধানমন্ত্রী বলেছেন আমাদের কাছে অকল্পনীয় হলেও তা মেনে নিয়ে এগোতে হবে। আছাড়া আর কোনও রাস্তা খোলা নেই। বেশ কয়েকটি ক্ষেত্রে ভর্তুকি তুলে দেওয়ার কথা বলা হয়েছে। যেগুলি মেনে নিলে সরকার বিরোধী ক্ষোভের সামাল দেওয়া একেবারে অসম্ভব। চিন কিন্তু এ ব্যাপারে একটি কথা বলছে না। চিন যেভাবে পাকিস্তানের পাশে গিয়ে দাঁড়াতে শুরু করে দিয়েছিল সেখান থেকে ক্রমশ পিছনর দিকে সরে আসতে শুরু করেছে। এদিকে ভারতের সঙ্গে রাশিয়া এবং জাপানের বন্ধুত্ব থাকায় চিন কোনও রকমভাবে সুবিধা করতে পারছে না। অরুণাচল প্রদেশে ভারতের প্রধানমন্ত্রী মোদি এবং দালাই লামার বৈঠক নিয়ে চিন বিরক্ত প্রকাশ করেছে। দালাই লামাকে ভারত রাজনৈতিক আশ্রয় দিয়ে তিব্বতে ভারত উস্কানি দিতে শুরু করে দিয়েছে বলে চিন বলতে শুরু করেছে। কিন্তু ভারত থেকে বলা হয়েছে তিব্বত, কৈলাশ এবং মানস সরোবর ভারতের একটি অংশ ছিল। ভারতের মহাকাব্যে এবং পুরাণে তিব্বতের উল্লেখ রয়েছে। এই সব অঞ্চলগুলিকে ভারতবাসীরা মনে করে যে তাদের দেব দেবীর বসবাস স্থান। হিন্দু পুরাণ গ্রন্থে তার উল্লেখ রয়েছে। এসব পুরাণ গ্রন্থগুলির বয়স কয়েক শো বছরের প্রাচীন। চিন ভারতের পুরাণ গ্রন্থকে অস্বীকার করতে শুরু করেছে। ভারতীয় শাস্ত্র অধ্যায়ন করতে এসেছিলেন চিন দেশের পণ্ডিত ফাহিয়েন এবং হিউয়েন সাঙ। তাঁরা নালন্দা বিশ্ববিদ্যালয় থেকে পালি এবং সংস্কৃত ভাষা শিক্ষা গ্রহণ করেছিলেন। বর্তমান চিন সরকার তাদের ইতিহাস থেকে এই সব অধ্যায় একেবারে বাদ দিয়ে ফেলে দিয়েছে। তারা এখন বাজার অর্থনীতির কথা বলে। ভারত চিন সংস্কৃতির কথা একেবারে বলে না। ভারতের গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে বিপন্ন করতে চিন সব সময়ে চেষ্টা করতে শুরু করে দিয়েছে। ভারতের চিরকালের প্রিয় বন্ধু রাশিয়া ভারতের পাশে থাকার ফলে চিন সাহস করতে পারছে না। তবে চিন অপেক্ষা করে রয়েছে সুযোগের। একটু সুযোগ পেলেই চিন ভারতের ওপরে ঝাঁপিয়ে পড়তে দ্বিধাবোধ করবে না সেটা পরিস্কার হয়ে গিয়েছে। চিন ভারতের কোনও বন্ধু রাষ্ট্র হতে পারে না তার প্রমাণ তারা দিয়েছে। সেই কারণে বর্তমান মোদি সরকার চিন সম্পর্কে একেবারে সজাগ। বন্ধু রাশিয়াকে পাশে রেখে সস্তায় তেল চায় ভারত। সেই কারণে রাশিয়ার বিরুদ্ধে ভারত কোনও রকমভাবে কথা বলছে না এবং ভোট দানে বিরত থাকছে। সস্তায় তেল পাওয়া না গেলে ভারতের সব কলকারখানাগুলি একেবারে বন্ধ হয়ে যাবে এবং ভারতের অবস্থা হয়ে উঠবে একেবারে শ্রীলঙ্কার মতো। ভারতে শ্রীলঙ্কার মতো পরিস্থিতি যাতে তৈরি হতে না পারে তার জন্যই এখন রাশিয়ার পক্ষে কথা বলছে। বরবারই ভারত রাশিয়া কোনও বিপদ উপস্থিত হলে এক হয়ে যায়। ভারত পাকিস্তান যুদ্ধে আমেরিকার পাকিস্তানের পক্ষে থাকলেও রাশিয়া ভারতের পক্ষে ছিল। তার ফলে বাংলাদেশকে স্বাধীন করা সম্ভব হয়। বর্তমান রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনও ভারতকে সমর্থন করতে শুরু করে দিয়েছেন। তিনি ভারতের সিদ্ধান্তে খুশি বলা যেতে পারে।

### ঠাকুর রামকৃষ্ণ কথামৃত



সমগ্র ভারতবাসীকে জাগরিত করতে হবে। একযোগে কাজ করতে হবে। মনের মধ্যে অপরাধবোধকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই জয়ের শক্তি গ্রহণ করতে হবে। মা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। মা ভবতারিণী কাউকে নিরাশ করেন না। তিনি সবাইকে সমানভাবে শক্তি দিয়েছেন। মায়ের কাছ থেকে শক্তিকে সঞ্চয় করে তার সঠিক প্রয়োগ করতে হবে। শ্যামা মা তার সঠিক উপায় বলে দেবেন। শক্তিকে কীভাবে এবং কোনও পথ ধরে পরিচালিত করলে সঠিক পথের সন্ধান পাওয়া সম্ভব, দিশা দেখাবেন। শ্যামা মা হচ্ছেন শক্তিদায়িনী। জ্ঞানশক্তিদায়িনী। ভক্তিদায়নী। ঠাকুর রামকৃষ্ণদেব বললেন, মা ভবতারিণী হচ্ছেন দৈব্য মহাশক্তি অধিকারিণী।

# স্বামী বিবেকানন্দের কণ্ঠে রবীন্দ্রনাথ ঠাকুরের গান

**রবীন্দ্র কুমার শীল**

গীতিকার, সুরকার, গায়ক হিসাবে নরেন্দ্রনাথ দত্ত তথা স্বামী বিবেকানন্দ তাঁর যুগে প্রবাদ প্রতিম ছিলেন। ঠাকুর বাড়ির সঙ্গে বিবেকানন্দের যোগাযোগটা ছিল মূলক গানকে কেন্দ্র করেই। ডাক্তার ভূপেন্দ্রনাথ দত্ত তাঁর ভাইয়ের সম্পর্কে লিখেছেন, ''নরেন্দ্র ক্লাসিক্যাল সঙ্গীতের একজন সুদক্ষ গায়ক ছিলেন। এই রুচি তিনি লাভ করেছিলেন তাঁর পিতার কাছ থেকে।'' রবীন্দ্রনাথের বেশ কিছু গান নরেন্দ্রনাথ নিয়মতি গাইতেন। এই সব গানগুলি রবীন্দ্র নাথ ২২ থেকে ২৫ বছরের মধ্যে রচনা করেছিলেন। রবীন্দ্রনাথের গানে স্বামী বিবেকানন্দ নিয়ে একটি মূল্যবান বই প্রকাশিত হয়েছে। বইটি লিখেছেন ডাক্তার সুকান্ত মুখোপাধ্যায়। পেশায় চিকিৎক। কিন্তু তার মধ্যে থেকে অক্লান্ত পরিশ্রম করে বই লিখেছেন। বইয়ের নাম দিয়েছেন-'বিবেকানন্দের কণ্ঠে রবীন্দ্রনাথের গান'। রবীন্দ্রনাথ এবং বিবেকানন্দ সমবয়সী। দুজনই খুব কাছাকাছি থাকেন। রবীন্দ্রনাথের বড়দা দ্বীজেন্দ্রনাথ ঠাকুরের পুত্র দ্বীপেন্দ্রনাথ বিবেকানন্দ্রের সহপাঠী ছিলেন। রবীন্দ্রনাথের জন্ম ১৮৬১ সালে। আর স্বামী বিবেকাননেদর জন্ম ১৮৬৩ সালে। মাত্র এক বছর আট মাসের ব্যবধান। প্রমথনাথ বসু স্বামী বিবেকানন্দ জীবনগ্রন্থে লিখেছেন, ''সর্বাপেক্ষা তাঁর প্রতিভার বিকাশ হয়েছিল সঙ্গীতে। তিনি আশৈশব সঙ্গীত প্রিয় ছিলেন।'' বিবেকানন্দ বলিতেন, তাঁর পিতা সুকণ্ঠি ছিলেন। তিনি আবার নিধুবাবুর টপ্পা গাইতেন পারতেন। মাতা ভূবনেশ্বরী দেবী বৈষ্ণব ভিক্ষুক এবং রাতভিখারিদের কাছ থেকে গান শুনে হুবাহু তা তুলে ফেলতে পারতেন। সঙ্গীতের চর্চা দত্ত বাড়িতে ছিল এটা পরিস্কার। সেই পরিবেশের মধ্যে থেকে নরেন্দ্র নাথ ভালো করে গানকে রপ্ত করেছিলেন। সঙ্গীতে তাঁর সুনাম সর্বত্র ছড়িয়ে পড়তে শুরু করে দিয়েছিল। সুপ্রসিদ্ধ সঙ্গীত বিশারদ আহমদ খাঁর শিষ্য বেণী গুপ্ত নামে একজন ওস্তাদের কাছ থেকে নরেন সঙ্গীত শিক্ষা গ্রহণ করেছিলেন। ওস্তাদের কাছ থেকে রাগরাগিনীর সঙ্গীত শিক্ষা গ্রহণ করেছিলেন। স্বামী লোকেশ্বরানন্দ মহারাজ লিখেছেন, ''৫ মার্চ ১৮৮২ থেকে ২২ শে এপ্রিল ১৮৮৬ পর্যন্ত নরেন্দ্রনাথ শ্রীরামকৃষ্ণকে মোট ৫১টি গান শুনিয়েছিলেন। চার মধ্যে ৬টি গান রবীন্দ্রনাথের। বলরাম বসুর বাড়িতে গিরিশ, মণি, মাস্টার, লাটু ছাড়াও বেশ কয়েকজন ভক্ত ছিলেন। সেখানে নরেন ১১টি গান করেন। রবীন্দ্র সঙ্গীতের মধ্যে ছিল ''গগণের থালে রবি চন্দ্র দীপক জ্বলে।'' বলরাম বসুর বাড়িতে রথ টানা হবে। রথযাত্রা উপলক্ষ্যে ভক্ত সমাগম এবং কীর্তনের ব্যবস্থা করা হয়েছে। বিকালে তানপুরা নিয়ে নরেন গাইলেন- ''এসো মা এসো মা', মা ত্বং হি তারা' মতো প্রভৃতি ভক্তিগীতি। সেখানেও রবীন্দ্রনাথের একটি গান ছিল-''তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা''। অসুস্থ রামকৃষ্ণকে দেখতে এসেছন ডাক্তর মহেন্দ্রলাল সরকার। সেদিন সাবই উপস্থিত ছিলেন। নরেন তানপুরা এবং মৃদঙ্গ সুর তুলতেন। ভূপালি সুরে ত্রিতালে রবীন্দ্র সঙ্গীত গাইলেন নরেন-''একি এ সুন্দর শোভা, কি মুখ হেরি এ!'' গিরীশ ঘোষের বাগবাজারের বাড়িয়ে উপস্থিত সবার সামনে গেয়েছিলেন নরেন-'সব দুঃখ দূর করিলে দরশন দিয়ে-মোহিলে প্রাণ।' কাশীপুর বাগান বাড়িতে অসুস্থ রামকৃষ্ণদেবকে দেখতে উপস্থিত হয়েছেন রাজেন্দ্রলাল দত্ত। চিকিৎসা বিষয়ে কথা হল। নরেন্দ্রনাথ নিচে নেমে এসে আপনা আপনি গাইতেন লাগবেন-''সব দুঃখ দূর করিলে দরশন দিয়ে- মোহিলে প্রাণ।'' Satarday also I had a sort of un-warrananted party. Mrs. P.k.Roy and young Mr. Mukherjee, Mr. Mohini and the poet- and presently Swami with Dr. Sarkar (Mahendralal). It was quite a brilliant little gathering, for Mr. Tagore sang 3 of his own compositions in a lovely tenor- and Swami was lovely. Only there was some cloud- I could not tell what'' তবে ''cloud'' কথাটি কেন নিবেদিতা বলেছিলেন তা নিয়ে তিনি কোনও কথা বলেননি। নিশ্চয় সেই সময়ে কোনও ঘটনা ঘটেছিল। সন্ন্যাস গ্রহণ ঠাকুর বলতেন, ওরে নরেন, তোর বহু প্রতিভা। তোকে কেউ আটকে রাখতে পারবে না। একদিন তুই সবাইকে অতিক্রম করে উচ্চ পদে আসীন হবি। সেটাই পরবর্তী সেটাই হয়েছিল। 'গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে' এই রবীন্দ্র সঙ্গীতটি বিবেকানন্দ দু'বার ঠাকুরের সামনে বসে গেয়েছিলেন। রবীন্দ্রনাথের ব্রাহ্ম সঙ্গীত। আদি ব্রাহ্ম সমাজ মন্দিরের প্রভাতকালের গান। একবার গান হয়ে গেলে ঠাকুর আবার আবদার করতেন, নরেন, এই গানটি আর একবার গা রে। ঠাকুরের ইচ্ছাকে স্বামী বিবেকানন্দ পূরণ করতে আর একবার গাইতে শুরু করতেন। 'দিবা নিশি করিয়া যাপন, হৃদয়েতে রচেছি 'সখী, আমারই দুয়ারে কেন আসিল' -এই রকম বেশ কিছু রবীন্দ্র সঙ্গীত গাইতেন স্বামী বিবেকানন্দ। বিবেকানন্দ বলতেন, পঞ্চ ইন্দ্রীয়কে খোলা রাখতে হবে। সেটা যিনি করতে পারেন তিনি সব কিছু চর্চা করার অধিকারী হতে পারেন। তার কাছে সব কিছুই গ্রহণীয় হয়ে থাকে। বিশ্বের সব দ্বার খোলা থাকে। তিনি সবার কাছে প্রিয় হয়ে ওঠেন আপন প্রতিভাবলে। ঠাকুর রামকৃষ্ণদেব তাঁকে এই সব শিক্ষা দান করেছিলেন। অজ্ঞান হয়ে থাকা হচ্ছে সবচেয়ে বড় মুর্খামী। ঠাকুর বলতেন, সব সময়ে সব কিছু জানার চেষ্টা করবি। সব কিছু জেনে তাকে মনের মধ্যে বিশ্লেষণ করে সত্যের সন্ধান করতে থাকবি। তাহলে সত্য এসে ধরা দিতে থাকবে। সেই কারণে আমরা দেখতে পাই স্বামী বিবেকানন্দ যেমন ভালো বাংলা বলতে এবং লিখতে পারতেন, আবার তিনি ভালো বক্তৃতা দিতে পারতেন। গানও ভালো গাইতে পারতেন। স্বামী বিবেকানন্দ যখন গান গাইতেন তখন মাইক ছিল না। সঙ্গীতকে সহযোগিতার করার জন্য আধুনিক যন্ত্রও ছিল না। কেবল মাত্র খালি গলায় গাইতে হতো। গলা সুরেলা না হলে সে গাইতে পারতো না। সঙ্গে থাকতো হারমোনিয়াম এবং তবলা। এছাড়া আর কোনও বাদ্যযন্ত্র থাকতো না। দক্ষিণেশ্বরের গঙ্গার তীরে বসে যখন ঠাকুর রামকৃষ্ণ আবদার ধরতেন, নরেন এই গঙ্গার পাড়ে বসে একটি ভালো ভক্তি গীতি গান করে শোনা না। তোর গান না শুনলে আমার ভালো ঘুম হয় না। সেই সময়ে প্রায় হারমোনিয়াম ছাড়া খালি গলায় ভক্তিগীতি থেকে শুরু করে রবীন্দ্র সঙ্গীত গাইতে থাকতেন বিবেকানন্দ। সেই গলার এত বেশি জোর এবং সুরেলা ছিল দূর থেকে তা শুনতে পাওয়া যেত। গোটা দক্ষিণেশ্বর মন্দির গমগম করে উঠতো। বিবেকানন্দের গান সবার কাছে প্রিয় ছিল। পেশাদারি সঙ্গীত শিল্পীর মতো তিনি গান গাইতে পারতেন বিবেকানন্দ। তিনি বলেছিলেন, তাঁর গানের শিক্ষাগুরু হচ্ছেন তাঁর পিতা এবং মাতা। গৃহ শিক্ষক তাঁকে পড়াশুনা করার ফাঁকে গান গাইতে বলতেন। আর স্বামী বিবেকানন্দ খালি গলায় গান গেয়ে বাড়ির সবাইকে মুগ্ধ করে দিতে পারতেন। তাঁর মা থেকে শুরু করে পিতাও পর্যন্ত শুনে প্রশংসা করেছেন। তাঁরা একটি সময়ে চিন্তা করেছিলেন যে নরেনকে ওস্তাদ রেখে গান শেখাবেন। কিন্তু পড়াশুনার চাপে পড়ে গানের প্রশিক্ষণ নেওয়া সম্ভব হয়নি। তবুও নিজ চেষ্টায় অনবরত আগ্রহে তিনি সেতার, তানপুরা থেকে শুরু করে তবলা, হারমোনিযাম বাজাতে পারতেন। পরে তিনি পিয়ানো বাজনা শিখেছিলেন বিদেশে থাকার সময়ে। যেহেতু তিনি হারমোনিয়াম বাজাতে পারচেন সেই কারণে তাঁর পিয়ানো বাজানা শিখতে কষ্ট হয়নি। অতি দ্রুত শিখে ফেলেছিলেন। বিবেকানন্দের সঙ্গীত প্রতিভা সম্পর্কে কিছু তথ্য জানতে পারলাম। স্বামী বিবেকানন্দ আবার খেতে ভালো বাসতেন। তিনি বিদেশে থাকার সময়ে বিদেশি পদ খেতে পছন্দ করতেন। এই নিয়ে লেখক 'শংকর' বইও লিছেছেন।

ঠাকুর রামস্কৃষ্ণদেবের তিরোধানের পর বরহনগর মঠে ধ্যানের ঘরে নরেন্দ্রের সঙ্গে সারদাপ্রসন্নের কথা হচ্ছিল। নরেন্দ্রনাথ প্রসন্নকে দুটি গান শুনিয়েছিলেন। তার মধ্যে একটি গান রবীন্দ্র সঙ্গীত ছিল- ''আমরা যে শিশু অতি, অতি ক্ষুদ্র মন।'' ১৮৮৮ সালে স্বামীজী শুরু করলেন পরিব্রাজক জীবন। সেই সময়ে তিনি সর্বপ্রথম কাশীতে গিয়ে উপস্থিত গেয়েছিলেন ছিলেন। সেখান ক্ষিতিমোহন সেনকে গান শুনিয়েছিলেন। তিনি বলেছিলেন যে আমার ভাগ্য এমন যে প্রথম রবীন্দ্র সঙ্গীত শুনতে পাই কাশীতে। স্বামী বিবেকানন্দের সঙ্গে রবীন্দ্রনাথের একবার সাক্ষাৎ হয়েছিল ১৮৯৯ সালে। নিবেদিতা চা চক্রের আয়োজন করেছিলেন। সেখানে উপস্থিত ছিলেন সস্ত্রীক শ্রী পি.কে রায়, ডাক্তার মহেন্দ্রলাল সরকার, মোহিনীবাবু, রবীন্দ্রনাথ এবং স্বামীজি। এই সভা প্রসঙ্গে নিবেদিতা কি বলেছিলেন তা দেখা যেতে পারে- ''On করলেও স্বামীজি কিন্তু সঙ্গীত বন্ধ করেনি। তিনি বিদেশে যেসব স্থানে গিয়েছেন সেখান সঙ্গীত সম্পর্কে আগ্রহ প্রকাশ করেছেন এবং সেখানকার নিয়ে সঙ্গীত চর্চা করেছেন। বিবেকানন্দের সঙ্গীত চর্চা নিয়ে 'বিবেকানন্দের কণ্ঠে রবীন্দ্রনাথের গান' বইটিতে বিশদে আলোচনা করা হয়েছে। সঙ্গে রয়েছে বিবেকানঃদ কোন গানগুলিয়ে গেয়েছেন তার তালিকা এবং গানগুলিকেও স্থান দেওয়া হয়েছে। স্বামী বিবেকানন্দ রামকৃষ্ণদেবকে প্রায় সময়ে গান শোনাতেন। বিশেষ করে তিনি অসুস্থ থাকার সময়ে। কাশীপুর এবং বরাহনগরে বহুবার নরেন গা গেয়ে ঠাকুরকে মুগ্ধ করেছেন। স্বামী বিবেকানন্দ যখন দক্ষিণেশ্বরের নাট মন্দিরে বসে ঠাকুরকে রবীন্দ্র সঙ্গীত শোনাতেন তখন কোনও বিদ্যুৎ ছিল না। গ্যাসের আলোর ব্যবস্থা ছিল। খালি গলায় ঠাকুরকে গান গেয়ে শোনাতেন স্বামী বিবেকানন্দ। ঠাকুর তার গান শুনে সকলে মোহিত হয়ে যেতেন। আসন' গানটি রবীন্দ্র সঙ্গীত। এই গানটি বিবেকানন্দ ঠাকুর রামকৃষ্ণদেবকে শুনিয়েছিলেন। হোক না ব্রাহ্ম সঙ্গীত। ঠাকুরের তাতে শুনতে কোনও বাধা নেই। রবীন্দ্র সঙ্গীত শুনে ঠাকুর একেবারে মুগ্ধ হয়ে গিয়েছিলেন। ধর্ম মতের বিপক্ষে থাকলেও ঠাকুর কোনও সময়ে রবীন্দ্রনাথকে ছোট করেননি। আবার রবীন্দ্রনাথ কোনও সময়ে ঠাকুর রামকৃষ্ণদেব বা বিবেকানন্দ সম্পর্কে বিরূপ মন্তব্য করেননি। 'দুখ দূর করিলে, দরশন দিয়ে মোহিলে প্রাণ' এই রবীন্দ্র সঙ্গীতটি গেয়ে ঠাকুর রামকৃষ্ণদেবকে শানিয়ে ছিলেন বিবেকানন্দ। 'মহা সিংহাসনে বসি শুনিছ', 'হে বিশ্বপিত', 'এ কী এ সুন্দর শোভা', 'আমরা যে শিশু অতি', 'অতি ক্ষুদ্র মন', 'জগতের পুরোহিত তুমি তোমার এ জগত মাঝারে', 'শুভদিন এসেছে দোঁহে চরণে তোমার', 'দুজনে যেথায় মিলিছে সেথায় তুমি থাকো', 'মরি লো মরি, আমায় বাঁশিতে ডেকেছে কে',

# তুর্কি নেতৃত্ব বিশ্ববাসীর প্রশংসা কুড়িয়েছে

**বিশেষ প্রতিনিধি**

...গত ০৩.০২.২০২৩ সংখ্যার পর

বোল্টন জানান, শোলজের প্রতিশ্রুতিগুলো সন্দেহের মধ্যে নিপতিত। নতুন অস্ত্র ক্রয় ও পুরনো যুদ্ধবিমানের বহর মার্কিন এফ-৩৫ দিয়ে প্রতিস্থাপনের জন্য বার্লিনের ১০০ বিলিয়ন ইউরো ব্যয় করার কথা। এখনো তার কোনো চুক্তিই হয়নি। তবে আমলাতান্ত্রিক অভ্যন্তরীণ দ্বন্দ্বের বিষয়ে তিনি কোনো মন্তব্য করেননি। সবচেয়ে মারাত্মক হলো, কিয়েভে জার্মানির লিউপার্ড-২ ট্যাংক দেয়ার কথা, এখন পর্যন্ত জার্মানির সেসব দেয়ার লক্ষণ দেখা যাচ্ছে না। এই ব্যাটল ট্যাংক বিশ্বসেরা বলে খ্যাত। লিউপার্ড-২ ট্যাংকগুলো যুদ্ধের গতি প্রকৃতি বদলে দিতে পারে। পুতিন সাফ জানিয়ে দিয়েছেন, এই ট্যাংক দেয়া হলে ওই সব দেশও যুদ্ধের আওতায় আসবে এবং কোনো হুঁশিয়ারি ছাড়া আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হবে। ট্যাংক সরবরাহে এখন জার্মানি সরকার দ্বিধাগ্রস্ত। বোল্টন টোকিওর প্রশংসা করেছেন। আগামী পাঁচ বছরে সামরিক ব্যয় দ্বিগুণেরও বেশি করার কিসিদার সাম্প্রতিক সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তিনি বলেন, এটি ভালো পদক্ষেপ। তবে ফ্রান্সের বিষয়ে বোল্টন আশাপ্রদ কিছু বলেননি। তিনি ইউক্রেনে যুদ্ধ বন্ধে কূটনৈতিক পদক্ষেপ নেয়ার জন্য প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সমালোচনা করেন। পূর্ব দিকে ন্যাটোর সম্প্রসারণ নিয়ে মস্কোর উদ্বেগ স্বীকার করে 'ক্রেমলিন টক পয়েন্ট' অনুষ্ঠানে বোল্টন অভিযোগ করে বলেন, বলকান, আফগানিস্তান ও লিবিয়ায় বোমা হামলা চালানো সত্ত্বেও সামরিক জোট সবসময় 'প্রতিরক্ষামূলক জোট' হিসেবে কাজ করেছে। ২০১৮ থেকে ২০১৯ সাল পর্যন্ত প্রেসিডেন্ট ট্রাম্পের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব পালন করা বোল্টন এর আগে, প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান, জর্জ এইচ ডব্লিউ বুশ ও বুশের জন্য বিভিন্ন ভূমিকা পালন করেন। সম্প্রতি, তিনি ২০২৪ সালে হোয়াইট হাউজের সম্ভাব্য প্রতিদ্বন্দ্বিতারও ইঙ্গিত দিয়েছেন। দাবি করেছেন, রিপাবলিকান দলের মধ্যে ট্রাম্পকে পরাজিত করতে সক্ষম একমাত্র ব্যক্তি হতে পারেন তিনি নিজে। হোয়াইট হাউজের কিছু কর্মকর্তার মতে, আঙ্কারা জোটের অন্যান্য দেশের জন্য একটি 'খারাপ উদাহরণ' এবং সম্ভাব্য বিভক্তি এমনকি সামগ্রিকভাবে ন্যাটোর পতনের অগ্রদূত হয়ে উঠতে পারে তুরস্ক। বোল্টনের মতে, এ মুহূর্তে এবং এ সঙ্ঘাতের সময় ঐক্য ও সঙ্কল্প পশ্চিমের প্রধান সমস্যা। জন বোল্টন কেবল চরমপন্থীই নন পশ্চিমী পর্যবেক্ষকদের মতে, মার্কিন পররাষ্ট্রনীতি সম্পর্কিত চরমপন্থী বাগাড়ম্বরেরও হোতা। এমনকি ট্রাম্প, যিনি নিজেই আমেরিকান পররাষ্ট্রনীতি সম্পর্কে তার মৌলবাদী দৃষ্টিভঙ্গির জন্য পরিচিত ছিলেন, বোল্টনের জঙ্গি বাগাড়ম্বর, যুদ্ধ যুদ্ধ মতামত পছন্দ করেননি। বোল্টনের ইরানবিরোধী প্রচেষ্টার জন্য আমেরিকানরা তাকে, 'ইরানি-বাজপাখি' বলে ডাকা শুরু করেন। আমেরিকা ফার্স্টের ফর্মুলাদাতাও বোল্টন। তিনি বিশ্বাস করেন, বিশ্বের বিরুদ্ধে যুদ্ধ করে প্রমাণ করতে হবে যে, আমেরিকাই সেরা। ট্রাম্প বলতেন, 'এমন কোনো যুদ্ধ নেই যা বোল্টনের পছন্দ নয়'। তিনি প্রতিনিয়ত ইরানের পরমাণু স্থাপনায় বোমা হামলা করে কেন্দ্রগুলো নির্মূল করতে চেয়েছেন, আফগানিস্তান, রাশিয়া ও উত্তর কোরিয়া প্রতিটি ক্ষেত্রে প্রেসিডেন্টের সাথে দ্বিমত ও বাগবিতণ্ডা করেছেন। উত্তর কোরিয়া একপর্যায়ে বোল্টনকে সাথে না আনার জন্য ট্রাম্প প্রশাসনকে অনুরোধ করেছিল। ট্রাম্প ইরানি প্রেসিডেন্ট হাসান রোহানির সাথে আলাপের ইচ্ছা প্রকাশ করলে বোল্টন তীব্র বিরোধিতা করেন এবং ইরানের তেল রফতানি শূন্যের কোটায় নিয়ে আসার পরামর্শ দেন। ট্রাম্প সেদিকে পা বাড়ান। এর ফলেই হরমুজ প্রণালীর যুদ্ধে জড়িয়ে ব্রিটেনের ত্রাহি অবস্থা, গ্রেস ওয়ান হাতছাড়া, বন্ধুদেশ জিব্রাল্টারের সাথে বিরোধ। এসব নানা ঘটনায় ট্রাম্প অতিষ্ঠ হয়ে ওঠেন। স্টেট ডিপার্টমেন্টের অনেক কর্মকর্তা বোল্টনকে 'ডঃ নো' বলে ডাকতেন। পরে ট্রাম্প বোল্টনকে সরিয়ে দেন। বোল্টনের পরামর্শেই ট্রাম্প পরমাণু চুক্তি থেকে সরে আসেন। কিন্তু চুক্তির শৃঙ্খলমুক্ত হয়ে ইরান 'ওয়েপন গ্রেড ইউরেনিয়াম' সমৃদ্ধকরণে হাত দেয়। এ জন্য ট্রাম্প বোল্টনকে দোষেন। বোল্টন আফগানিস্তানের তালিবানের সাথে শান্তিচুক্তির বিরোধিতা করেছিলেন। তালিবান নেতাদের ক্যাম্প ডেভিডে ট্রাম্প যে আমন্ত্রণ জানান, বোল্টন তারও বিরোধিতা করেন। উত্তর কোরিয়া প্রশ্নেও ট্রাম্পের সাথে বোল্টনের তীব্র মতবিরোধ হয়। কিমের সাথে শীর্ষ বৈঠক ডাকায়, বোল্টন ঘোরতর আপত্তি করেন। তার এই কঠোর অবস্থানের কারণে ট্রাম্প সন্দেহ করতেন, বোল্টন চান না উত্তর কোরিয়ার সাথে শান্তিচুক্তি হোক। ভেনিজুয়েলার ক্ষেত্রে বোল্টন ট্রাম্পকে যে আশ্বাস দিয়েছিলেন তার উল্টোটা ঘটেছে। সেখানে মার্কিন বিদেশনীতি ব্যর্থ হয়। তখন বোল্টনকে দায়ী করে ট্রাম্প বলেন, 'সে আমাকে ভুল পথে পরিচালিত করেছে'। বিশ্বের বড় বড় ঘটনায় বোল্টনের পরামর্শে ট্রাম্প প্রশাসন ব্যর্থ হয়েছে। ইসরাইলের প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী শাওল মোফাজ স্বীকার করেন, বোল্টন তাকে ইরানে হামলা চালাতে পরামর্শ দিয়েছিলেন। কিন্তু ইসরাইল চায় আমেরিকা সরাসরি আক্রমণ করুক, সে 'সেকেন্ড ডিফেন্স লাইন' হিসেবে কাজ করবে। এ অবস্থায় আর যুদ্ধ বাধেনি। সামরিক আগ্রাসনের মাধ্যমে বিরোধের নিষ্পত্তিই বোল্টনের পছন্দ। উত্তর কোরিয়া ইস্যু পরমাণু বোমা মেরে শেষ করার পক্ষে মত দিয়েছেন। কিন্তু ইসরাইল উত্তর কোরিয়ার আগে ইরানের বিষয়টি নিষ্পন্ন করার জন্য ট্রাম্পকে চাপ দেয় এবং বোল্টন ইসরাইলের ইচ্ছাতে ঘি ঢেলেছিলেন। সমালোচকরা মনে করেন, পশ্চিমী মৌলবাদের সব উপাদান বোল্টনের শিরায় প্রবাহিত। বোল্টনের বিরুদ্ধে অভিযোগ আছে, তিনি নিয়মিত নেতানিয়াহু ও ট্রাম্পের কাছ থেকে 'বকশিশ' নিতেন। মার্কিন দৈনিক ওয়াশিংটন পোস্ট খবর দিয়েছে, ইরানের সরকারবিরোধী মুজাহেদিন খালকের কাছ থেকেও বোল্টন নিয়মিত অর্থ গ্রহণ করেন। বোল্টন এখন মূল রাজনীতির ধারায় ফিরে আসার কথা বলছেন। এনবিসিকে দেয়া সাক্ষাৎকারে জানান, তিনি ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পুরোপুরি ইচ্ছুক। এরদোগান এসব বিষয়ে মিডিয়ায় বলেছেন, তুরস্ক স্বাধীন পররাষ্ট্রনীতি নিয়ে এগোচ্ছে, নিজের সামরিক শক্তি ও এনার্জি সংহত করছে। ন্যাটো বা কোনো পশ্চিমী দেশের 'ডিকটেশন' নিয়ে চলার দিন শেষ। এসসিও শীর্ষ সম্মেলনের পর এরদোগান ঘোষণা করেন, আঙ্কারা জোটনিরপেক্ষ পররাষ্ট্রনীতির লক্ষ্য অনুসরণ করবে, যা ন্যাটোর পক্ষে সম্ভব নয়। এই সিদ্ধান্ত বোল্টনকে এরদোগানফোবিয়ায় ভোগাচ্ছে। ২০২২ সালে তুর্কি নেতৃত্ব বিশ্ববাসীর প্রশংসা কুড়িয়েছে। সেটি এ বছরও অব্যাহত থাকবে এমনই আশা করছেন এরদোগান।

# মতুয়া মহাসংঘের পক্ষ থেকে শিলিগুড়ি ইস্টার্ন বাইপাসের ঠাকুর নগর এলাকায় বিরাট মিছিল

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ ফেব্রুয়ারি ঃ মতুয়া সম্প্রদায়ের প্রাণপুরুষ হরিচাঁদ ঠাকুর ও গুরুচাঁদ ঠাকুর। সরকারি সভা মঞ্চ থেকে সেই হরিচাঁদ ঠাকুরকে রঘুচাঁদ ও গুরুচাঁদ ঠাকুরকে গরুচাঁদ বলেছেন মুখ্যমন্ত্রী। এভাবে প্রাণপুরুষের নাম বিকৃত করার ঘটনায় ক্ষুব্ধ মতুয়ারা। আসছে পঞ্চায়েত ভোট। তার আগে মমতা বন্দ্যোপাধ্যায় বিভিন্ন জেলায় সফর করছেন। ৩১ জানুয়ারি তিনি মালদার গাজোলে যান। সেখানে প্রশাসনিক সভা করেন। ওই অঞ্চলটি মতুয়া অধ্যুষিত। ভোটারদের একটি বড় অংশ মতুয়া সম্প্রদায়ভুক্ত। সেখানে তিনি তাঁর বক্তৃতায় মতুয়াদের জন্য তৃণমূল সরকার কী কী করেছেন তা তুলে ধরেন। বক্তৃতা দেওয়ার সময় মতুয়াদের আরাধ্য হরিচাঁদ ঠাকুর ও গুরুচাঁদ ঠাকুরের নাম উচ্চারণ করেন মুখ্যমন্ত্রী। কিন্তু মুখ ফসকে রঘুচাঁদ গুরুচাঁদ না বলে রঘুচাঁদ গরুচাঁদ বলে ফেলেন। মুখ্যমন্ত্রীর মন্তব্যে অসন্তুষ্ট হন মতুয়া সম্প্রদায়ের মানুষেরা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই মন্তব্য করায় এই সুযোগ হাতছাড়া করেনি বিরোধী গেরুয়া শিবির। শুরু হয়েছে রাজনৈতিক তরজা তারি প্রতিবাদে সারা ভারত মতুয়া মহাসংঘের পক্ষ থেকে আন্দোলনে নামে মতুয়া সম্প্রদায়ভুক্তরা। সেই ভাবে শিলিগুড়ি হাতিয়াডাঙ্গা ঠাকুর নগর শাখা মতুয়া মহাসংঘের পক্ষ থেকে আজ শিলিগুড়ি ইস্টার্ন বাইপাসের ঠাকুর নগর এলাকায় একটি বিরাট মিছিল বের করা হয়। এরপর ইস্টার্ন বাইপাসের ঠাকুর নগর এলাকায় মেন সড়ক অবরোধ করেন। সারা ভারত মতুয়া মহাসংঘের জলপাইগুড়ি জেলার সভাপতি দীপঙ্কর বালা বলেন, ''গাজোলের সভায় রাজ্যের মুখ্যমন্ত্রী মতুয়া সম্প্রদায়ের প্রাণপুরুষ হরিচাঁদ ঠাকুর ও গুরুচাঁদ ঠাকুরের নাম যেভাবে বিকৃত করেছেন তাতে আমাদের সম্প্রদায় ভীষণ ব্যথিত ও ক্ষুব্ধ। তিনি হরিচাঁদ ঠাকুরকে 'রঘুচাঁদ' ও গুরুচাঁদ ঠাকুরকে 'গরুচাঁদ' বলেছেন। শুধু তাই নয়। নাম বিকৃত করার পর মুখ্যমন্ত্রী মঞ্চে উপস্থিত অন্যান্যদের থেকে নিশ্চিত হয়েছেন যে তিনি যা বলেছেন সেটা ঠিক কী না। মুখ্যমন্ত্রীর এমন মন্তব্যের জন্য আমাদের ভাবাবেগ ব্যাপকভাবে আঘাতপ্রাপ্ত হয়। এরই প্রতিবাদে শনিবার মুখ্যমন্ত্রীর মন্তব্যের মতুয়া সম্প্রদায় আন্দোলনে নামে। তাদের দাবি অতি সত্যি মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমা মার্জনা না চাইলে এর থেকে বৃহত্তর আন্দোলন করবেন মতুয়া সম্প্রদায় মানুষজন।

# শনিবার থেকে ৪৮ ঘণ্টার বন্ধের ডাক সিকিমের প্রধান বিরোধী দলের

দুরন্ত বার্তা, গ্যাংটক, ৪ ফেব্রুয়ারি ঃ সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ নিয়ে বিক্ষোভে উত্তাল সিকিম। শনিবার থেকে ৪৮ ঘণ্টার বন্ধের ডাক দিয়েছেন পবন চামলিং। বিক্ষোভ, বন্ধের ধাক্কা লেগেছে সিকিমের পর্যটনেও। সম্প্রতি শীর্ষ আদালতের একটি পর্যবেক্ষণে বলা হয়েছে, সিকিমের নেপালিরা 'বিদেশি বংশোদ্ভূত'। আর এ নিয়েই গত কয়েক দিন ধরে উত্তপ্ত সে রাজ্যের পরিস্থিতি। ওই পর্যবেক্ষণ সংশোধনের জন্য শীর্ষ আদালতে আবেদন করা হয়েছে রাজ্য সরকারের তরফে। শনিবার থেকে ৪৮ ঘণ্টার বন্ধের ডাক দিয়েছে সিকিমের প্রধান বিরোধী দল সিকিম ডেমোক্র্যাটিক ফ্রন্ট। আগামী ৯ ফেব্রুয়ারি বিধানসভায় জরুরি অধিবেশনের ডাক দিয়েছেন সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং। সিকিমের নেপালিদের 'অভিবাসী' তকমা দেওয়া নিয়ে গত কয়েক দিন ধরেই বিক্ষোভের আঁচ ফুটছে রাজ্যটি। এই নিয়ে পথে নেমেছেন অনেকেই। সিকিমের এই পরিস্থিতির জেরে ধাক্কা খেয়েছে সে রাজ্যের পর্যটনও। এই আবহে সিকিম সফর থেকে পিছিয়ে এসেছেন বহু পর্যটক। যারা ইতিমধ্যেই সিকিমে বেড়াতে গিয়েছেন বন্ধের জেরে বিপাকে পড়েছেন তাঁরাও। বিক্ষোভের জেরে সম্প্রতি পদত্যাগ করেছেন সিকিমের স্বাস্থ্যমন্ত্রী মণি কুমার শর্মা। মুখ্যমন্ত্রী প্রেমকে লেখা পদত্যাগপত্রে মণি লেখেন, ''রাজ্য সরকার সিকিমের অধিবাসীদের ভাবাবেগ গুরুত্ব সহকারে বিচার করেনি।'' তিনি লেখেন, ''আমি অনুভব করছি, এই সরকারে থাকার আর প্রয়োজন নেই।'' পদত্যাগ করেছেন অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল সুদেশ জোশীও।

# কোচবিহার জেলা বিজেপির পক্ষ থেকে বিনা খরচে বিভিন্ন বড় হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করে দেওয়া হচ্ছে

দুরন্ত বার্তা, কোচবিহার, ৪ ফেব্রুয়ারি ঃ কোচবিহার জেলা বিজেপির পক্ষ থেকে শনিবার কোচবিহার গড়িয়াহাটি ক্লাবের মাঠে অনুষ্ঠিত হলো একটি স্বাস্থ্য শিবির। এই স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক, কোচবিহার জেলা বিজেপির সভাপতি সুকুমার রায়, তুফানগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিধায়িকা মালতী রাভা রায় সহ বিজেপির জেলা নেতৃত্বরা। এদিনের এই স্বাস্থ্য শিবিরের বিভিন্ন চিকিৎসকদের নিয়ে সাধারণ মানুষের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। এবং যে সমস্ত রোগের বাইরে গিয়ে চিকিৎসার প্রয়োজন রয়েছে সেই ক্ষেত্রেও এই স্বাস্থ্য শিবির থেকেই তাদের সহযোগিতা করা হয়। স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক বলেন, বহু গরিব মানুষ রয়েছে যারা বিভিন্ন রোগের চিকিৎসার জন্য বাইরে যাওয়ার প্রয়োজন থাকলেও তারা যেতে পারে না। সেই সমস্ত রোগের জন্য বাইরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। এর জন্য তাদের কোন পয়সা দিতে হবে না। বিনা খরচে তারা যাতে বাইরের বিভিন্ন বড় হাসপাতালে চিকিৎসা করাতে পারে তার ব্যবস্থা করে দেওয়া হচ্ছে।

# বাজার ঠিকমত না পাওয়ায় লোকসানের মুখে পূর্বস্থলীর কুল চাষিরা

দুরন্ত বার্তা, কালনা, ৪ ফেব্রুয়ারি ঃ আলু, ধান, পাটের মত চিরাচরিত ফসলের পরিবর্তে বিকল্প চাষ করেও লোকসান পড়েছে চাষিরা। পূর্বস্থলীর কালেখাতলা, ধীতপুর, সরডাঙ্গা প্রভৃতি গ্রামগুলিতে বিকল্প ফসল হিসেবে আপেলকুল, বাওকুল, সাদা কুলের ব্যাপক চাষ হয়েছে। কিন্তু বাজার ঠিকমতো না পাওয়ার কারণে চরম লোকসানের মধ্যে পড়েছেন কুল চাষিরা ট্রান্সপোর্ট-এর কারণে কুল পাইকাররা স্থানীয় বাজারগুলিতে আসছেন না। কারণ একে তো ডিজেলের দাম বেড়েছে। পাশাপাশি পরিবহন দপ্তর যেখানে সেখানে গাড়ি ধরে বহু টাকা ফাইন করে দিচ্ছে। ভয়ে ট্রাক মালিকরা বাজারে আসতে চাইছেন না। ফলে কুলের ঠিকমত বিক্রি নেই। সরস্বতী পুজোর সময় যেখানে কুলের দাম ছিল ১৭ থেকে ২২ টাকা কেজি। এখন তা ৪-৫ টাকা কেজি দরেও কুল কেনার খরিদ্দার নেই। পূর্ব বর্ধমান জেলার কৃষি প্রধান মহকুমারগুলির মধ্যে অন্যতম হল কালনা মহকুমা।

ভাগীরথী, বেহুলা, খড়ি, গুড়জোয়ানী, নিলেচকা, বাঁকা, গঙ্গুর প্রভৃতি বিভিন্ন নদী বয়ে গেছে কালনা মহকুমার মোট ৫টি ব্লকের উপর দিয়ে। ফলে নদী বিধৌত উর্বর মাটিযুক্ত ৫ টি ব্লকের প্রচুর ফসল উৎপন্ন হয় ধান, আলু, পাটই ছিল এখানকার প্রধান ফসল। কিন্তু প্রযুক্তির উন্নয়নে এই ফসলগুলির উৎপাদন উদ্বৃতের স্থানে পৌঁছে গেছে। ফলে দামতো কমেছেই, মাঝে মাঝে বিক্রি পর্যন্ত হতো না। অথচ সার, বীজ, কীটনাশক প্রভৃতি কৃষি উপকরণের মূল্য ক্রমবর্ধমান। স্বাভাবিক কারনেই কৃষিতে উৎপাদন ব্যয় বৃদ্ধিতে চাষে নিয়ত লোকসানের মধ্যে পড়ছেন কুল চাষী সহ বিভিন্ন ধরনের ফসলের চাষিরা।

# চারটি পথ কুকুরকে গরম পিচ ফেলে পুড়িয়ে মেরে ফেলার চেষ্টা দুষ্কৃতিদের

দুরন্ত বার্তা, মালদা, ৪ ফেব্রুয়ারি ঃ চারটি পথ শারমেয়কে গরম পিচে ফেলে পুড়িয়ে মেরে ফেলার চেষ্টা একদল দুস্কৃতি। নৃশংস এই ঘটনাটি

মালদা বৈষ্ণবনগর থানা এলাকায়। তিনদিন পর এই শারমেয়দের উদ্ধার করে এক পশু স্বেচ্ছাসেবী সংস্থার সাথে তুলে দেওয়া হয়েছে। শুরু হয়েছে চিকিৎসা। শারমেয়দের উপর এমন নির্যাতনের পর ইংরেজবাজার শহরে প্রতিবাদে পশু প্রেমীরা। সেই প্রতিবাদী যুবক- যুবতীর উপর হামলা। ঘটনা ঘিরে উত্তেজনা। পশুপ্রেমিকরা ইংরেজবাজার থানায় অভিযোগ দায়ের করে।

# সাংসদ রাজু বিস্তার বাড়ির সামনে আইএনটিটিইউসি-র বিক্ষোভ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ ফেব্রুয়ারি ঃ সাংসদের বাড়ির সামনে অবস্থান বিক্ষোভে বসল শাসক দলের শ্রমিক সংগঠন। চা বাগান শ্রমিকদের পিএফ প্রদান, চা বাগান শ্রমিকের নানা সরকারি সুবিধা প্রদান সহ একাধিক দাবিতে এদিন শিলিগুড়ির মাটিগাড়াতে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তার বাড়ির সামনে অবস্থান বিক্ষোভের শামিল হল আইএনটিটিইউসি। উপস্থিত ছিলেন আইএনটিটিইউসি-র রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, চা বাগানে শ্রমিকদের পিএফ পাওয়ার কথা থাকলেও এখনো পর্যন্ত তারা পিএফ এর সুবিধা থেকে বঞ্চিত। তার পাশাপাশি বিভিন্ন সরকারি সুবিধা ও তারা পাচ্ছে না। এই নিয়েই তাদের লাগাতার আন্দোলন করবে আইএনটিটিইউসি।

# রায়গঞ্জে বন্দর রক্ষাকালী মন্দিরে চুরি, তদন্তে পুলিশ

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৪ ফেব্রুয়ারি ঃ উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বন্দর রক্ষাকালী মন্দিরে চুরি। শুক্রবার রাতে গ্রীল ভেঙে চুরির ঘটনা ঘটে। খবর পেয়ে শনিবার ঘটনাস্থলে যায় রায়গঞ্জ থানার পুলিশ ও স্থানীয় কো-অর্ডিনেটর প্রদীপ কল্যাণী। জানা গিয়েছে, লক্ষাধিক টাকার গয়না, কাসার বাসনপত্র সহ প্রণামী বাক্সে থাকা প্রায় ৪০ হাজার টাকা চুরি হয়েছে। মন্দিরের পূর্ব দিকের গ্রীল ভেঙে দুস্কৃতীরা প্রথমে মূল মন্দিরের ভেতরে ঢোকে। এরপর প্রতিটি মন্দিরের তালা ভেঙে গয়না, বাসন ও প্রণামী বাক্সে থাকা টাকা চুরি করে পালায় বলে অভিযোগ। খবর পেয়ে শনিবার ঘটনাস্থলে যায় রায়গঞ্জ থানার পুলিশ ও স্থানীয় কো-অর্ডিনেটর প্রদীপ কল্যাণী। ঘটনার তদন্ত করছে পুলিশ। স্থানীয়রা জানান, এই মন্দিরে কালী, দুর্গা ও গিরিধারী মন্দির রয়েছে। সকাল ও বিকেল নিয়মিত পুজো হয়।

# দলকে শক্তিশালী করতে ৩০ জন মহিলার বিজেপিতে যোগদান

দুরন্ত বার্তা, কোচবিহার, ৪ ফেব্রুয়ারি ঃ পঞ্চায়েত নির্বাচনের আগে দলকে শক্তিশালী করতে নতুন করে দলের সদস্য বাড়াচ্ছে বিজেপি। শনিবার বিজেপির দলীয় কার্যালয়ে রাজনীতির বাইরে থাকা প্রায় ৩০ জন মহিলাকে বিজেপিতে যোগদান করান বিজেপি সাংসদ তথা স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক। এদিনের এই যোগদান কর্মসূচিতে উপস্থিত ছিলেন সাংসদ তথা স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক, কোচবিহার জেলা সভাপতি সুকুমার রায় এবং কোচবিহার তুফানগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক মালতী রাভা রায় সহ দলীয় কর্মীরা। এদিন দলীয় কার্যালয়ে নতুন সদস্যদের হাতে দলের পতাকা তুলে দেন নিশীথ প্রামানিক, বিজেপি জেলা সভাপতি সুকুমার রায়, বিজেপি বিধায়ক মালতী রাভা রায় এবং জেলার অন্যান্য নেতৃত্বরা।

# কেন্দ্রীয় বাজেটের বিরুদ্ধে বিভিন্ন ট্রেড ইউনিয়ন বিক্ষোভ মিছিল করেছে

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় বাজেটের বিরোধিতা করে যৌথভাবে বিক্ষোভ দেখালো বামেদের শ্রমিক সংগঠন CITU ও কংগ্রেস শ্রমিক সংগঠন INTUC। শনিবার দুপুর ১২ টা নাগাদ শিলিগুড়ির সফদর হাসমি চকে হাতে ব্যানার প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভ প্রদর্শন করে তারা। অমৃত কালের বাজেট নয়, বিষ কালের বাজেট বললেন দার্জিলিং

জেলা বামফ্রন্টের সম্পাদক সমন পাঠক। শনিবার শিলিগুড়ি হিলকার্ট রোডের হাশমি চকে সমস্ত ট্রেড ইউনিয়ন গুলিকে নিয়ে এক বিক্ষোভ সমাবেশ করেন সমন পাঠক। কেন্দ্রের সরকার সম্প্রতি যে বাজেট পেশ করেছে সেই বাজেটকে কটাক্ষ করে তিনি বলেন এই বাজেট অমৃত কালের বাজেট নয় বিষ কালের বাজেট। এই বাজেটে গরিব মানুষদের হত্যা করা হয়েছে। এই বাজে জনদরদী বাজেট নয়। তিনি বলেন, একদিকে দেখানো হচ্ছে বাজেটে ট্যাক্স কমানো হয়েছে অন্যদিকে ইনডাইরেক্ট টেক্স দিন দিন বেড়েই চলেছে ফলে খাদ্য দ্রব্য থেকে সমস্ত জিনিসপত্রের দাম আকাশ ছোঁয়া হয়ে দাঁড়িয়েছে। এই বাজেট সম্প্রতিক কালের সবচেয়ে খারাপ বাজেট। এই বাজেটের বিরোধিতা করেই তাদের আজ এই বিক্ষোভ সমাবেশ।

# পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত রাজ্যপাল

দুরন্ত বার্তা, কোচবিহার, ৪ ফেব্রুয়ারি ঃ কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠান হলো। শনিবার কোচবিহার জেলাশাসক দপ্তরের লাগোয়া উৎসব অডিটোরিয়ামে ওই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস। অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শিক্ষার মাধ্যমে ছাত্র- ছাত্রীদের চরিত্র গঠনের কথা তুলে ধরেন তিনি। পাশাপাশি নয়া শিক্ষানীতি দেশকে আরও উন্নয়নের পথে নিয়ে যাবে বলে মত পোষণ করেন তিনি। একই সঙ্গে ছাত্র-ছাত্রীদের মোটিভেট করতে রয়েল বেঙ্গল টাইগারের সঙ্গে তাদের তুলনার পাশাপাশি নানা বিষয়ের উল্লেখ করেন তিনি। এছাড়াও বাংলার বীর সন্তান নেতাজি সুভাষ চন্দ্র বসু, স্বামী বিবেকানন্দের প্রসঙ্গও বক্তব্যে সুন্দরভাবে তিনি তুলে ধরেন। সমাবর্তন অনুষ্ঠানে এদিন বিশ্ববিদ্যালয়ের ২০২০ থেকে ২০২২ সাল এই তিন বছরের ২৮২ জন মেধাবী ছাত্র-ছাত্রীর

হাতে স্বর্ণ ও রৌপ্যপদক তুলে দেওয়া হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অনুষ্ঠানের মুখ্য অতিথি ড. তাপস কুমার কুণ্ডু, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী উদয়ন গুহ, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. আব্দুল কাদের সাফেলি প্রমুখ।

# আলিপুরদুয়ারে আবার বাইসনের হানা, আতঙ্ক

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৪ ফেব্রুয়ারি ঃ শনিবার আবার বাইসনের হানা আলিপুরদুয়ার -১ ব্লকের মথুরায়। এদিন সকাল সাড়ে আটটা নাগাদ মথুরা শিব মন্দির এলাকায় প্রথম বাইসনটির দেখা মেলে। পরবর্তীতে মথুরা বাজার সংলগ্ন এলাকায় দাপিয়ে বেড়ায় বাইসনটি। বাইসনের হানায় ক্ষতিগ্রস্ত হয় বাজার সংলগ্ন এলাকার কিছু জায়গা। দীর্ঘক্ষণ চেষ্টার পর ঘুমপাড়ানি গুলি করে বাইসনটিকে কাবু করা হয়। শারীরিক পরীক্ষার পর বাইসনটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। স্থানীয় বাসিন্দা মিনা লাহোরা দত্ত বলেন, 'আগে কখনও এই এলাকায় এত কাছে বাইসন দেখা যায়নি। অনেকের বাড়ির উঠোনে চলে আসে।' বাইসনের হানায় আতঙ্ক ছড়ায় এলাকায়। খবর পেয়ে চিলাপাতা এবং মাদারিহাট থেকে বনকর্মীরা সেখানে পৌঁছান। ঘটনাস্থলে উপস্থিতি হয় সোনাপুর ফাঁড়ির পুলিশও। দীর্ঘক্ষণ চেষ্টার পর ঘুমপাড়ানি গুলি করে বাইসনটিকে কাবু করা হয়। শারীরিক পরীক্ষার পর বাইসনটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলে জানান জলদাপাড়া জাতীয় উদ্যানের এসিএফ রাজা এম।

# উদ্ধার বিরল প্রজাতির পাখি, গ্রেফতার ১

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৪ ফেব্রুয়ারি ঃ জীব বৈচিত্রে ভরপুর বক্সার জঙ্গল সবসময়ই দুস্কৃতীদের এক নম্বর টার্গেট। কখনো মূল্যবান কাঠ, কখনো বন্যপ্রাণী, কখনো বা বন্য প্রাণীর দেহাংশ লুট করে চড়া দামে পাচার করার ফন্দি ফিকির খোঁজে পাচারকারীরা। তবে এবার বক্সার মূল্যবান কাঠ বা বন্যপ্রাণীর দেহাংশ নয় , এবার পাচারকারীদের নজর বক্সার পক্ষি কুলের ওপর। নানান বিরল প্রজাতির পাখির আবাসস্থল এই বক্সার জঙ্গল। সেখান থেকেই কোনো ভাবে শিকার করে চড়া দামের বক্সার পাখি পাচারের ছক কষেছিল পচারকারীরা। যদিও সেই পাচার ভেস্তে দিল বনদপ্তর । আর এই সাফল্য এল বনদপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্পের কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের হাত ধরে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের পাগলা বাজার এলাকায় শনিবার ভোরে অভিযান চালিয়ে বিরল প্রজাপতির ৭ টি হিল ময়নাপাখি উদ্ধার করল কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জ। ঘটনায় এক যুবকে গ্রেপ্তারও করেছে বনদপ্তর । ধৃত যুবকের নাম হাসান মিয়া ঘটনায় একটি মোটরবাইকও বাজেয়াপ্ত করেছে বনদপ্তর । এই বিষয়ে কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের রেঞ্জার উত্তম কুমার সরকার বলেন, ৭টি হিল ময়না পাখি উদ্ধার করা হয়েছে । একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

**উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাংক রেজিস্টার**

অফিসঃ গ্রেপ গার্ডেন, নম্বর ২৭, ৩য় এ ক্রস, ১৮তম মেন, ৬ষ্ঠ ব্লক, করামাঙ্গালা, বেঙ্গালুরু-৫৬০০৯৫, কর্ণাটক
শাখা অফিসঃ ৪র্থ তল, ঋষি টেক পার্ক, প্রাঙ্গণ নং ০২০৩৬০, প্লট নং ডি এইচ ৬ / ২, অ্যাকশন এরিয়া ১ডি, নিউ টাউন-৭০০১৬০, কলকাতা

**অধিগ্রহণ নোটিশ**

যেখানে, উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্ক -এর অনুমোদিত আধিকারিক, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে এবং ধারা ১৩(১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) বিধিগুলির ৩ বিধির সাথে পড়া ২০২২ তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উল্লিখিত নোটিশগুলিতে উল্লিখিত প্রযোজ্য হারে সুদের সাথে সংশ্লিষ্ট নামের বিপরীতে উল্লিখিত অর্থ পরিশোধ করার জন্য ঋণগ্রহীতাদের আহ্বান জানিয়ে ঋণ গ্রহীতাসহ-ঋণ গ্রহীতাদের কাছে ডিমান্ড নোটিশ জারি করেছে। উল্লিখিত নোটিশ প্রাপ্তির সাথে সাথে প্রযোজ্য ভবিষ্যতের সুদ, আনুষঙ্গিক খরচ, অর্থ, অর্থ প্রদানের তারিখ পর্যন্ত খরচ এবং / অথবা আদায় করা।

| ক্রম নং | লোন নং | ঋণগ্রহীতা / সহ- ঋণগ্রহীতার নাম / গ্যারান্টার / বন্ধক | ১৩(২) নোটিশ তারিখ / বকেয়া (টাকায়) হিসাবে | তারিখ ও দখলের ধরন |
|---|---|---|---|---|
| ১ | ৩৫১৬২১০০ ৯০০০০০১৪ | ১) লাবণি এন্টারপ্রাইস, সি / ও মালিক নিত্য গোপাল সাহা ২) নিত্য গোপালসাহা ৩) বিউটি সাহা, ৪) বিমান সাহা | ২১.১০.২০২২ / ২৭,৯৫,৮৩০.৩১ টাকা ২০.১০.২০২২ তারিখ পর্যন্ত | ০৩.০২.২০২৩/ প্রতীকী দখল |

স্থাবর সম্পত্তির বিবরণ ঃ জমির সমস্ত স্থাবর অস্থাবর ১৩.৮৯ ধুর অর্থাৎ ১.১৫ ডেসিমাল, মৌজা- সাহার কোচবিহারে অবস্থিত, পার্ট আর.এস. প্লট নং ১৭২৮ এবং ১৭২৯, সাথে এল আর প্লট নং ২৫৭৩, ২৫৭৪ এবং ২৫৭৫, আর এস খাতিয়ান নং ২১২, সাথে এল আর খাতিয়ান নং ১৯৭০৯, মহকুমা- কোচবিহার, থাক নং ৯১৪, জে এল নং ১৩০, তৌজি নং ৩৮৩, কলাবাগান, কামেশ্বরি রোড অন্তর্গত, ওয়ার্ড নং ০৫, শহর-কোচবিহার, থানা- কোতওয়ালি, পোস্টঅফিস এবং জেলা- কোচবিহার এবং সমস্ত উন্নতি সহ। পরিসীমাঃ পূর্বদিকেঃ ননি গোপাল সাহা এবং অন্যান্য, পশ্চিমদিকেঃ সাধারনের রাস্তা, উত্তরদিকেঃ কামেশ্বরি রোড, দক্ষিণদিকেঃ রাস্তা এই সম্পতির মালিকানা বিউটি সাহা, স্বামী- নিত্য গোপাল সাহার নামে নং ৩ এদের মধ্যে।

যেখানে উপরে উল্লিখিত ঋণগ্রহীতাসহ-ঋণগ্রহীতা / গ্যারান্টার / বন্ধকগণ বকেয়া অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছেন, তাই এখানে উল্লিখিত ঋণগ্রহীতাদের বিশেষভাবে এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে উজ্জীবন স্মল-এর অনুমোদিত কর্মকর্তা ফাইন্যান্স ব্যাংক উপরে উল্লিখিত তারিখগুলিতে উল্লিখিত বিধিগুলির বিধি ৮ এর সাথে পড়া উল্লিখিত আইনের ১৩(৪) ধারার অধীনে তাকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগে করে উপরে বর্ণিত সম্পত্তি / সুরক্ষিত সম্পদের দখল নিয়েছে। আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি ঋণগ্রহীতা এবং সহ-ঋণ গ্রহীতাবন্ধকদের মনোযোগ আমন্ত্রণ জানানো হচ্ছে, সুরক্ষিত সম্পদগুলি খালাস করার জন্য উপলব্ধ সময়ের ক্ষেত্রে। এখানে উপরে উল্লিখিত ঋণগ্রহীতাসহ-ঋণগ্রহীতা / জামিনদারবন্ধক বিশেষভাবে এবং সাধারণভাবে জনসাধারণকে সতর্ক করা হচ্ছে যে তারা উল্লিখিত সম্পত্তি / সুরক্ষিত সম্পদের সঙ্গে লেনদেন করবেন না এবং উল্লিখিত সম্পত্তি / সুরক্ষিত সম্পদের সঙ্গে কোনো লেনদেন উযিভানের চার্জ সাপেক্ষে হবে। স্মল ফাইন্যান্স ব্যাংক।

স্থানঃ পশ্চিমবঙ্গ
তারিখঃ ০৩.০২.২০২৩
স্বা /- স্বীকৃত আধিকারিক,
উজ্জীবন স্মল ফাইনান্স ব্যাঙ্ক

**OFFICE OF THE INDPUR GRAM PANCHAYAT**
**INDPUR, BANKURA**

**Notice inviting e- tender No: 20/15 TH FC/2022-23, Memo No: 187/IND/IGP, Date: 02/02/2023**
**Notice inviting e- tender No: 21/15 TH FC/2022-23, Memo No: 188/IND/IGP, Date: 02/02/2023**

Pradhan, Indpur Gram Panchayat, invites percentage rate e- tender for the total 6(Six)nos. similar works. Source of Fund: 15 TH FC. Date of Publishing e- Tenders-03/02/2023 AT 6:00 P.M. Date of downloading the document from 03/02/2023 AT 6:00 P.M. up to 10/02/2023 AT 6:00 P.M. Date of submission of Technical bid and Financial Bid 03/02/2023 AT 6:00 P.M. up to 10/02/2023 AT 6:00 P.M. Date of deposit of original Demand draft against Earnest Money: UP TO 11/02/2023 AT 4:00 P.M. Date of opening Technical Bid at office of the Indpur Gram Panchayat- 13/02/2023 AT 2:00 P.M. For details please visit office of the undersigned or may visit www.wbtenders.gov.in

**Sd/- Prodhan**
**Indupur Gram Panchayat**

**উত্তর মধ্য রেলপথ**

টেন্ডার নংঃ জে এইচ এস ডাবলু-এম এন পি-২৩-০২
তারিখঃ ০৩.০২.২০২৩
চিফ ওয়ার্কশপ ম্যানেজারের অফিস, ওয়াগন মেরামত ওয়ার্কশপ, ঝাঁসি

**ই-টেন্ডার নোটিশ**

ভারতের রাষ্ট্রপতির হয়ে, চিফ ওয়ার্কশপ ম্যানেজমেন্ট ওয়াগন মেরামত ওয়ার্কশপ, উত্তর মধ্য রেলপথ, ঝাঁসি, নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান জানাচ্ছে নিম্নলিখিত কাজের জন্য।

| | |
|---|---|
| টেন্ডার নং | জেএইচএসডাবলু-এমএনপি-২৩-০২ |
| কাজের বিবরণ | এককালীন মেরামতির চুক্তি পোর্টাল উইল লাথ (এস এ এফ ও পি- তৈরি) প্ল্যান্ট নম্বর-৯৭৫ ওয়াগন মেরামত ওয়ার্কশপ, ঝাঁসি |
| আনুমানিক খরচ | ৪৯৯৭৩০০ /- টাকা (উননব্বই লক্ষ সাতানব্বই হাজার তিনশ টাকা) |
| অগ্রিম মূল্য | ১০০০০০/- টাকা (মাত্র এক লাখ টাকা) |

২৭.০২.২০২৩ দুপুর ৩টে পর্যন্ত টেন্ডার জমা নেওয়া হবে এবং এটি ভারতীয় রেলের ই-টেন্ডারিং ওয়েবসাইট www.ireps.gov.in তে পাওয়া যাবে।

185/23(A)

North central railways | www.ncr.indianrailways.gov.in | @northcentralrailway | @CPRONCR

**চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস**

**ই-অকশান শিডিউল**

**সাবঃ ই-অকশান এর শিডিউল, এপ্রিল'২৩, মে'২৩ এবং জুন'২৩ এর।** উল্লেখিত ই-অকশানের তারিখঃ এপ্রিল'২৩, মে'২৩ এবং জুন'২৩ এই তারিখ গুলি স্থগিত করার আবেদন করা হচ্ছে। **এস.এল নং মাস অকশানের ধরণ তারিখ সময় বর্ণিত করা হলঃ [১] এপ্রিল' ২০২৩ ই-অকশান ১২-০৪-২০২৩ (বুধবার), ২৮-০৪-২০২৩ (শুক্রবার) ১০টা [২] মে'২০২৩ ই-অকশান ১১-০৫-২০২৩ (বৃহস্পতিবার), ১৯-০৫-২০২৩ (শুক্রবার), ৩০-০৫-২০২৩ (মঙ্গলবার) ১০ টায়। [৩] জুন' ২০২৩ ই-অকশান ১৫-০৬-২০২৩ (বৃহস্পতিবার), ২৮-০৬-২০২৩ (বুধবার) ১০ টায়।** উপরে উল্লেখিত সময়, তারিখে ই-অকশানের দিনক্ষণ ঠিক করা হয়েছে বিভিন্ন গাড়ি, ক্রেন, মেশিনের যেমন- লেদ, ড্রিলিং / মাইলিং / বোরিং, ট্রান্সফরমার, রেক্টিফায়ার, ফেরাস এবং নন ফেরাস স্ক্র্যাপ-তামা, অ্যালুমিনিয়াম ইত্যাদি। নন ফেরাস স্ক্র্যাপ কেনা হবে শুধুমাত্র তাদের যারা বন ও পরিবেশ মন্ত্রণালয় / ভারত সরকার / নিউ দিল্লি-এর সাথে রেজিস্টার্ড। এককালীন রেজিস্ট্রেশ্ন ফি ১০০০০ /- টাকা প্রতি ফার্ম (ফেরত যোগ্য, যদি গ্রাহক নিশ্চিতভাবে ভারতীয় রেলের ই- অকশান থেকে নিজের রেজিস্ট্রেশান তুলে নিতে চান) ডিম্যান্ড ড্রাফট সি এল ডাবলু / চিত্তরঞ্জন এর নামে এর সাথে মেটেরিয়াল ক্যাটালগ এর এফিডেভিট যা দেখা যাবে আই আর ই পি এস ওয়েবসাইটে ই-নিলামের তারিখের আগে পর্যন্ত।

**PR6/372** **PCMM/CLW/CRJ**

আমাদের ফেসবুক পেজঃ www.facebook.com/clwrailways লাইক করুন

**e-Tender Notice**

e-tenders are invited by Prodhan, Berenda Gram Panchayat under Ausgram-1 Dev. Block Dist. – Purba Bardhaman, from resourceful/ bonafide contractors with experience and requisite credential for 11 numbers of works from 15th CFC & PBG (IBRD) fund vide NIT no. – BGP/31/2023, Dt.- 03/02/2023, BGP/32/2023, Dt.-03/02/2023, BGP/21/2023, Dt.-29/01/2023 and BGP/22/2023, Dt.-29/01/2023. Date of closing of Submission of Technical bid & Financial Bid on 10/02/2023 & 10/02/2023, 06/02/2023, & 06/02/2023 respectively upto 14.30 IST. For details visit the website: http://wbtenders.gov.in or contact office of the mentioned above.

**নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড**

CIN: L01132WB1990PLC048991
রেজ. অফিসঃ ১৫ বি, হেমন্ত বাসু সরণি, ৩য় তল, কলকাতা-৭০০ ০০১,
ফোন নং.২২১০০৫৫৩, ফ্যাক্স নং.০৩৩ ২২১০০৫৪১
ই-মেলঃ **enquiry@norbentea.com**
ওয়েবসাইটঃ **www.norbentea.com**

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞপ্তি জানানো যাচ্ছে রেগুলেশান ২৯ এর সহিত রেগুলেশান ৪৭ এর সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিস্ক্লোসার রিকুয়াইরমেন্ট) রেগুলেশান, ২০১৫ যে নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড এর বোর্ড এর ডাইরেক্টরদের মধ্যে একটি সভা সংঘটিত হবে আগামী শনিবার ১১ ফেব্রুয়ারি, ২০২৩ দুপুর ২টোয়, রেজিস্টার্ড অফিস ১৫বি, হেমন্ত বাসু সরণি, ৩য় তল, কলকাতা-৭০০ ০০১, (১) ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখ শেষ হওয়া ত্রৈমাসিক এবং ৯য় মাস শেষ এর পর আর্থিক ফলাফল এবং (২) সীমিত রিভিউ রিপোর্টের ভিত্তিতে সমস্ত তথ্য নিজেদের অধিনস্ত করার উদ্দেশ্যে ৩১ ডিসেম্বর, ২০২২, তারিখ শেষ হওয়া ত্রৈমাসিক এবং ৯য় মাস শেষ এর পর আর্থিক ফলাফলের।

বোর্ডের আদেশানুসারে,
স্বা /- মনোজ কুমার দাগা
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00123386

স্থানঃ কলকাতা
তারিখঃ ০৪.০২.২০২৩

**ABRIGED TENDER NOTICE**

NIT.NO.- 152 Memo No.78 Dated 02/02/2023 the B.D.O & Executive Officer, Haldia Panchayat Samity invites tender from qualified bidders **Construction of Drain From New Namajia masjid Tube Well to Nur Mahhamed Land plot no. 556,559, JL No-55, Mouza- Banskhanajalpai under Baruttarhingly G.P with in Haldia Panchayat Samity From 15TH C.F.C. Fund Year 2022-23** under B.D.O & Haldia Panchayat Samity from the fund of 15TH CFC. Details may be accessed and dully responded through **htt://www.wbtenders.gov.in** from **2nd February ,2023 (Thursday ) at 17.00 Hours to 09-02-2023 (Thursday) 13.00 Hours.**

Sd/- B.D.O & Executive Officer,
Haldia Panchayat Samity

# রাজারামপুর জুনিয়ার হাইস্কুলের নবমতম ক্রীড়া প্রতিযোগিতা

সুজিত দত্ত, পূর্ব বর্ধমান, ৪ ফেব্রুয়ারি ঃ অভূতপূর্ব উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের রাজারামপুর জুনিয়র হাইস্কুলে নবমতম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হল। স্কুলের ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি ভুতনাথ মালিক, জামালপুরের বিডিও শুভঙ্কর মজুমদার, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা মৌসুমী ঘোষাল সহ অন্যান্য অতিথিবৃন্দ। ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, লং জাম্প, হাই জাম্প সহ নানা বিভাগে খেলা হয়। খেলায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারিকদের হাতে পুরস্কার তুলে দেন উপস্থিত অতিথিরা। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা মৌসুমী ঘোষাল জানিয়েছেন, সারা বছর ধরে স্কুলে আয়োজিত বিভিন্ন খেলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় সফল প্রতিযোগিদের পুরস্কার প্রদান করা হয় বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানের দিন। এই উপলক্ষ্যে শুক্রবার ছাত্রছাত্রীদের মধ্যে একটা উৎসাহ তো ছিলই। কিন্তু তাদের অনুষ্ঠানটিতে আরও বাড়তি উদ্দীপনা সঞ্চারিত হয় যখন স্কুলে বিধায়ক, বিডিও, পঞ্চায়েত সমিতির সভাপতি, স্থানীয় জ্যোশ্রীরাম পঞ্চায়েতের প্রধান সহ পার্শ্ববর্তী বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা এবং গ্রামবাসীরা উপস্থিত হন। বিধায়ক অলোক কুমার মাঝি পুয়াদের মধ্যে উৎসাহ বাড়াতে নিজে একটি প্রাক্তন ছাত্রদের সাথে 'পাসিং দ্যা বল' খেলায় অংশগ্রন করেন। উল্লেখ্য, নতুন গড়া এই জুনিয়র হাইস্কুলে মোট ১০৩ জন ছাত্রছাত্রী বর্তমান। ৫ জন শিক্ষক শিক্ষিকা ও ১ জন শিক্ষা কর্মী রয়েছেন। স্বল্প পরিসর এই স্কুলে পঞ্চম শ্রেনী থেকে অষ্টম শ্রেনী পর্যন্ত চারটি ক্লাসের জন্য মাত্র চারটি শ্রেণীকক্ষ রয়েছে। ছাত্রছাত্রীদের জন্য কম্পিউটার সহ অন্য কিছু শেখানোর জন্য স্কুলের পক্ষ থেকে ইচ্ছা থাকলেও পর্যাপ্ত পরিকাঠামোর অভাব রয়েছে। আরও বেশ কয়েকটি শ্রেনী কক্ষের প্রয়োজন রয়েছে। সাইকেল স্ট্যান্ডের অভাব রয়েছে। যদিও স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা জানিয়েছেন, বিধায়ক সহ ব্লকের সমস্ত আধিকারিকরা তাদের স্কুলের এই সমস্যা সমাধানের জন্য আন্তরিক উদ্যোগ গ্রহন করবেন বলে ইতিমধ্যে প্রতিশ্রুতিও দিয়েছেন। তিনি উপস্থিত অতিথিদের স্কুলের ওই অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানটি স্মরনীয় করার জন্য কৃতজ্ঞতা জানিয়েছেন।

## রসনা

# রেঁধে দেখুন লেমন গার্লিক তেলাপিয়া, দেওয়া হল রেসিপি

তেলাপিয়া মাছ তো সকলেই খেয়ে তাকেন। কিন্তু গার্লিক দিয়ে করে খেয়ে দেখেছেন কি। এই মাছ সারা বছরই বেশ সস্তায় মেলে। বাঙালির ঘরে এই মাছের চাহিদাও বেশ। সাধারণত তেলাপিয়া মাছের ঝোল, ঝালই বেশি খাওয়া হয়। তবে এগুলো ছাড়াও তেলাপিয়া মাছের আরও অনেক সুস্বাদু পদ বানানো যায়। আজ আমরা আপনাদের বলব লেমন গার্লিক তেলাপিয়া তৈরির করা যেতে পারে। যাঁরা তেলাপিয়া মাছ পছন্দ করেন না, তাঁদেরও ভাল লাগবে এই পদটি। রেসিপি জেনে চটপট বানিয়ে ফেলুন লেমন গার্লিক তেলাপিয়া।

লেমন গার্লিক তেলাপিয়া তৈরির উপকরণ- কয়েকটা মাঝারি সাইজের তেলাপিয়া মাছ, পাতিলেবুর রস পরিমাণমতো,১ চামচ পাতিলেবুর খোসা কুরানো,তেল পরিমাণমতো,১ চামচ রসুন কুচি,১ চামচ পার্সলে কুচি,২ চামচ গোলমরিচ গুঁড়ো, স্বাদ অনুযায়ী লবণ।

লেমন গার্লিক তেলাপিয়া কি ভাবে তৈরি করা যেতে পরে- ১) প্রথমে মাছের আঁশ ছাড়িয়ে ভালো করে ধুয়ে নিন। তারপর মাছের গায়ে নুন আর পাতিলেবুর রস মাখিয়ে রাখুন কিছুক্ষণ। ২) প্যানে অল্প তেল ব্রাশ করে মাছগুলো দিয়ে দিন। ৩) উপর থেকে পাতিলেবুর খোসা কুরানো, রসুন কুচি,পার্সলে কুচি, ও গোলমরিচ গুঁড়ো ছড়িয়ে দিন। একটা পিঠ ভাজা হয়ে গেলে মাছগুলো উল্টে দিন। সেই পিঠেও পাতিলেবুর খোসা কুরানো, রসুন কুচি,পার্সলে

কুচি, ও গোলমরিচ গুঁড়ো ছড়িয়ে দিতে হবে। ৪) মাছ সেদ্ধ হলে ও পোড়াভাব ধরলে নামিয়ে নিতে হবে। ব্যস তৈরি হয়ে গেল লেমন গার্লিক তেলাপিয়া! গরম গরম পরিবেশন করতে পারেন সকলেকে।

# বাড়িতে বানিয়ে ফেলুন স্প্যাগেটি মিটবল

-----সন্ধে হলেই ভাজাভুজি খেতে সকলেই চান। তাই কেউ কেউ বাইরে গিয়ে তা নিয়েও স্রসেন। কিন্তু বাড়ির বাইরের খাবার বেশি খাওয়া ভালো নয়। চাউমিন, রোল, চপ, পকোড়া, শিঙাড়া কিনে বাচ্চারা খেতে চায়। কিন্তু রোজ রোজ বাইরের খাবার খাওয়াও ঠিক না, তাহলে রোগভোগ অনিবার্য। তাই সন্ধের জন্য বাড়িতেই বানিয়ে নিন মুখরোচরক সব খাবার। আজ আপনাদের জন্য রইল স্প্যাগেটি মিটবল তৈরির রেসিপি।

স্প্যাগেটি মিটবল তৈরির উপকরণ- এক পাউন্ড প্যাকেট স্প্যাগেটি, এক কাপ চিকেন বা মটন কিমা,একটা ডিম, পেঁয়াজ কুচি পরিমাণমতো, কয়েক কোয়া রসুন কুচি,পরিমাণমতো কাঁচা লঙ্কা কুচি,১ কাপ টম্যাটো বাটা

ধনেপাতা কুচি পরিমাণমতো, আধা কাপ ব্রেড ক্রাম্বস,আধা কাপ পনির গ্রেট করা,১টি তেজপাতা, ১ চা চামচ গোলমরিচ গুঁড়ো,স্বাদমতো নুন,রান্নার জন্য সাদা তেল,

স্প্যাগেটি মিটবল কি ভাবে বানাবেন-১) প্রথমে স্প্যাগেটি সেদ্ধ করে জল ঝরিয়ে একপাশে রাখুন। ২) মাংসের কিমা , ব্রেড ক্রাম্বস, ধনেপাতা কুচি, পনির, ডিম, রসুন কুচি, নুন ও কাঁচা লঙ্কা কুচি দিয়ে মাখিয়ে নিন ভালো করে। ৩) এই মিশ্রণ থেকে অল্প অল্প করে নিয়ে ছোটো ছোটো বলের আকারে গড়ে নিন। ৪) কড়াইতে তেল গরম করে তাতে মিটবলগুলো ভালো করে ভেজে তুলে নিন। ৪) ওই তেলেই তেজপাতা আর পেঁয়াজ কুঁচি দিয়ে হালকা ভেজে নিন। তারপর একে একে টম্যাটো পিউরি, গোলমরিচ গুঁড়ো ও নুন দিয়ে নেড়ে নিন। ৫) গ্রেভি ফোটা শুরু হলে মিটবলগুলো দিয়ে ঢেকে দিন। হালকা আঁচে ১০ মিনিট মতো রান্না করুন। ৬) এবার প্লেটে সেদ্ধ স্প্যাগেটি দিয়ে ওপরে মিটবল ও সস ছড়িয়ে দিন। গরম গরম পরিবেশন করুন স্প্যাগেটি মিটবল।

# শরীরে ভিটামিন ডি-র ঘাটতি রয়েছে? অভাব মেটাতে কি করবেন দখে নিন-

শরীর সবসময় সুস্থসবল রাখার জন্য কি করা যেতে পারে দেখে নিন- শরীরে ভিটামিন ডি এর গুরুত্ব রয়েছে। এই ভিটামিন আমাদের শরীরকে ক্যালসিয়াম শোষণে সাহায্য করে, হাড় ও পেশীর স্বাস্থ্য ভালো রাখে, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে, বিভিন্ন রোগভোগের বিরুদ্ধে লড়াই করে। কিন্তু ভিটামিন ডি সচরাচর খাবারদাবার থেকে পাওয়া যায় না। তাই অনেক ক্ষেত্রেই ভিটামিন ডি এর ঘাটতি দেখা দেয় শরীরে। দেখা গিয়েছে, ভিটামিন ডিএর অভাব ঘটলে মানুষ মানসিকভাবেও শান্তিতে থাকেন না।

রোজের জীবনযাত্রায় সামান্য কিছু বদল আনলেই শরীরে এই ভিটামিনের ঘাটতি মেটানো সম্ভব। তাহলে দেখে নিন, ভিটামিন ডি এর পরিমাণ বাড়াতে কী করবেন-

সূর্যের আলোয় দাঁড়ান কিছুক্ষণ- শরীরে ভিটামিন ডি এর মাত্রা বাড়ানোর সেরা উপায় এটি! সূর্য রশ্মি হল ভিটামিন ডির সবচেয়ে বড় উৎস। প্রতিদিন ভোরে অন্ততপক্ষে ১৫-২০ মিনিট রোদ পোহানো উচিত। শরীরের অন্যতম জরুরি এই ভিটামিনটি কেবল হাড় ও পেশির স্বাস্থ্য ভালো রাখে না, এর পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতাও শক্তিশালী করে তোলে।

ডিমের কুসুম- ডিমের কুসুমে প্রচুর পরিমাণে ভিটামিন ডি থাকে। এতে প্রোটিনও থাকে ভরপুর, যা হাড় এবং পেশির স্বাস্থ্য ভালো রাখার জন্য অপরিহার্য। তাই আপনার রোজ অবশ্যই ডিম খান।

ডায়েটে রাখুন মাশরুম- মাশরুমেও প্রচুর পরিমাণে ভিটামিন ডি থাকে। নিরামিষাশীরা অবশ্যই রোজকার খাদ্যতালিকায় রাখুন মাশরুম। মাশরুম ধোওয়ার পরে এক ঘণ্টার জন্য সূর্যের আলোয় রেখে দিতে পারেন। এতে মাশরুমে ভিটামিন ডি এর পরিমাণ আরও বাড়বে। বিশেষজ্ঞদের মতে, সপ্তাহে একবার মাশরুম খেলেই শরীরে ভিটামিন ডি এর মাত্রা বাড়তে পারে।

ভিটামিন ডি এর ঘাটতি মেটাতে মাছ খান- মাছকে ভিটামিন ডিয়ের সবচেয়ে ভালো উৎস মনে কার হয়। স্যালমন ও টুনা ভিটামিন ডি এর দুর্দান্ত উৎস। রোজকার ডায়েটে এই সব মাছ খেত পারে। ক্যালশিয়াম ও ওমেগা৩ ফ্যাটি অ্যাসিডেরও ঘাটতি মিটে বে মাছ খেলে।

সাপ্লিমেন্টের সাহায্য নিন- গর্ভবতী মহিলা, বাচ্চা, যাদের মেনোপজ চলছে এবং ৬৫ বছরের বেশি বয়সী ব্যক্তিদের সাধারণত ভিটামিন ডি সাপ্লিমেন্ট দেওয়া প্রয়োজন। শরীরে প্রয়োজনীয়তার উপর নির্ভর করে মাল্টিভিটামিন বা ভিটামিন ডি সাপ্লিমেন্ট নিতে পারেন। তবে এসব গ্রহণ করার আগে অবশ্যই একবার চিকিৎসকের পরামর্শ নেওয়াটা জরুরি।

ফোর্টিফায়েড খাবার- ভিটামিন ডি পাওয়া যায় এমন সব খাবারের সংখ্যা খুবই কম। তাই, এমন অনেক ফোর্টিফায়েড ফুড রয়েছে যার মধ্যে অতিরিক্ত পুষ্টি উপাদান থাকে। এর মধ্যে রয়েছে গরুর দুধ, সিরিয়াল, টোফু, পনির, দুধ, সোয়া মিল্ক ও কমলালেবুর জুস। তাই এগুলো খেতে পারেন ভিটামিন ডি শরীরে পেতে।

# করিমগঞ্জের মাইজগ্রামে উদ্ধার যুবকের লাশ, চাঞ্চল্য

করিমগঞ্জ (অসম), ৪ ফেব্রুয়ারি ঃ করিমগঞ্জের মাইজগ্রাম নন্দরবন্দ এলাকায় এক যুবকের লাশ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য দেখা দিয়েছে। মৃতদেহটি একই গ্রামের জনৈক জমির হুসেন (৩৫) বলে শনাক্ত করা হয়েছে। ঘটনায় তদন্ত শুরু করেছে লঙ্গাই পুলিশ। প্রাপ্ত তথ্য মতে, আজ শনিবার সকালে গ্রামের একটি ফিশারির পাশে মৃত যুবকের লাশ উদ্ধার হয়। স্থানীয় জনৈক ব্যক্তি সাতসকালে পূর্ত সড়কের পাশে ফিশারির কাছে লাশটি দেখে প্রতিবেশীদের খবর দেন। প্রতিবেশীরা এসে লাশটি জমির হুসেনের বলে শনাক্ত করেন। এর পরই এলাকা জুড়ে হইচই শুরু হয়ে যায়। খবর দেওয়া হয় লঙ্গাই পুলিশ ফাঁড়িতে। ঘণ্টাখানেকের মধ্যে লঙ্গাই ফাঁড়ি থেকে পুলিশের দল ঘটনাস্থলে উপস্থিত হয়ে লাশটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য করিমগঞ্জ সিভিল হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। এদিকে যুবকের লাশ উদ্ধার হওয়ার খবর চাউর হওয়ার সঙ্গে সঙ্গে মুহূর্তের মধ্যে জড়ো হতে থাকেন শয়ে শয়ে মানুষ। পরিবারের লোকজন সহ স্থানীয়রা খুনের অভিযোগ তুলেন। মৃত জমির হুসেনের স্ত্রীর অভিযোগ, জুয়া খেলার স্বভাব ছিল তার স্বামীর। গতকাল স্বামীর সঙ্গীসাথীরা তাকে খবর দিয়ে বাড়ি থেকে নিয়ে যায়। এর পর আর বাড়ি ফিরেনি। স্ত্রীর অভিযোগ, জুয়া খেলাকে কেন্দ্র করে খুন করা হয়েছে তার স্বামীকে। ঘটনার তদন্তের দাবি তুলেন তারা।

# প্রায় ৫৩ হাজার কোটি টাকার বাজেট পেশ করল বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন

মুম্বই, ৪ ফেব্রুয়ারি ঃ বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশনের কমিশনার ইকবাল সিং চাহাল শনিবার ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য ৫২,৬১৯.০৭ কোটি টাকার বাজেট পেশ করেছেন। গত বছরের তুলনায় এবারের বাজেট ১৪.৫২ শতাংশ বেশি। চলতি আর্থিক বছরে বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন ৩০৭৪৩.৬১ কোটি টাকা রাজস্ব পাবে বলে অনুমান করা হয়েছিল। বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশনের আনুমানিক রাজস্ব সংগ্রহে ১৮৫৫.৯৮ কোটি টাকার ঘাটতি হয়েছে। ডিসেম্বর ২০২২ পর্যন্ত মুম্বইয়ের প্রকৃত আয় ছিল ১৮৭৬৯.২৮ কোটি টাকা। মুম্বই ২০২৩-২৪ আর্থিক বছরে ৩৩২৯০.০৩ কোটি টাকা রাজস্ব পাবে বলে আশা করা হচ্ছে। এই পরিমাণ আগের আর্থিক বছরের তুলনায় ২৫৪৬.৪২ কোটি টাকা বেশি। বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশনের বাজেটে কোস্টাল রোডের জন্য ৩৫৪৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। গত বছর প্রকল্পটি ২৬৫০ কোটি টাকা পেয়েছিল। এর সাথে গোরেগাঁওমুলুন্ড লিঙ্ক রোড প্রকল্পের জন্য ১০৬০ কোটি টাকার বরাদ্দ করা হয়েছে। এবারের বাজেটে বিভিন্ন বড় কাজে মোট ২৭২৪৭.৮০ কোটি টাকা মূলধন ব্যয়ের বরাদ্দ রাখা হয়েছে। বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশনের কমিশনার ইকবাল সিং চাহাল বাজেটে ঘোষণা করেন, মুম্বাইয়ের নয় মিটারের বেশি চওড়া সব রাস্তায় ফুটপাথ তৈরি করা হবে। এ জন্য বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। তিনি মুম্বইয়ে একটি পার্কিং অথরিটি স্থাপনের ঘোষণা দিয়েছেন। ২০২৩-২৪ সালের বাজেটে এর জন্য ২৮২৫.০৬ কোটির বরাদ্দ করা হয়েছে। তিলক সেতু (দাদর), রে রোড রেলওয়ে সেতু এবং বাইকুল্লা পূর্ব সেতু পুনর্নির্মাণের জন্য বাজেটে ২১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মিথি নদীর ৯৫ শতাংশ প্রশস্তকরণ ও গভীরকরণ এবং ৮৫ শতাংশ সুরক্ষা প্রাচীরের কাজ শেষ হওয়ায় মিথি নদীর ভারবহন ক্ষমতা তিনগুণ বৃদ্ধি পেয়েছে। এবছর মুম্বইতে জল আটকে যাওয়া রোধ করার জন্য বাজেটে বড় ড্রেনের জন্য ৯০ কোটি টাকা, ছোট ড্রেনের জন্য ৯০ কোটি টাকা এবং মিথি নদীর পলিমুক্ত করার জন্য ৪৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া বৃষ্টির জল নিষ্কাশনের বিভিন্ন কাজের জন্য ২৫৭০.৬৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

# বাল্যবিবাহ মামলায় অসমে গ্রেফতারের সংখ্যা বেড়ে ২,১৭০, মামলা রুজু ৪,০৭৪টি

গুয়াহাটি, ৪ ফেব্রুয়ারি ঃ গত প্রায় ৪০ ঘণ্টায় বাল্যবিবাহ মামলায় এই খবর লেখা পর্যন্ত অসমে গ্রেফতারের সংখ্যা বেড়ে হয়েছে ২,১৭০। এই তথ্য দিয়ে অসমের পুলিশপ্রধান (ডিজিপি) জিপি সিঙের উদ্ধৃতি দিয়ে রাজ্য পুলিশের মুখপাত্র প্রশান্তকুমার ভুইয়াঁ জানান, রাজ্য জুড়ে বিভিন্ন থানায় ৪,০৭৪টি মামলা নথিভুক্ত করা হয়েছে।এই সংখ্যা আরও বাড়বে। আজ শনিবার রাজ্য পুলিশের মুখপাত্র প্রশান্তকুমার ভুইয়াঁ জানান, বাল্যবিবাহের দায়ে এদিন সকাল পর্যন্ত মোট ২,১৭০ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। তিনি জানান ইতিমধ্যে গোটা রাজ্যের বিভিন্ন থানায় ৪,০৭৪টি মামলা রুজু হয়েছে। পুলিশের মুখপাত্র জানান, গতকাল রাত পর্যন্ত ২,০৪৪ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের মধ্যে বহুজনকে সংশ্লিষ্ট জেলা আদালতে পেশ করা হয়। আদালতের নির্দেশে অভিযুক্তদের কারাগারে পাঠানো হয়েছে। তিনি বলেন, যৌন অপরাধ থেকে শিশুদের সুরক্ষিত রাখতে 'দ্য প্রটেকশন অব চিল্ড্রেন ফ্রম সেক্সুয়াল অফেনসেস অ্যাক্ট' (পোকসো) আইনের অধীনে তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। ১৪-১৮ বছর বয়সি মেয়েদের যারা বিয়ে করেছে তাদের বিরুদ্ধে বাল্যবিবাহ নিষিদ্ধ আইন, ২০০৬-এর অধীনে মামলা নথিভুক্ত করা হবে। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেছিলেন, যে সকল ব্যক্তি ১৪ বছরের কম বয়সি মেয়েদের বিয়ে করে তাদের বিরুদ্ধে পোকসো আইন ২০০৬-এর অধীনে মামলা করা হবে। অসমে যতদিন বাল্যবিবাহ অব্যাহত থাকবে, ততদিন গ্রেফতারি চলবে। কেউ বাল্যবিবাহে লিপ্ত হলে তাকে অবিলম্বে জেলে পাঠানোর ব্যবস্থা করা হবে, যোগ করেছিলেন মুখ্যমন্ত্রী। এখানে উল্লেখ করা যেতে পারে, গত ২৩ জানুয়ারি মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে অনুষ্ঠিত রাজ্য ক্যাবিনেটের বৈঠকে বাল্যবিবাহ প্রতিরোধ করতে সংশ্লিষ্ট আইনের বলে কড়া ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত সিলমোহর পড়েছিল। বৈঠকের পর আয়োজিত সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেছিলেন, নবজাতক এবং প্রসবজনিত মৃত্যুর হার হ্রাসের পাশাপাশি গ্রামাঞ্চলে বাল্যবিবাহ রোধ করতে বাল্যবিবাহ প্রতিরোধ আইন, ২০০৬-এর অধীনে ২,১৯৭টি গ্রাম পঞ্চায়েতের সচিবকে এখন থেকে 'বাল্যবিবাহ প্রতিরোধ (নিষেধাজ্ঞা) আধিকারিক' হিসেবে নিয়োগ করা হবে। এই সকল আধিকারিক বিয়ের পাত্রীর ১৪ বছরের নীচে এবং ১৪ থেকে ১৮ বছরের মেয়েদের ক্ষেত্রে বাল্যবিবাহ প্রতিরোধ আইন, ২০০৬-এর বলে পোকসো আইনের অধীনে এফআইআর দায়ের করবেন। এ ব্যাপারে রাজ্যজুড়ে ব্যাপক অভিযান চালানোর সিদ্ধান্ত ওইদিনের মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছে, জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী ড. শর্মা।

# সারা দেশে মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবদানকে স্বীকৃতি দিল ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারি ঃ ৩রা ফেব্রয়ারী ২০২৩-এ, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সারা দেশে মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবদানকে স্বীকৃতি দেওয়ার এবং তাদের প্রচেষ্টাকে সমর্থন করার লক্ষ্যে একটি এমপাওয়ার তার প্রোগ্রামের আয়েজন করেছে। এই কর্মসূচির অধীনে কলকাতা মেট্রোর আঞ্চলিক প্রধান শ্রী দিলীপ মিশ্র কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মহিলা ঝাড়ুদারদের মধ্যে স্যানিটাইজেশন পণ্য বিতরণ করেছিলেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী সন্দীপ মহাপাত্র, ধর্মতলা শাখা প্রধান, শ্রীমতি হেমলতা কুমারী, কসবা শাখা প্রধান এবং মিস চয়নিকা সাধু, বালিগুং শাখা প্রধান। শ্রী মৃত্যুঞ্জয় কুমার, সহকারী মহাব্যবস্থাপক, কলকাতা মেট্রো শরৎ চাঁদ পাল বালিকা উচ্চ বিদ্যালয়ে মুক্তাগার ও ফ্যানের জন্য

স্টিল র‍্যাক প্রদান করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব সৌমেন মন্ডল, সিএজি প্রধান এবং শ্রী কমলেশ্বর টিকাদার, খিদিরপুর ইএবি শাখার প্রধান। এর সাথে সাথে বাগবাজার মহিলা কলেজে তার ক্ষমতায়ন কর্মসূচির অধীনে কলকাতা মেট্রোর চিফ ম্যানেজার প্রমোদ কুমার সিংএর উপস্থিতিতে স্টিল আলমিরা বিতরণ করা হয়েছিল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিঃ শশাঙ্ক মধু, বাগবাজার শাখা প্রধান এবং মিস সাযন্তনী চৌধুরী।

# উত্তর পূর্ব রেল শিল্পসম্পর্কিত দক্ষতা বিকাশের জন্য যুবকদের প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করল

গোরখপুর, ৪ ফেব্রুয়ারি ঃ রেল কৌশল বিকাশ যোজনার অধীনে, রেল মন্ত্রক যুবকদের সৃজনশীলভাবে ক্ষমতাযনের জন্য উত্তর পূর্ব রেলের

প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলিতে শিল্পসম্পর্কিত দক্ষতা বিকাশের জন্য যুবকদের প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করছে। যার উদ্দেশ্য হচ্ছে 'তরুণদের দক্ষ করে তোলা, দেশকে এগিয়ে নিয়ে যাওয়া' ফিটার সংক্রান্ত প্রাথমিক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই প্রশিক্ষণ সম্পূর্ণ বিনামূল্যে। প্রশিক্ষণার্থীরা বিনামূল্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে শিল্পে কর্মসংস্থানের সুযোগ পাবে, যা তাদেরকে স্বাবলম্বী ও স্বাবলম্বী করে তুলবে।রেল কৌশল বিকাশ যোজনার অধীনে, এপ্রিল থেকে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত, ওয়ার্কশপ ট্রেনিং সেন্টার, মেকানিক্যাল ওয়ার্কশপ, গোরখপুর ওয়েল্ডার ট্রেডের ০৮ ব্যাচে ৩৭ জন প্রার্থীকে, মেশিনিস্টের ০৫ ব্যাচে ৪১ জন এবং ফিটারের ০৪ ব্যাচে ৪৮ জন প্রার্থীকে ১২৬ জন প্রার্থী নিয়োগ করবে। ব্যাচে প্রশিক্ষণ দেওয়া হয়। বৈদ্যুতিক প্রশিক্ষণ কেন্দ্র, গোরখপুর ইলেকট্রিশিয়ান ট্রেডের ০৮ ব্যাচে ৫২ জন প্রার্থীকে প্রশিক্ষণ দিয়েছে। একইভাবে, ফিটার ট্রেডের ৭১ জন এবং মেশিনিস্ট ট্রেডের ৪৩ জন প্রার্থী সহ মোট ১১৪ জন প্রার্থীকে বিভাগীয় প্রশিক্ষণ কেন্দ্র, ক্যারেজ এবং ওয়াগন, লখনউ দ্বারা ০৯ ব্যাচে এবং ০৯ ব্যাচে ওয়েল্ডার ট্রেডের ১৩৫ জন বেসিক ট্রেনিং সেন্টার, যান্ত্রিক কারখানা, দ্বারা প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। ইজ্জতনগর।প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয়। এইভাবে এই আর্থিক বছরে ডিসেম্বর মাস পর্যন্ত, মোট ৪২৭ জন প্রার্থীকে উত্তর পূর্ব রেলওয়েতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।রেলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে যুবকদের দক্ষতা বৃদ্ধি পাবে এবং তাদের জন্য আত্মকর্মসংস্থানের উপায় পাওয়া সহজ হবে। রেল কৌশল বিকাশ যোজনায়, যুবকরা তাদের পছন্দের যে কোনও একটি বেছে নিতে পারে যেমন ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট এবং ওয়েল্ডার ইত্যাদি এবং সেই ক্ষেত্রে প্রশিক্ষণ নিতে পারে।

# ঝাড়খণ্ডে ন্যানো ইউরিয়া প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন

দেওঘর (ঝাড়খণ্ড), ৪ ফেব্রুয়ারি ঃ শনিবার ঝাড়খণ্ডের দেওঘরে ভারতীয় কৃষক সার সমবায় (ইফকো)'র ৪৫০ কোটি টাকার ন্যানো ইউরিয়া প্ল্যান্ট এবং টাউনশিপের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ । এটি হবে ভারতের পঞ্চম ন্যানো ইউরিয়া প্ল্যান্ট। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বছর গুজরাটে বিশ্বের প্রথম ন্যানো ইউরিয়া প্ল্যান্টের উদ্বোধন করেছিলেন। ন্যানো ইউরিয়া কৃষকদের উপকৃত করবে এবং এটি ইতিমধ্যে পাঁচটি দেশে ইউরিয়া রফতানি করা হচ্ছে। ন্যানো ইউরিয়া ফসলের উৎপাদনশীলতা, মাটির স্বাস্থ্য এবং উৎপাদনের পুষ্টিগুণ উন্নত করে এবং প্রচলিত ইউরিয়ার ভারসাম্যহীন করার লক্ষ্য রাখে। ইফকোর ব্যবস্থাপনা পরিচালক ইউ এস অবস্থি বলেন, প্ল্যান্টটি আগামী বছরের ডিসেম্বরে চালু হওয়ার কথা রয়েছে। তিনি বলেন, ৩০০ কোটি টাকা ব্যয়ে প্ল্যান্টটি এবং ১৫০ কোটি টাকা ব্যয়ে টাউনশিপ তৈরি করা হবে। ঝাড়খণ্ড ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি দেওঘর জেলার জাসিদিহ এলাকায় কমপ্লেক্সের জন্য ইফকোকে ২০ একর জমি বরাদ্দ করেছে।

# নাবালিকাকে ধর্ষণ, খুনের দোষী সাব্যস্তকে মৃত্যুদণ্ড আদালতের

গাজিয়াবাদ (উত্তরপ্রদেশ), ৪ ফেব্রুয়ারি ঃ উত্তর প্রদেশের গাজিয়াবাদের একটি পকসো আদালত শনিবার এক নাবালিকাকে ধর্ষণ ও হত্যার জন্য দোষী সাব্যস্ত এক ব্যক্তিকে মৃত্যুদণ্ড দিয়েছে। সোনুকে বিশেষ প্রটেকশন অফ চিলড্রেন ফ্রম সেক্সুয়াল অফেন্সেস (পকসো) আদালত দোষী সাব্যস্ত করেছে। ঘটনাটি গত বছর ১ ডিসেম্বর শাহিবাবাদ থানা এলাকার সিটি ফরেস্টে একটি নাবালিকা মেয়েকে মৃত অবস্থায় উদ্ধার করে। নিহত কিশোরীর বাবামায়ের দায়ের করা অভিযোগে বলা হয়েছে, মেয়েটিকে ধর্ষণ করে খুন করা হয়েছে। মামলার পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট সঞ্জীব বাখারওয়া বলেন, মৃত মেয়ের বাবামায়ের দায়ের করা অভিযোগের ভিত্তিতে একটি মামলা দায়ের করা হয়েছিল। সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করার পরে ১৫ ডিসেম্বর এই মামলায় চার্জশিট দাখিল করা হয়েছিল। প্রসঙ্গত, শুক্রবার আদালত ভারতীয় দণ্ডবিধি এবং পকসো আইনের ধারায় অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছে এবং শনিবার তাকে মৃত্যুদণ্ড দিয়েছে।

# মোদীজির নেতৃত্বে নকশাল মুক্ত হয়েছে বুদ্ধ পাহাড়

দেওঘর, ৪ ফেব্রুয়ারি ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে নকশাল মুক্ত হয়েছে বুদ্ধ পাহাড় ও ঝাড়খণ্ডের আরও অনেক এলাকা। বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার ঝাড়খণ্ডের দেওঘরে একটি জনসভা থেকে অমিত শাহ বলেছেন, বুদ্ধ পাহাড় এবং ঝাড়খণ্ডের আরও অনেক এলাকা প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে নকশালমুক্ত হয়েছে। এখন উন্নয়ন রাজ্যে নিজস্ব পথ তৈরি করছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, জামতারা ও দেওঘর হয়ে উঠেছে সাইবার ক্রাইমের হাব। কিন্তু হেমন্ত সোরেন ভারত সরকারের সমস্ত সাহায্য উপেক্ষা করেছেন... ২০২৪ সালে আমরা সমস্ত ১৪টি আসন জিতব, এবং বিধানসভা নির্বাচনেও পূর্ণ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়ী হব। কেন্দ্রীয় বাজেটের প্রসঙ্গ উত্থাপন করে অমিত শাহ বলেছেন, কেন্দ্রীয় বাজেটে ৭ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর কোনও কর থাকবে না। আমাদের আদিবাসীদের জন্য, ৭৪০টি একলব্য মডেল স্কুল প্রতিষ্ঠা করা হবে এবং ৩৮ হাজার শিক্ষক নিয়োগ করা হবে।

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ফ্রেইট আনলোডিং-এ৮.৭৮ বৃদ্ধি পঞ্জীভুক্ত

মালিগাঁও, ০৪ফেব্রুয়ারিঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ক্রমাগত ফ্রেইট আনলোডিং-এ একটি স্থির বৃদ্ধি পঞ্জীভুক্ত করছে। চলতি অর্থ বর্ষের এপ্রিল, ২০২২ থেকে জানয়ারী, ২০২৩ পর্যন্ত, ১২১৮০টি মালবাহী রেক আনলোড করা হয়েছে, যা গতবছরের একই সময়ের তুলনায় ৮.৭৮ অধিক। জানুয়ারী, ২০২৩ মাসে ১৩০১টি মালবাহী রেক আনলোড করা হয়েছে যা গতবছরের একই সময়ের তুলনায় এটি প্রায়৩.৬ বৃদ্ধি পেয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ওই মাসে এফসিআই চাল, চিনি, লবণ, ভোজ্যতেল, খাদ্যশস্য, সার, সিমেন্ট, কয়লা, শাকসবজি, অটো, ট্যাঙ্ক, কন্টেইনার এবং অন্যান্য সামগ্রীর পরিবহন করেছে এবং নিজের অধিক্ষেত্রের অধীনে বিভিন্ন গুডস শেডে আনলোড করেছে। ২০২৩ সালেরজানুয়ারীমাসে, অসমে মালবাহী ট্রেনের ৭০৫টি রেক আনলোড করা হয়েছে যার মধ্যে ৩৫২টি প্রয়োজনীয় সামগ্রী

লোডছিল। একই মাসে ত্রিপুরায় ১১৬টিরেক, নাগাল্যান্ডে ২২টিরেক, মণিপুরে ৬টিরেক, অরুণাচল প্রদেশে ৮টি রেক এবং মিজোরামে ৫টি রেক আনলোড করা হয়েছে। তাছাড়াও, ওই মাসেই উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের অধীনে পশ্চিমবঙ্গে ২২০টি মালবাহী রেক এবং বিহারে ২১৯টি মালবাহী রেক আনলোড করা হয়। নিত্য প্রয়োজনীয় এবং অন্যান্য সামগ্রীর পরিবহন কেবল মাত্র সাধারণ মানুষের প্রয়োজনীয়তা পূরণ করার জন্যই নয়, সমস্ত অঞ্চলের স্থানীয় অর্থনৈতিক কার্যকলাপকে সচল রাখতে সক্ষম হচ্ছে।

# ত্রিপুরায় বিজেপির প্রত্যাবর্তন নিশ্চিত বললেন মিঠুন চক্রবর্তী

আগরতলা, ৪ ফেব্রয়ারি ঃ ত্রিপুরায় বিজেপির প্রত্যাবর্তন নিশ্চিত। আজ খয়েরপুর বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী রতন চক্রবর্তীর সমর্থনে রোড শোতে অংশ নিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দৃঢ় প্রত্যয়ের সুরে একথা বললেন বিজেপি কেন্দ্রীয় নেতা মিঠুন চক্রবর্তী। এদিন তিনি বলেন, আজ সাধারন মানুষ থেকে শুরু করে বিজেপি সমর্থকদের বিপুল সমাবেশ থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে গত ৫ বছরে ত্রিপুরা নতুন রূপে ফিরে এসেছে। অতীতের সমস্ত কিছু ছাপিয়ে গত ৫ বছরে ত্রিপুরায় অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। সাথে আগামী ৫ বছরের জন্য গৃহীত কর্ম পরিকল্পনায় ত্রিপুরা দেশের শ্রেষ্ঠ রাজ্যের তালিকায় প্রতিষ্ঠিত হবে বলে তিনি আশা ব্যক্ত করেছেন। তাঁর দাবি, ২০২৩ বিধানসভা নির্বাচনে বিজেপির প্রাপ্ত ভোট ২০১৮ সালের বিধানসভা নির্বাচনকে ছাপিয়ে যাবে। সাথে তিনি যোগ করেন, বিজেপির প্রত্যাবর্তনে ত্রিপুরায় উন্নয়নের ধারা আরও গতি পাবে।

**Name Change**

I,MD KAYAMUDDIN MUNSURI(Old Name) S/o MD NIZAMUDDIN residing at 7D/1, G.J. Khan Road, Tiljala, Kolkata-700039WEST BENGAL, INDIA I have changed my name(Shall henceforth be known as) MD KIYAMUDDIN MUNSURI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.MD KAYAMUDDIN MUNSURI and MD KIYAMUDDIN MUNSURI both are same and one identical person.

**Name Change**

I, NIZAMUDDIN(Old Name) S/o HABIB MIYAN residing at 7D/1, GolamJilani Khan Road, Tiljala, Kolkata-700039WEST BENGAL, INDIA I have changed my name(Shall henceforth be known as) MD NIZAMUDDIN(New Name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.NIZAMUDDINand MD NIZAMUDDINboth are same and one identical person.

**Name Change**

I, KANAV(Old Name) S/o ASHWATH K.G. residing at 16/200, Turf View defense officers flats, Maidan-Kolkata-700022 WB India, I have changed my name(Shall henceforth be known as) KANAV ASHWATH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.KANAV and KANAV ASHWATH both are same and one identical person.

**Name Change**

I, RAJASRI DATTA (Old Name) D/o SRI SHYAM SUNDAR DUTTAresiding at 32/A SNUFF MILL STREET, KOLKATA -700056 WB India, I have changed my name(Shall henceforth be known as) RAJASREE DUTTA, vide an affidavit sworn before the METROPOLITAN MAGISTRATE COURT, CALCUTTA on 18/01/2023. RAJASRI DATTA and RAJASREE DUTTA both are same and one identical person

**Name Change**

I, ALTAB SEKH(Old Name) S/o JIYAD SEKH residing at Vill& PO-Dosatina, PS-Bishnupur,Dist-South 24 Pgs, Pin-743503,WB India, I have changed my name(Shall henceforth be known as) ALTAB ALI SEKH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.ALTAB SEKHand ALTAB ALI SEKHboth are same and one identical person.

**Name Change**

I, RAM KUNDU(Old Name) S/o LATE RADHARAMAN KUNDU residing at 47, Ramnagar Colony, PO-Kankinara, PS-Jagarddal, Dist-North 24 Parganas, Pin-743126 WB India, I have changed my name(Shall henceforth be known as) RAMDAS KUNDU, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.RAM KUNDUand RAMDAS KUNDU both are same and one identical person.

**Name Change**

I, MD ABDUL AJAD KARIKAR(Old Name) S/o IUNUCH KARIKAR residing at Baliadanga, PO-Eruli, PS-Gangnapur, Dist-Nadia, Pin-741253 WB India, I have changed my name(Shall henceforth be known as) AZAD KARIKAR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.MD ABDUL AJAD KARIKARand AZAD KARIKAR both are same and one identical person.

**Name Change**

I, YOUNUCH KARIKAR(Old Name) S/o LATE NURAMAHAMMAD KARIKAR residing at Baliadanga, PO-Eruli, PS-Gangnapur, Dist-Nadia, Pin-741253 WB India, I have changed my name(Shall henceforth be known as) IUNUCH KARIKAR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.YOUNUCH KARIKARand IUNUCH KARIKAR both are same and one identical person.

**Name Change**

I, MD ROFIQUL ISLAM(Old Name) S/o GOLAM MOWLLA MOLLA residing at Nalpukur, VTC-Bhangar-I, PO-Bhangar(nf), Dist- South 24 Parganas, Pin-743502 WB India, I have changed my name(Shall henceforth be known as) RAFIQUL ISLAM, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 04/02/2023.MD ROFIQUL ISLAMand RAFIQUL ISLAM both are same and one identical person.

# বিজেপির দালালি করছে সিবিআই, অভিযোগ হাঁসখালি-কাণ্ডে ধৃত সমরেন্দ্রর

দুরন্ত বার্তা, নদীয়া, ৪ ফেব্রুয়ারি ঃ হাঁসখালিতে নাবালিকা গণধর্ষণ ও খুনের ঘটনায় অভিযুক্তরা নির্দোষ। এমনটাই দাবি ধৃত তৃণমূল পঞ্চায়েত সদস্য সমরেন্দ্র গয়ালির। তিনি বর্তমানে জেল হেফাজতে রয়েছেন। গত বছরের ৪ এপ্রিল এই ঘটনা নিয়ে রাজ্য জুড়ে ব্যাপক তোলপাড় চলে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এক সভায় বলেন, মেয়েটির সঙ্গে ছেলেটির কোনও সম্পর্ক ছিল কি না, দেখতে হবে। মেয়েটি গর্ভবতী হয়ে পড়েছিল কি না, তাও দেখা উচিত। সে সব না দেখেই মিডিয়া হৈ চৈ জুড়ে দিয়েছে। শনিবার রানাঘাট আদালতে পেশ করার সময় সমরেন্দ্র বলেন, তদন্তের নামে সিবিআই বিজেপির দালালি করছে। সিবিআই যাদের গ্রেফতার করেছে, তাঁরা সকলেই নির্দোষ। সমরেন্দ্র বলেন, আমি চাই, হাইকোর্টের প্রধান বিচারপতি বা অবসরপ্রাপ্ত কোনও বিচারপতির নজরদারিতে নিরপেক্ষ তদন্ত করানো হোক। হাঁসখালিতে নাবালিকা গণধর্ষণ ও খুনের মামলায় ধৃতদের এদিন রানাঘাট আদালতে পেশ করা হয়। ওই ঘটনায় এখনও পর্যন্ত নয় জনের বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে সিবিআই। শনিবার এই মামলায় সাক্ষী

হিসেবে জবানবন্দি দেন মৃত নাবালিকার মা। রানাঘাট মহকুমা আদালতে সিবিআই ও বিজেপির আঁতাতের অভিযোগ তোলেন এই মামলার অন্যতম অভিযুক্ত ব্রজ গয়ালির বাবা সমরেন্দ্র গয়ালি। এই মামলায় সমরেন্দ্র গয়ালিকেও গ্রেফতার করেছে সিবিআই। ব্রজর জন্মদিনে ওই নাবালিকাকে বাড়িতে ডেকে আনা হয়েছিল। সেখানে ব্রজ এবং তাঁর আরও কয়েকজন বন্ধু মাদক জাতীয় কিছু খাইয়ে ওই নাবালিকাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। বাড়িতে এসে নাবালিকা অসুস্থ হয়ে পড়ে। হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই মৃত্যু হয় নাবালিকার। অভিযোগ, রাতের অন্ধকারে চুপিসারে গয়ালি পরিবার ভয় দেখিয়ে ওই নাবালিকার দেহ সৎকার করে ফেলে। আদালতের নির্দেশে এই ঘটনার সিবিআই তদন্ত শুরু হয়। ওই কিশোরীর মৃত্যু হয়। ২০২২ সালের ৯ এপ্রিল মৃতার মা থানায় অভিযোগ দায়ের করেন। ১০ এপ্রিল রাতে গ্রেফতার হন মূল অভিযুক্ত ব্রজ। কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে গণধর্ষণ মামলার তদন্তভার হাতে নেয় সিবিআই। ঘটনার ৮৫ দিনের মাথায় চার্জশিট জমা দেওয়া হয়।

# পাঁশকুড়ায় কাটারি হাতে শিক্ষকের বাড়িতে চড়াও মদ্যপ যুবক

দুরন্ত বার্তা, পাঁশকুড়া, ৪ ফেব্রুয়ারি ঃ কাটারি হাতে নিয়ে শিক্ষকের বাড়িতে চড়াও হল এক মদ্যপ যুবক। গত শুক্রবার বিকেলে গৌতম সিং নামে এক যুবক পাঁশকুড়া ব্লকের শ্যামসুন্দরপুর পাটনা হাই স্কুলের শিক্ষক সন্ন্যাসী কাউরীর বাড়িতে গিয়ে অকথ্য ভাষায় গালিগালাজ ও কাটারি দিয়ে কেটে ফেলার হুমকি দেয়। ওই সময় শিক্ষক বাড়িতে ছিলেন না। শিক্ষককে না পেয়ে শিক্ষকের বৃদ্ধ বাবা- মা এবং অসুস্থ দাদাকে গালিগালাজ করে ও হুমকি দেয়। ঘটনায় আতঙ্ক রয়েছে ওই শিক্ষকের পরিবার। শনিবার পাঁশকুড়া থানার গিয়ে ওই ব্যক্তির নামে অভিযোগ দায়ের করেন শিক্ষক সন্ন্যাসী কাউরী। ঘটনা, শুক্রবার দুপুরে স্কুলে মিড ডে মিল চলাকালীন ওই শিক্ষক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং সহ প্রধান শিক্ষকের নির্দেশমতো ছাত্রদের তদারকি করছিলেন। যাতে ছাত্ররা সুষ্ঠুভাবে মিড ডে মিল খায়, ভাত তরকারি নষ্ট না করে, উচ্ছিষ্ট খাবার ছড়িয়ে ছিটিয়ে না ফেলে

রাখে ইত্যাদি বিষয়গুলো দেখাশোনা করছিলেন ওই শিক্ষক। বিকাশ সিং নামে একটি ছাত্র ভাত তরকারি ছড়িয়ে ছিটিয়ে ফেলায় তাকে বকাবকি করেন ওই ছাত্রটি শিক্ষকের সাথে তর্ক করায় তাকে বাম হাতে থাকা ছড়ি দিয়ে মারে। এরপর ওই দিন বিকেলে ছাত্রটির বাবা গৌতম সিং বড় একটা কাটারি নিয়ে ওই শিক্ষকের বাড়িতে চড়াও হয়। বাড়িতে শিক্ষককে দেখতে না পেয়ে, শিক্ষকের বৃদ্ধ বাবা - মা অসুস্থ দাদাকে গালিগালাজ করে ওই শিক্ষককে কেটে টুকরো টুকরো করবে বলে হুমকি দেয়। ওই শিক্ষক গোটা ঘটনা বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে জানান। শনিবার পাঁশকুড়া থানায় অভিযোগ দায়ের করেন শিক্ষক সন্ন্যাসী কাউরী। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম মোস্তাফা বলেন, ছাত্র-ছাত্রীদের শিক্ষা দেওয়ার জন্য কোনো শিক্ষক ছাত্র-ছাত্রীকে বকাবকি বা শাসন করতেই পারেন। ওই অভিভাবকের যদি কোনো অভিযোগ থাকে তাহলে তিনি বিদ্যালয়ে এসে জানাতে পারতেন। সেটা না করে কোন শিক্ষকের বাড়িতে অস্ত্র নিয়ে আক্রমণ করাটা ঠিক নয়। আমরা এর প্রতিবাদ জানাচ্ছি এবং এর বিরুদ্ধে আইনত যা ব্যবস্থা নেওয়ার নেবো। শনিবার ওই অভিভাবককে বিদ্যালয়ে ডাকা হলেও তিনি আসেননি। তিনি প্রধান শিক্ষককে ফোনে জানান আমার ছেলেকে মারার অধিকার আপনাদের নেই। মারার আগে আপনি আমাকে জানান নি কেন ? ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। এই ঘটনার তীব্র প্রতিবাদ জানান বিদ্যালয়ের অন্যান্য ছাত্র ও অভিভাবকরা।

# অবহেলায় রোগী মৃত্যুর অভিযোগ ঘিরে রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে উত্তেজনা

দুরন্ত বার্তা, বীরভূম, ৪ ফেব্রুয়ারি ঃ চিকিৎসার গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগের জেরে শনিবার উত্তেজনা ছড়ায় রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে। অভিযোগ খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। বিনা চিকিৎসায় রোগী মৃত্যুর অভিযোগে উত্তেজনা ছড়ায় রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে। নিরাপত্তা রক্ষীদের সঙ্গে মৃতের পরিবারের সদস্যদের ধস্তাধস্তি হয়। নিরাপত্তা রক্ষীদের সরিয়ে হাসপাতালের সুপারের ঘরে ঢুকে পড়েন মৃতের আত্মীয়রা। মৃতের নাম জামিরুল শেখ। পরিবার সূত্রে খবর, গতকাল সন্ধ্যেয় ডাম্পারের সঙ্গে বাইকের ধাক্কা লাগায়, গুরুতর জখম হন বছর আঠাশের বাইক আরোহী। অভিযোগ, বিনা চিকিৎসায় ফেলে রাখা হলে, আজ ভোরে ওই যুবকের মৃত্যু হয়। এরপরই ক্ষিপ্ত হয়ে ওঠেন মৃতের আত্মীয়রা। হাসপাতাল কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের হয়। মৃত রোগীর আত্মীয়রা শনিবার সকালে হাসপাতালের ভিতরে ঢুকতে চান। বেসরকারি নিরাপত্তারক্ষীরা কিছুতেই তাঁদের ভিতরে ঢুকতে দেবেন না। এই নিয়ে দু'পক্ষের মধ্যে চলে তুমুল বচসা, ধাক্কাধাক্কি। নিরাপত্তারক্ষীদের ধাক্কা মেরে সরিয়ে শেষ পর্যন্ত হাসপাতালে আধিকারিকের ঘরের সামনে পৌঁছে যান রোগীর আত্মীয়রা। মৃতের দাদা রাজা শেখের অভিযোগ, 'ওই রোগীর নাক থেকে রক্ত ঝরছিল। ওকে যদি একটু দেখত, তাহলে বেঁচে যেত। সন্ধ্যে ৭ টায় দুর্ঘটনা হয়েছে। ৩ টে ২০ তে মারা গিয়েছে। ৩ টে ২০ পর্যন্ত রক্ত ঝরেছে। একজন চিকিৎসক ছিলেন। আমরা বারবার গিয়েছি। তিনি কোনও ব্যবস্থা নেননি।' মৃতের পরিবারের অভিযোগ, হাসপাতালের বেডে দীর্ঘক্ষণ বিনা চিকিৎসায় ফেলে রাখা হয় গুরুতর জখম জামিরুলকে। চিকিৎসার গাফিলতিতেই তাঁদের ঘরের ছেলেকে প্রাণ খোয়াতে হল বলে অভিযোগ করছেন তাঁরা। বিষয়টি জানিয়ে হাসপাতাল কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছে মৃতের পরিবার। অভিযোগ খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

# ঝাড়গ্রামে হাতির আক্রমণে গুরুতর জখম ১ ব্যক্তি

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৪ ফেব্রুয়ারি ঃ একের পর এক হাতির হানায় মৃত্যু ও আহতের ঘটনা ঘটতে থাকায় উদ্বেগ বাড়ছে বনদফতরের। হাতির দলকে সামাল দিতে নাজেহাল অবস্থা বনকর্মীদের। এদিন শনিবার সকালে ঝাড়গ্রাম জেলার ওড়িশা সীমান্তবর্তী নয়াগ্রাম ব্লকের কেশররেখা রেঞ্জ জামডহরা গ্রামে আবারও হাতির আক্রমণে গুরুতর ভাবে জখম হয় এক ব্যক্তি। বনদফতর সূত্রে জানা গিয়েছে আহত ওই ব্যক্তির নাম ক্ষুদিরাম মুর্মু। বাড়ি ওই গ্রামে। বনদফতর সুত্রে জানা গিয়েছে এদিন শীতের সকালে কুয়াশা থাকার কারনে হাতিটিকে দেখতে পাননি তিনি। স্থানীয় সূত্রে গিয়েছে এদিন ক্ষুদিরাম মুর্মু সকালে বাড়ির বাইরে বেরিয়েছিলেন। সেই একটি হাতি ও.শির দিকে এসে কেশররেখা রেঞ্জের জামডহরা গ্রামে ঢুকে যায়। কুয়াশা থাকার কারনে হাতিটিকে দেখতে না পাওয়ায় একেবারে হাতির সামনে পড়ে যান ক্ষুদিরাম বাবু। ওই হাতিটি তাঁকে শুঁড়ে ধরে আছা। মারলে ঘটনাস্থলেই গুরুতর ভাবে আহত হন তিনি। পরে স্থানীয় মানুষজনের হাতিটিকে তাড়া করলে গ্রামের পাশের জঙ্গলে প্রবেশ করে হাতিটি। এরপর স্থানীয় বাসিন্দারা তাঁকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে তড়িঘড়ি করে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করান। বর্তমানে সেখানেই তার চিকিৎসা চলছে। উল্লেখ্য, গত ২৯ জানুয়ারি গিধনী রেঞ্জের আমতলিয়া বীটের বররাজগ্রামে হাতির আক্রমণে মৃত্যু হয় নীলমণি মান্ডি নামে এক বৃদ্ধার। তার আগে গত ১৭ জানুয়ারি গিধনী রেঞ্জের শালিকাগ্রামে আগুন পোহানোর সময় গ্রামে ঢুকে যায় একটি হাতি। হাতির আক্রমণে প্রাণ হারান বছর আটচল্লিশের এক ব্যক্তি। চলতি বছরে শুধু জানুয়ারি মাসে হাতির আক্রমণে প্রাণ হারিয়েছেন এক পুরুষ ও এক বৃদ্ধা মহিলা এবং চলতি মাসের প্রথম সপ্তাহে হাতির আক্রমণে গুরুতর ভাবে আহত হলেন এক ব্যক্তি। এই বিষয়ে খড়গপুরের ডিএফও শিবানন্দ রাম বলেন, এদিন সকালে হাতিটি ওড়িশার দিক থেকে নায়াগ্রাম ব্লকের কেশররেখা রেঞ্জ প্রবেশ করে। কুঁয়াশা থাকার কারনে ওই ব্যক্তি হাতিটিকে দেখতে পাননি। তবে বনদফতর ওই ব্যক্তির যাবতীয় চিকিৎসা করাচ্ছেন। আপাতত মানুষটি সুস্থ্য রয়েছেন।

# অবিলম্বে সিএএ চালু হবে, মতুয়া মেলায় দাবি শুভেন্দুর

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ৪ ফেব্রুয়ারি ঃ ভিন্রাজ্যে কাজের জন্য গেলে মতুয়াদের প্রশ্নের মুখে পড়তে হয়। অথচ এ রাজ্যের অন্য বাসিন্দাদের তা হয় না। সে কারণেই অবিলম্বে সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) চালু হবে। নবদ্বীপের মতুয়ামেলায় গিয়ে এ কথা জানালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিষয়টি নিয়ে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দিকে আঙুল তোলেন তিনি। শুভেন্দু জানান, মুখ্যমন্ত্রী সিএএ চালু করতে দিচ্ছেন না। মমতার বিরুদ্ধে 'ঠাকুরের নাম বিকৃত' করার অভিযোগ জানিয়েও তোপ দেগেছেন নন্দীগ্রামের



বিজেপি বিধায়ক শুভেন্দু। শনিবার নবদ্বীপে ভাষণের শুরুতেই শুভেন্দু জানান, মূলতঃ সিএএ নিয়েই তিনি কথা বলবেন। তাঁর কথায়, ''প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ২০১৯ সালে ঠাকুরনগরে এসে যে কথা দিয়েছিলেন, তা মেনে লোকসভা ও রাজ্যসভায় সিএএ গৃহীত হয়েছে। আমরা সকলে প্রত্যাশায় রয়েছি, অপেক্ষায় রয়েছি, আইন তৈরির পর তা কার্যকরের প্রক্রিয়া কবে শুরু হবে! আমরা আশাবাদী, আর বেশি দিন অপেক্ষা করতে হবে না। তাই নবদ্বীপের এই সম্মেলন থেকে আওয়াজ তুলব, অবিলম্বে পশ্চিমবঙ্গে সিএএ চালু করা হোক।''

# গরু পাচার করতে গিয়ে বিএসএফ এর গুলিতে আহত ব্যক্তি, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, কোচবিহার, ৪ ফেব্রুয়ারি ঃ তুফানগঞ্জে সীমান্তের কাছে জওয়ানদের গুলিতে আহত হয়েছেন এক ব্যক্তি। শনিবার ভোরে ঘটনাটি ঘটেছে ভারত- বাংলাদেশ সীমান্তবর্তী কোচবিহার জেলার বালাভূত এলাকায়। ইতিমধ্যে ওই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযোগ, সে গরু পাচার করতে গিয়েছিল। ৩টি গরুও উদ্ধার হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গুলিবিদ্ধ ওই ব্যক্তির নাম সাইদুল ইসলাম। ৪৫ বছর বয়সি সাইদুল অসমের ধুবড়ি জেলার বাসিন্দা। বর্তমানে সে কোচবিহার মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি। জানা গিয়েছে, এদিন ভোরে সাইদুল জওয়ানদের নজর এড়িয়ে কাঁটাতার পেরিয়ে গরু পাচার করার চেষ্টা করছিল। এলাকায় টহল দিচ্ছিলেন ৬২ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানেরা। তাঁরা দেখা মাত্রই বাধা দেন। সাইদুল পাল্টা আক্রমণ চালালে জওয়ানেরা তাকে লক্ষ্য করে গুলি চালান। তার পরই তাকে হাতেনাতে গ্রেফতার করা হয়।

# ফুলবাড়ি ব্যারেজে বনদপ্তরের পক্ষ থেকে পাখি সুমারী করা হল

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ির ফুলবাড়ি ব্যারেজে বনদপ্তরের পক্ষ থেকে পাখি সুমারী করা হল। শনিবার, সকাল থেকে পরিবেশপ্রেমী সংগঠনের সহযোগিতায় এই সুমারী করে বনদপ্তর। জানা গিয়েছে, প্রতিবছর এই ব্যারেজে বিভিন্ন জায়গা থেকে প্রচুর পরিযায়ী পাখি আসে। তাদের বর্তমান সংখ্যা গণনা করতে এই সুমারী করা হচ্ছে। পাখিদের সংরক্ষণে এই কাজ বলে জানায় পরিবেশপ্রেমী সংগঠনের সদস্যরা।

# দাঁড়িয়ে থাকা বাসে সজোরে পিকআপ ভ্যানের ধাক্কা, জখম চালক

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৪ ফেব্রুয়ারি ঃ দাঁড়িয়ে থাকা সরকারি বাসে সজোরে পিকআপ ভ্যানের ধাক্কায় দুমড়ে মুচড়ে যায় পিকআপ ভ্যানটি। ঘটনায় গুরুতর জখম হয় পিকআপ ভ্যানের চালক। শনিবার দুপুরে ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর থানার গুঞ্জেরিয়া বাজার সংলগ্ন ৩১ নম্বর জাতীয় সড়ক এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে একটি সরকারি বাস রাস্তার ধারে খারাপ অবস্থা দাঁড়িয়ে ছিল। রায়গঞ্জের দিক থেকে আসা একটি পিকআপ ভ্যান সজোরে ওই বাসের পিছনে ধাক্কা মারলে পিকআপ ভ্যানটি দুমড়ে মুচড়ে যায়। অন্যদিকে দাঁড়িয়ে থাকা বাসটি জাতীয় সড়ক থেকে নিচে জমিতে নেমে যায়। এই ঘটনায় গুরুতর জখম হয় পিকআপ ভ্যানের চালক গুরুতর জখম হয়। স্থানীয় বাসিন্দারা পিকআপ ভ্যানের চালককে উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠিয়েছে চিকিৎসার জন্য। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে ইসলামপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# হাসপাতালের পাঁচিল দেওয়াকে ঘিরে বিক্ষোভ স্থানীয় বাসিন্দাদের

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ৪ ফেব্রুয়ারি ঃ মেমারি হাসপাতাল সংলগ্ন একটি রাস্তায় হাসপাতাল কর্তৃপক্ষ পাঁচিল দেওয়ার কাজ করতে গেলে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। জানা গেছে, মেমারি গ্রামীন হাসপাতাল চত্বরের মধ্যে একটি রাস্তা রয়েছে। হাসপাতালে চিকিৎসা করাতে আসা মানুষেরা ছাড়াও স্থানীয় বাসিন্দারা যাতায়াতের জন্য রাস্তাটি ব্যবহার করত। শনিবার সকালে হাসপাতাল কর্তৃপক্ষ রাস্তার ধারে পাঁচিল দেওয়ার কাজ শুরু করলে স্থানীয় বাসিন্দারা এর প্রতিবাদ জানান। তাদের দাবি, গ্রামের বাসিন্দারা প্রয়োজনে এই রাস্তাটি দিয়েই যাওয়াত করেন। রাস্তাটি বন্ধ করে দেওয়া হলে ঘুরপথে যাতায়ত করতে অনেক সময় লাগবে। তাই এর প্রতিবাদে বিক্ষোভ দেখান তারা। মেমারি ব্লকের বিএমওএইচ বলেন, এই রাস্তাটি হাসপাতাল চত্বরের মধ্যে রয়েছে। এই রাস্তাটি সাধারণের ব্যবহারের জন্য নয়। কেবলমাত্র হাসপাতালে আসা রোগীরাই রাস্তাটি ব্যবহার করতে পারেন। রোগী কল্যাণ সমিতির সিদ্ধান্ত অনুযায়ী, রোগীদের নিরাপত্তার স্বার্থেই রাস্তাটি বন্ধ করা হচ্ছে। তবে হেঁটে চলাচল করার জন্য ব্যবস্থা রাখা হবে। যদিও বিএমওএইচের এই দাবীকে উড়িয়ে দিয়ে বিক্ষোভ চালাবেন বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

# তমলুকে রাস্তার পাশ থেকে উদ্ধার সদ্যোজাতর দেহ, চাঞ্চল্য এলাকায়

দুরন্ত বার্তা, তমলুক, ৪ ফেব্রুয়ারি ঃ পূর্ব মেদিনীপুর জেলায.তমলুক থানার অন্তর্গত হলদিয়া মেছেদা রাজ্য স।কের পাশ থেকে সদ্যোজাত শিশুর কন্যার মৃতদেহ উদ্ধার। তমলুক থানার চককামিনা এলাকার ঘটনা। স্থানীয়দের অনুমান জন্মের আগেই আলট্রাসাউন্ড এ মেয়ে সন্তান দেখেই ফেলে দেওয়া হয়। রাস্তার পাশে এই শিশুর দেহ উদ্ধার এর ঘটনায় চাঞ্চল্য এলাকায়। তমলুক থানায় খবর দেওয়া হয়েছে। পরে তমলুক থানার পুলিশ আছে মৃতদেহ উদ্ধার করে।

# বাসের অভাবে সমস্যায় নিত্যযাত্রীরা, অভিযোগ অভিষেকের সভার জেরে অমিল

দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ৪ ফেব্রুয়ারি ঃ পশ্চিম মেদিনীপুর জেলায় সাজ সাজ রব । এই প্রথম কেশপুরের আনন্দপুরে সভা করতে এলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই সভা ঘিরে সমস্যায় পড়েন সাধারণ মানুষ। জনসমাবেশের জন্য তুলে নেওয়া. হয় বেশ কিছু বাস। ফলে দুর্ভোগে পড়েন নিত্যযাত্রীরা। এরকমই অভিযোগ পশ্চিম মেদিনীপুরের সর্বত্র। সবচেয়ে বেশি সমস্যায় পড়েন ঘাটালের মানুষজন। দেখা দিয়েছে ক্ষোভ। শনিবার সকাল থেকে যাত্রী দুর্ভোগের ছবি ধরা পড়ে ঘাটাল মহকুমার সর্বত্র। ঘাটাল, চন্দ্রকোনা ক্ষীরপাই, দাসপুর-সহ বিভিন্ন জায়গায় একই ছবি । বাস স্ট্যান্ডগুলিতে সারি সারি দাঁড়িয়ে নিত্যযাত্রীরা। গন্তব্যে পৌঁছাতে বাসের অপেক্ষায় দাঁড়িয়ে থেকে হয়রানির শিকার হন তাঁরা। অভিযোগ, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের জনসভায় দলীয় কর্মীসমর্থকদের যাওয়ার জন্য রুট থেকে বাস তুলে নেওয়ায় গন্তব্যস্থলে পৌঁছতে দ্বিগুণ ভাড়া গুনতে হয় নিত্যযাত্রীদের । গন্তব্য পৌঁছতে যাত্রীদের একমাত্র ভরসা ছিল মারুতি ও ট্রেকারের মতো ছোটো গাড়ি।

# পাকিস্তানে নিষিদ্ধ উইকিপিডিয়া

ইসলামাবাদ, ৪ ফেব্রুয়ারি ঃ পাকিস্তানা নিষিদ্ধ হল অনলাইন বিশ্বকোষ উইকিপিডিয়া । পবিত্র বিষয় বা ব্যক্তিঃ সম্পর্কে অবমাননাকর তথ্য ওয়েবসাইট থেকে ৪৮ ঘণ্টার মধ্যে মুছে ফেলার জন্য সময়সীমা বেঁধে দিয়েছিল পাকিস্তান। তবে উইকিপিডিয়া এসব তথ্য মুছতে ব্যর্থ হওয়ায় দেশজুড়ে ওয়েবসাইটের লিঙ্ক ব্লক করেছে পাক

টেলিকমিউনিকেশন অথরিটি (পিটিএ)। প্রাথমিকভাবে উইকিপিডিয়ার ওপর নিষেধাজ্ঞাটি আদেশ অমান্য করার জন্য আরোপ করা হযেছে। উইকিপিডিয়া চিহ্নিত নিন্দনীয় বিষয়বস্তু মুছে ফেললে সিদ্ধান্তটি পর্যালোচনা করা যেতে পারে। মূলত 'ধর্মদ্রোহ বিষয়ক' প্রবন্ধ দ্রুত সরানোর জন্য উইকিপিডিয়াকে সময়সীমা বেঁধে দিয়েছিল পিটিএ। তবে উইকিপিডিয়া পরিচালনাকারী সংস্থা উইকিমিডিয়া এ ব্যাপারে এই বিবৃতিতে জানায়, ওয়েবসাইটের তথ্যের ব্যাপারে তাদের কোনও হাত নেই, তারা তথ্য নিয়ন্ত্রণ করে না। ফলে তথ্য মুছে দেওয়ারও সুযোগ নেই তাদের। উইকিপিডিয়া. হল বিনামূল্যের, ক্রাউডসোর্সড, সম্পাদনাযোগ্য অনলাইন বিশ্বকোষ যা প্রায়ই প্রাথমিক তথ্যের জন্য সারা বিশ্বজুড়ে লক্ষাধিক কন্ট্রিবিউটরের ওপর নির্ভর করে থাকে।

# হলদিয়ায় শিল্পায়নের বার্তা দিয়ে সূচনা হল নবম হলদিয়া মেলা

দুরন্ত বার্তা, হলদিয়া, ৪ ফেব্রুয়ারি ঃ হলদিয়ায় শিল্পায়নের বার্তা দিয়ে সূচনা হয়েছে নবম হলদিয়া মেলা ৩-১২ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে আজ নবম হলদিয়া মেলার উদ্বোধন হলো উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ সরকার বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় থেকে মন্ত্রী বিপ্লব রায়চৌধুরী, জেলাশাসক পূর্ণেন্দুকুমার মাজি, হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জ্যোতির্ময় কর সকলেই হলদিয়ায় নতুন করে শিল্প বিনিয়োগের পরিবেশ তৈরি হয়েছে বলে বার্তা দেন শিল্পমহলকে। জেলাশাসক এবং এইচডিএর চেয়ারম্যান বলেন, হলদিয়ায় শিল্প সংস্থাগুলি জমি চাইছে। এটাই পরিবর্তনের ঈঙ্গিত। এখন স্বচ্ছতার সঙ্গে কারখানায় ঠিকা শ্রমিক ও কর্মচারী নিয়োগ হচ্ছে। দু'বছর পর মুখ্যমন্ত্রীর নির্দেশে বড় আকারে হলদিয়া মেলা হচ্ছে। হলদিয়া নতুন করে কর্মমুখর শুধু নয়, এখানকার মানুষও উৎসবমুখর হতে চাইছেন। সেজন্য সরকারিভাবে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এবার ক্ষুদ্রশিল্প ও গ্রামীণ কুটির শিল্পকে বাড়তি গুরুত্ব দিতে সবলামেলার আয়োজন করা হয়েছে হলদিয়া মেলা প্রাঙ্গণে। এদিন মেলার উদ্বোধনের শুরুতে এইচডিএ অফিস থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা হয়। ইএফআর ও পুলিস ব্যান্ডের সঙ্গে স্কুল পড়ুয়াদের শিল্পকলা, কীর্তন সহ গ্রামীণ লোকশিল্পের মেলবন্ধন আকর্ষণীয় হয়ে ওঠে। এদিন মেলা উদ্বোধনে উপস্থিত ছিলেন পুলিশ সুপার কে অমরনাথ, এইচডিএর সিইও সুধীর কোন্থাম, প্রখ্যাত ফুটবলার বিদেশ বসু সহ জেলা পুলিশ ও প্রশাসনের কর্তারা, বিধায়করা। তবে মেলার উদ্বোধনে দীর্ঘক্ষণ ধরে বরণের ঘটনা তাল কাটে অনুষ্ঠানের। ফলে শিল্প সংস্থার কর্তাদের মঞ্চে ডাকার পরও কাউকে বলতে না দেওয়ায় প্রশ্ন উঠেছে। বেশিরভাগ শিল্প কর্তারা নিচে বসে থাকলেও সরকারি মঞ্চে তৃণমূল নেতাদের দাপাদাপিতে বিতর্ক দানা বেঁধেছে। তাছাড়া সরকারি মঞ্চে কেন বেসরকারি সংস্থা ও বন্দরের কার্গো হ্যান্ডেলিং এজেন্ট রিপ্লের লোগো ব্যবহার করা হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছে শিল্প সংস্থাগুলিই। যদিও এইচডিএর চেয়ারম্যান বলেছেন, কোনও শিল্পসংস্থার কাছ থেকে চাঁদা নেওয়া হয়নি।

# রবিবার হাওড়া-বর্ধমান সমস্ত লোকাল বাতিল, বৃহস্পতিবারও সন্ধ্যা ৬টা পর্যন্ত বন্ধ ট্রেন চলাচল

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারি ঃ উড়ালপুলের মেরামতির কাজ হবে। সে কারণে রবিবার সারা দিন বন্ধ থাকবে হাওড়া এবং ব্যান্ডেল থেকে বর্ধমানগামী সমস্ত ট্রেন। বর্ধমান-আসানসোল এবং বর্ধমান-রামপুরহাট শাখাতেও লোকাল ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে রবিবার। শনিবার এমনটাই জানালেন পূর্ব রেল কর্তৃপক্ষ। তবে হাওড়া-বর্ধমান কর্ড এবং মেন শাখায় কিছু স্পেশাল ট্রেন চালানো হবে। রেল জানিয়েছে, রবিবারের জন্য মেন শাখায় হাওড়া থেকে শক্তিগড় পর্যন্ত ১৩ জোড়া ট্রেন চলবে। অন্য দিকে, কর্ড শাখায় ১০ জোড়া হাওড়া-মসাগ্রাম চলবে। শুধু রবিবারই নয়, সোম থেকে বুধবার পর্যন্ত হাওড়া- বর্ধমান (কর্ড এবং মেন দুইই), ব্যান্ডেল-বর্ধমান, বর্ধমান-আসানসোল এবং বর্ধমান- রামপুরহাট এই সব ক'টি শাখায় বেশ কয়েকটি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। বুধবার মধ্যরাত থেকে বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টা পর্যন্ত বাতিল হাওড়া- বর্ধমান সব লোকাল ট্রেনই। ওই সময় বন্ধ থাকবে ব্যান্ডেল-বর্ধমান লোকাল ট্রেন পরিষেবাও। রেল জানিয়েছে, সোমবার হাওড়া-বর্ধমান কর্ড শাখায় ৬ জোড়া এবং মেন শাখায় ৫ জোড়া লোকাল ট্রেন বাতিল থাকবে। দুই শাখার একটিতেও কোনও স্পেশাল ট্রেন চলবে না। মঙ্গল ও বুধবারও হাওড়া-বর্ধমান কর্ড শাখায় ১০ জোড়া এবং মেন শাখায় ১০ জোড়া লোকাল ট্রেন বাতিল থাকবে। তবে এই দু'দিন মেন শাখায় হাওড়া থেকে শক্তিগড় পর্যন্ত ১০ জোড়া আর কর্ড শাখায় ১০ জোড়া হাওড়া-মশাগ্রাম লোকাল চলবে।

# টার্গেট মুম্বই! এনআইএ দপ্তরে হুমকি ইমেল, বাড়ল নজরদারি

মুম্বই, ৪ ফেব্রুয়ারি ঃ ফের কি হামলা হতে পারে দেশের বাণিজ্যনগরী মুম্বইয়ে ? এবার কি তালিবান হামলা চালাবে?কেন এমন শঙ্কা? কারণ, মুম্বইয়ে তালিবানি হামলা হবে - এই মর্মে একটি হুমকি ইমেল পেয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা । বৃহস্পতিবার হুমকি মেলটি এসে পৌঁছেছিল এনআইএ'এর মুম্বইয়ের অফিসে। ওই ই-মেলে হুমকি দিয়ে বলা হয়েছে, তালিবানের সঙ্গে যুক্ত এক ব্যক্তিঃ হামলা চালাবে। এই ইমেলের কথা প্রকাশ্যে আসতেই মুম্বইজুড়ে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বাণিজ্যনগরীর গুরুত্বপূর্ণ স্থানগুলিতে পুলিশবাহিনীর সংখ্যা বাড়ানো হয়েছে। রেল স্টেশন ও বাস টার্মিনাসগুলিতে নজরদারিও বাড়ানো হয়েছে। এদিকে, পুলিশ জানিয়েছে, ইমেল প্রেরকের আইপি অ্যাড্রেস খতিয়ে দেখেছে সাইবার সেল। তাতে জানা গিয়েছে, হুমকি মেলটি পাঠানো হয়েছে পাকিস্তান থেকে। পদস্থ পুলিশ আধিকারিকরা জানিয়েছেন, বিষয়টি আরও খতিয়ে দেখা হচ্ছে ঠিক কোথা থেকে এই হুমকি মেল পাঠানো হয়েছে। তবে পুলিশের সন্দেহ, আতঙ্ক সৃষ্টির জন্য কেউ ইচ্ছাকৃতভাবে এই ধরনের মেল পাঠিয়েছে। পুলিশের দাবি, এর আগেও এমন হুমকি মেল একাধিকবার এসেছে। কিন্তু এবার এনআইএ-র দপ্তরে হুমকি মেল পাঠানোয় আরও বেশি সতর্ক রাজ্য পুলিশ। প্রসঙ্গত, কিছুদিন আগেই তোলার টাকা দাবি করে হুমকি ফোন পেয়েছিলেন কেঃদ্রীয় মন্ত্রী নীতীন গড়করি )। ১৪ জানুয়ারি তাঁর অফিসে এসেছিল হুমকি ফোনটি। প্রচুর টাকার দাবি করা হয়েছিল। শনিবার নীতীন গড়করির অফিসে পরপর হুমকি টেলিফোন আসে। কেঃদ্রীয় মন্ত্রীর কাছে থেকে টাকা চাওয়ারও অভিযোগ উঠছে। সূত্রের খবর, এই ঘটনায় যে ব্যক্তি ফোন করেছে সে নিজেকে ডি-কোম্পানি অর্থা দাউদ ইব্রাহিমের গ্যাংয়ের সদস্য বলে দাবি করেছে। কেন্দ্রীয় মন্ত্রীর থেকে প্রায় ১০০ কোটি টাকা চেয়েছে বলেও জানিয়েছে পুলিশ।

# দেশের অর্থনৈতিক অবস্থা ভাল, গতি পাবে অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ঃ সীতারামন

নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য পেশ করা কেন্দ্রীয় বাজেটে অর্থনৈতিক প্রবৃদ্ধির দিকে মনোনিবেশ করা হয়েছে। বাজেটে আনা প্রস্তাবগুলি রাজস্ব একীকরণ এবং প্রবৃদ্ধির সাথে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে। তিনি বলেন, দেশের অর্থনৈতিক অবস্থা ভালো। গত ১ ফেব্রুয়ারি বাজেট পেশ করার পর শনিবার মুম্বইয়ে আয়োজিত বাজেট পরবর্তী সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সীতারামন বলেন, ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য উপস্থাপিত বাজেটের মূল ফোকাস অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। আদানি গ্রুপের ক্ষেত্রে জিজ্ঞাসা করা প্রশ্নে, অর্থমন্ত্রী বলেন, আরবিআই ইতিমধ্যেই এই বিষয়ে তার উত্তর দিয়েছে। দেশের এজেন্সিগুলো খুব ভালোভাবে কাজ করছে। একই সময়ে, আদানি এন্টারপ্রাইজের ২০,০০০ কোটি টাকার ফলো-অন পাবলিক অফার (এফপিও) প্রত্যাহার করার সিদ্ধান্ত সম্পর্কিত প্রশ্নে তিনি বলেছিলেন যে এটি আগেও হযেছে। বাজেটের পরে সংশয় ও প্রশ্নের উত্তর দেওয়ার পাশাপাশি আদানি এন্টারপ্রাইজের এফপিও সংক্রান্ত প্রশ্নেরও তীক্ষ্ণ জবাব দেন অর্থমন্ত্রী। বীমা খাতে নেওয়া সিদ্ধান্তের বিষয়ে, সীতারামন বলেন সরকার সর্বাধিক সংখ্যক মানুষকে বীমা কভারের আওতায় আনার চেষ্টা করেছে। যাইহোক, তিনি স্পষ্ট করে বলেছেন, সরকারকেও দেখতে হবে জনগণ বীমাকে শুধু কর বাঁচানোর উপায.না করে। এটা বন্ধ করতে ৫ লাখ টাকার বেশি কর দেওযার কথা বলা হয়েছে।। সীতারামন বলেন, দুটি কর ব্যবস্থার মাধ্যমে সরকার জনগণকে বেশি এবং আরও ভাল বিকল্প দিচ্ছে। জনগণ যদি কর বাঁচাতে চায, তাহলে পুরনো কর ব্যবস্থা ছেড়ে নতুন কর ব্যবস্থায় আসতে পারে। প্রবৃদ্ধি নিশ্চিত করার পুরো কৃতিত্ব তিনি দেশের মানুষকে দেন। তিনি বলেন, দেশকে দ্বিতীয় দ্রুততম বর্ধনশীল অর্থনীতিতে পরিণত করতে করোনা মহামারীর মধ্যে সরকারের আনা ত্রাণ ও নীতিগত পদক্ষেপ জনগণ অনায়াসে গ্রহণ করেছে। অর্থমন্ত্রী বলেছেন, উচ্চ পাবলিক ক্যাপিটাল খরচ চালিয়ে যাওয়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ইচ্ছা ছিল। এর পরিপ্রেক্ষিতে, তিনি বাজেটে ১০ লক্ষ কোটি টাকার উচ্চতর ব্যয়ের প্রস্তাব করেছেন। প্রকৃতপক্ষে, বিগত ৩-৪ বছরের বাজেট উপস্থাপনের পর, অর্থমন্ত্রী সারা দেশে যান এবং বাজেট পরবর্তী অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের প্রবীণদের বাজেট সম্পর্কিত প্রশ্নের উত্তর দেন। এর একদিন আগে, সীতারামন ২০২৩-২৪ আর্থিক বছরের বাজেট সম্পর্কিত মূল বিষয়গুলি সম্পর্কে বিজেপি সাংসদদের অবহিত করেছিলেন।

# বাজারকে সুশৃঙ্খল রাখতে বদ্ধপরিকর, আদানি প্রসঙ্গে সেবি

মুম্বই, ৪ ফেব্রুয়ারি ঃ আদানি পরিস্থিতি নিয়ে অবশেষে মুখ খুলল বাজার নিয়ন্ত্রক সংস্থা সেবি। শনিবার সেবি জানিয়েছে, তারা শেয়ার বাজারের নির্ভরযোগ্যতা সুনিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। শেয়ার বাজারের মাত্রারিতিক্ত অস্থিরতা মোকাবিলার জন্য পর্যাপ্ত নজরদারির ব্যবস্থা রযেছে। তবে বিবৃতিতে সরাসরি আদানি গোষ্ঠীর নাম উল্লেখ করেনি সেবি। পুঁজিবাজার পর্যবেক্ষণকারী সংস্থা খালি এটুকু জানিয়েছে যে, গত সপ্তাহ থেকে এক ব্যবসাযিক গোষ্ঠীর স্টকে অস্বাভাবিক গতিবিধি শুরু হয়েছে। বলাই বাহুল্য, আদানি গোষ্ঠীর শেয়ারগুলি নিয়েই এমনটা বলছে সেবি। সেবি জানিয়েছে, বাজার যাতে সুশৃঙ্খল এবং সুষ্ঠ থাকে, সেটা বজায.রাখাই তাদের লক্ষ্য। সেই কারণে 'নির্দিষ্ট স্টকগুলি'র অত্যধিক অস্থিরতা মোকাবিলার জন্য একটি বাড়তি নজরদারি ব্যবস্থা জারি করেছে। নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে নিজে থেকেই সেই নজরদারি প্রক্রিয়া চালু হয়ে যাবে। প্রসঙ্গত, মার্কিন শর্ট-সেলার হিন্ডেনবার্গ রিসার্চের রিপোর্টের পর থেকেই আদানি গোষ্ঠীর শেয়ারে ধস নেমেছে। আদানি গোষ্ঠীর বিরুদ্ধে শেয়ার কারচুপি, অ্যাকাউঃটিং জালিয়াতি এবং বিপুল দেনার অভিযোগ তোলে। আর তারপরেই আকস্মিক পতন হয় আদানি গোষ্ঠীর শেয়ারে। আদানি গোষ্ঠী বারবার এই রিপোর্ট 'ভিত্তিহীন' বলে জানিয়েছে। তবে তাতে লাভ হয়নি। দ্রুত হারে নিম্নমুখী হয়েছে সংস্থার স্টকের দাম।

উত্তর মধ্য রেলপথ

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিশ নংঃ ২৩ / ১০, তারিখঃ ০৩.০২.২০২৩

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিশ

ভারতের রাষ্ট্রপতির হয়ে, প্রিন্সিপাল চিফ মেটেরিয়াল ম্যানেজার, উত্তর মধ্য রেলপথ, প্রয়াগরাজ, (একটি আই এস ও ৯০০১ঃ২০১৫ স্বীকৃত ইউনিট) নিম্নলিখিত কাজের জন্য ই-প্রোকিওরমেন্ট টেন্ডারের আহ্বান জানাচ্ছে

| ক্রম নং | টেন্ডার নং | সংক্ষিপ্ত বিবরণ | পরিমাণ | টেন্ডার খোলার তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ৩০২৩১৬৪৩ | লোয়ার স্প্রিং সিট | ১৬০০ টি | ২২.০২.২০২৩ |

নোটঃ উপরের ই-প্রোকিওরমেন্ট টেন্ডারের সম্পূর্ণ বিবরণ এবং ডাউনলোড করতে দেখুন আইআরইপিএস ওয়েবসাইটে https://www.ireps.gov.in

178/23(P)

# ডোপ টেস্টে ব্যর্থ, ২১ মাস নির্বাসিত দীপা কর্মকার

**নয়াদিল্লি, ৪ ফেব্রুয়ারিঃ** ডোপ পরীক্ষায় ব্যর্থ বাঙালি জিমন্যাস্ট দীপা কর্মকার। যার ফলে কড়া শাস্তির মুখে বাংলার মেয়ে। নিষিদ্ধ ওষুধ খাওয়ার জন্য দীপাকে ২১ মাসের জন্য নির্বাসিত করল আন্তর্জাতিক টেস্টিং এজেন্সি। রিও অলিম্পিকে চতুর্থ স্থানাধিকারী ভারতীয় জিমন্যাস্ট দীপা ২০২১ সালের অক্টোবর মাস থেকে কোনও খেলার অংশ নিতে পারেননি। আন্তর্জাতিক জিমন্যাস্টিক ফেডারেশনকে দীপার নির্বাসনের খবর জানিয়েছে আন্তর্জাতিক টেস্টিং এজেন্সি। উল্লেখ্য, ২০২১ সালের ১১ অক্টোবর দীপার নমুনা সংগ্রহ ভেবে কুল কিনারা পাননি। তিনি ঠিক করেন, প্রভিসনাল সাসপেনশন কাটাবেন। দীপা জানান, তিনি খুশি যে এই বিষয়টির সমাধান হল। তাঁর নির্বাসন কয়েক মাস কমিয়ে দেওয়া হয়েছে। ২০২৩ এর জুলাইয়ে তিনি ফের জিমন্যাস্টিক্সে ফেরার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। একইসঙ্গে দীপা জানান, বিভিন্ন মিডিয়া রিপোর্ট অনুযায়ী তিনি ওয়াডা-র পক্ষ থেকে ২ বছরের নির্বাসনের শাস্তি পেয়েছেন। দীপা পরিস্কার জানান, এই তথ্য ভুল এবং মিথ্যে। তিনি জানান, পুরো কেরিয়ার জুড়ে দীপা কখনও নিষিদ্ধ কিছু সেবনের কথাও ভাবেননি।

করা হয়েছিল। অবশেষে সেই নমুনার নিরিখে তাঁর বিরুদ্ধে রায় ঘোষণা করা হল। দীপার এই নির্বাসন বহাল থাকলে চলতি বছরের ১০ জুলাই পর্যন্ত। তাঁর বিরুদ্ধে ২০২১ সালের অক্টোবর থেকে তদন্ত চলছিল বলে এতদিন তিনি কোনও খেলায় অংশগ্রহণ করতে পারেননি। যার ফলে সেটাকে শাস্তি হিসেবে দেখা হবে। আন্তর্জাতিক টেস্টিং এজেন্সির পক্ষ থেকে বলা হয়েছে, দীপা কর্মকারকে ২১ মাসের জন্য সাসপেন্ড করা হয়েছে। যা চলবে ২০২৩ সালের ১০ জুলাই পর্যন্ত। এফআইজি এর অ্যান্টি ডোপিং রুলসের ১০.৮.২ ধারা অনুযায়ী এই সিদ্ধান্তটি নেওয়া হয়েছে। দীপা নিজে টুইটারে ২ পাতার এক বিবৃতিতে জানিয়েছেন, এক দীর্ঘ লড়াই আজ শেষের পথে। নিজের জন্য, নিজের কেরিয়ারের জন্য এতদিন লড়াই করছিলেন দীপা। তিনি জানান, কীভাবে তাঁর নমুনার মধ্যে নিষিদ্ধ পদার্থ পাওয়া গিয়েছে, তা নিয়ে নিজেও ধন্দে। কীভাবে তাঁর শরীরে নিষিদ্ধ পদার্থ গিয়ে তা আইটিএর পক্ষ থেকে জানানো হয়েছে, দীপা কর্মকারের শরীরে হাইজিনামিন নামের একটি নিষিদ্ধ পদার্থ পাওয়া গিয়েছে। যা বিটা-২ এর অধীনে পড়ে। এটি বিশ্ব অ্যান্টি ডোপিং এজেন্সির নিষিদ্ধ ড্রাগসের তালিকায় রয়েছে। হাইজিনামিন ফুসফুসে অক্সিজেনের মাত্রা বৃদ্ধি করতে সাহায্য করে। উল্লেখ্য, ২০২২ সালের প্রথমদিকে দীপা কর্মকারের নির্বাসনের খবর ছড়িয়ে পড়েছিল। জানা গিয়েছিল, ডোপ পরীক্ষার জন্য ওয়ার্ল্ড অ্যান্টি-ডোপিং এজেন্সির তরফে ডাকা হয়েছিল দীপাকে। তিনি নাকি সেই ডাক উপেক্ষা করেছিলেন। যে কারণে নিষেধাজ্ঞার মুখে পড়তে হয়েছে। যদিও এখন আসল তথ্য পরিস্কার। প্রসঙ্গত, ২০২১ সালের অক্টোবর মাস থেকে এখনও অবধি যেহেতু দীপা কোনও খেলায় অংশ নেননি, তাই এই সময়টা তাঁর নির্বাসনের অংশ হিসেবে বিবেচ্য হচ্ছে। ফলে, চলতি বছরের জুলাই মাসে তাঁর ওপর থেকে নির্বাসন উঠে গেলে তিনি আবার জিমন্যাস্টিক্সে ফিরতে পারবেন।

## সতীর্থদের স্টিভের সতর্কবার্তা

# ভারতের ডিফেন্স 'বুলেটপ্রুফ'

**সিডনি, ৪ ফেব্রুয়ারিঃ** 'গাব্বায় দেখে নেব!' গত বর্ডার-গাভাসকর ট্রফিতে টিম পেইনের এই লাইন মনে পড়ে? প্রাক্তন অজি অধিনায়ক ভারতীয় ব্যাটারদের হুঁশিয়ারি দিয়েছিলেন। ব্রিসবেন দুর্গ ছিল অস্ট্রেলিয়ার। সেই দুর্গ ভেঙে টানা দ্বিতীয় বার অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট সিরিজ জিতেছিল ভারত। পেইনের 'পেইন' কোনও দিনই কমবে না। ঘরের মাঠে ভারতের কাছে সিরিজ হার। তাও আবার কার্যত ভারতের বি টিমের কাছে। আরও একটা বর্ডার-গাভাসকর ট্রফি শুরু হচ্ছে ৯ ফেব্রুয়ারি। ২০১৮-১৯ সফরে অস্ট্রেলিয়ায় প্রথম বার টেস্ট সিরিজ জেতে ভারত। সে সময় অস্ট্রেলিয়ার কোচ জাস্টিন ল্যাঙ্গার সিরিজ শুরুর আগে প্লেয়ারদের সতর্ক করেছিলেন। বিশেষ করে ভারতের দুই ব্যাটার চেতেশ্বর পূজারা এবং বিরাট কোহলিকে যেন কেউ না ঘাটায়। ড্রেসিংরুমে হুঁশিয়ারির সুরেই এই বার্তা দিয়েছিলেন ল্যাঙ্গার। কারণ একটাই, ঘণ্টার পর ঘণ্টা ব্যাট করে অস্ট্রেলিয়া বোলারদের কোমর ভেঙে দিতে পারেন এঁরা। এ বার ভারতের মাটিতে সিরিজ। ঠিক একই রকম বার্তা দিলেন অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার স্টিভ ও'কিফ। শেষ বার ২০০৪ সালে ভারতের মাটিতে টেস্ট সিরিজ জিতেছিল অস্ট্রেলিয়া। ২০১৭ সালে সিরিজ জয়ের খুব সামনে ছিল অজিরা। স্টিভ স্মিথের নেতৃত্বাধীন সেই দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন বাঁ হাতি স্পিনার স্টিভ ও'কিফ। পুনের টার্নিং পিচে ৩৩৩ রানের বিশাল ব্যবধানে জয় দিয়ে সিরিজ শুরু করেছিল

অজিরা। এর অন্যতম কারিগর স্টিভ ও'কিফ। দুই ইনিংসেই ৬টি করে, ম্যাচে মোট একডজন উইকেট নিয়েছিলেন স্টিভ ও'কিফ। দ্বিতীয় ইনিংসে সেঞ্চুরি করেছিলেন অধিনায়ক স্টিভ স্মিথ। দ্বিতীয় ম্যাচেই অবশ্য সিরিজে সমতা ফেরায় ভারত। তৃতীয় টেস্টটি অমীমাংসিত থাকে। কাঁধের চোটে ধরমশালায় শেষ টেস্টে খেলতে পারেননি অধিনায়ক বিরাট কোহলি। শ্রেয়সকে বিরাটের ব্যাক আপ রাখা হলেও টেস্ট অভিষেক হয় চায়নাম্যান কুলদীপ যাদবের। প্রথম বার টেস্টে নেতৃত্ব দিয়েছিলেন রাহানে। ধরমশালায় টেস্ট জিতে, সিরিজও জেতে ভারত। তবে অস্ট্রেলিয়ার স্পিন জুটি ভালো পারফর্ম করেছিল। নাথান লিয়ন এবং স্টিভ ও'কিফ ১৯টি করে উইকেট নিয়েছিলেন সিরিজে। ভারতের বিরুদ্ধে খেলার অভিজ্ঞতা থেকে তাঁর প্রাক্তন সতীর্থদের স্টিভ ও'কিফের সতর্কবার্তা- ঘণ্টার পর ঘণ্টা ব্যাট করে, মানসিকভাবে বিপর্যস্ত করে দিতে পারে ভারতীয় ব্যাটাররা। তিনি বলেন, ''ওরা হয়তো বড় শট খেলবে না। কিন্তু দীর্ঘ সময় ক্রিজে থেকে সিঙ্গলস নিয়ে মানসিক, শারীরিক সবদিক থেকে বিপর্যস্ত করে দিতে পারে। এ ভাবেই ম্যাচ নিয়ন্ত্রণের বাইরে নিয়ে যাওয়ার ক্ষমতা রাখে ওরা।'' ভারতীয় ব্যাটারদের ডিফেন্সিভ টেকনিক নিয়ে প্রশংসার পাশাপাশি সতীর্থদের যেন হুঁশিয়ারি তাঁর বার্তায়। সে বার চেতেশ্বর পূজারার সৌজন্যে ভালোই টের পেয়েছিলেন স্টিভ ও'কিফ। আরও যোগ করেন, ''ওদের ফরোয়ার্ড ডিফেন্স, এক কথায় দুর্ভেদ্য। কী ভাবে সেটা ভাঙা সম্ভব আমিও বোঝাতে পারব না। ওদের ডিফেন্স যেন বুলেটপ্রুফ। তবে এ ভাবেও সারাক্ষণ স্কোর বোর্ড সচল রাখতে জানে। একেক সময় মনে হবে, যতই পরিকল্পনা করো, সব বৃথা।'' স্টিভের এই ভয়ঙ্কর অভিজ্ঞতা আরও বেশি হয়েছিল ২০১৭-র তৃতীয় টেস্টে। রাঁচিতে প্রথম ইনিংসে ৭৭ ওভার বল করেছিলেন স্টিভ ও'কিফ। চেতেশ্বর পূজারা একাই ৫২৫ বল খেলে করেছিলেন ২০২ রান। যা আতঙ্কের অন্যতম কারণ স্টিভের কাছে।

# এখনও দুটো হার্ডল বাকি, রঞ্জিতে আমরা ভালো ফল করার চেষ্টা করব শুক্লা

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** এখনও দুটো হার্ডল বাকি। রঞ্জিতে আমরা ভালো ফল করার চেষ্টা করব। বললেন লক্ষ্মীরতন শুক্লা। তিনি বলেন, ''রঞ্জিতে এই নিয়ে বাংলা তিন বার রঞ্জি ট্রফির সেমিতে পৌঁছাল। এখনও দুটো হার্ডল বাকি। আমরা ভালো ফল করার চেষ্টা করব।'' শনিবার সকালে অনূর্ধ্ব ১৯ টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ জয়ী দলের অন্যতম সদস্য হাওড়ার হৃষিতা বসু'কে সংবর্ধনা দেওয়া হয় এলআরএস বাংলা স্পোর্টস অ্যাকাডেমি'র তরফ থেকে। সিনিয়র বেঙ্গল ক্রিকেট দলের প্রধান কোচ লক্ষ্মী রতন শুক্লা এদিন এলআরএস বাংলা স্পোর্টস একাডেমি গ্রাউন্ডে হৃষিতাকে সংবর্ধনা জানান। সেখানেই লক্ষ্মী রতন শুক্লা বলেন, ''বাংলা দল সেমিফাইনালে গেছে। এখনো দুটো হার্ডল বাকি। আশা করি আমরা ভালো ফল করার চেষ্টা করব।'' পাশাপাশি তিনি বলেন, ''অনূর্ধ্ব-১৯ দল বিশ্বকাপ জিতেছে আর এই দলে তিন বঙ্গ তনয়া রয়েছে এটা খুবই খুশির খবর। হৃষিতার কঠোর পরিশ্রম ওকে এই সাফল্য এনে দিয়েছে। আমি আশা করব হৃষিতা এখন সিনিয়র বেঙ্গল টিমের দিকে লক্ষ্য রেখে এখন থেকেই আরও পরিশ্রম করবে। ওর জন্য আমরা অনেক গর্ব অনুভব করি। ও আরও এগিয়ে যাক। বাংলায় মেয়েদের ক্রিকেটের এতো উন্নতির জন্য সিএবি'কেও ধন্যবাদ জানাই।''

# কপালে তিলক না নিয়ে তীব্র সমালোচনার মুখে সিরাজ-উমরান

**নাগপুর, ৪ ফেব্রুয়ারিঃ** হিন্দু ধর্মের রীতি অনুযায়ী যে কোনও শুভ কাজে যাওয়ার আগে কপালে তিলক কাটা হয়। বলা হয়, তিলক কাটা অত্যন্ত শুভ। যে কারণে হিন্দু ধর্মে সমস্ত মঙ্গল অনুষ্ঠানে তিলক লাগানোর প্রথা প্রচলিত রয়েছে। এই তিলককে কেন্দ্র করেই এ বার দুই ভারতীয় ক্রিকেটার চরম ট্রোল হলেন। ভারতে খেলতে আসা বিদেশি ক্রিকেটারদের টিম হোটেলে অভ্যর্থনা জানানোর সময় কখনও বরণ করে নেওয়া হয় ফুলের তোড়া, কখনও বা গলায় মালা পরানো হয়। কখনও আবার কপালে তিলক কেটে অভ্যর্থনা জানানো হয়। একই ভাবে টিম হোটেলে দেশের ক্রিকেটারদেরও স্বাগত জানানো হয়। সামনেই বর্ডার গাভাসকর ট্রফি। নাগপুরে ৯ ফেব্রুয়ারি ভারত-অস্ট্রেলিয়া টেস্ট সিরিজের প্রথম ম্যাচ। তার আগে হঠাৎ করেই তীব্র সমালোচনার মুখে দুই ভারতীয় ক্রিকেটার। নাগপুরে টিম হোটেলে ভারতীয় দল পৌঁছনোর পর, দলের সদস্য ও সাপোর্ট স্টাফদের স্বাগত জানানো হচ্ছিল কপালে তিলক দিয়ে। সেই সময় কপালে তিলক নিতে অস্বীকার করেন মহম্মদ সিরাজ ও উমরান মালিক। সেই ভিডিয়ো হু হু করে ছড়িয়ে পড়েছে সোশ্যাল মিডিয়ায়। তার পর থেকেই নেটদুনিয়ায় চরম ট্রোলের শিকার

হচ্ছেন সিরাজ-উমরান। পুরো বিষয়টিকে ধর্মীয় রূপ দেওয়ার চেষ্টাও করছেন একাধিক নেটিজেনরা। যে ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে, তাতে দেখা গিয়েছে, ভারতের দুই তরুণ ক্রিকেটার মহম্মদ সিরাজ ও উমরান মালিক টিম হোটেলে ঢোকার সময় কপালে তিলক লাগাতে অস্বীকার করেন। যদিও শুধু তাঁরা দু'জনই নয়। টিম ইন্ডিয়ার ব্যাটিং কোচ বিক্রম রাঠোর ও সাপোর্ট স্টাফ হরি প্রসাদ মোহনও তিলক লাগাতে অস্বীকার করেন। তা সত্ত্বেও নেটদুনিয়ায় তীব্র সমালোচনা চলছে সিরাজ ও উমরানকে নিয়েই। এক টুইটার ব্যবহারকারী পুরো বিষয়টি পরিস্কার করে তুলে ধরার চেষ্টা করেছেন। তিনি লিখেছেন, 'এই ভিডিয়োতে আমরা ১০ জনকে দেখতে পাচ্ছি। যার মধ্যে ছ'জন তিলক লাগিয়েছেন এবং ৪ জন তিলক লাগাননি। যার মধ্যে মহম্মদ সিরাজ, উমরান মালিক, বিক্রম রাঠোর ও হরি প্রসাদ মোহন তিলক লাগাননি। কিন্তু সকলের টার্গেটে মহম্মদ সিরাজ ও উমরান মালিক।'

# জার্সি ছুড়ে বিতর্কে, ক্ষমা চাইলেন অঙ্কিত

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ ফেব্রুয়ারিঃ** শুক্রবার সন্ধেয় জার্সি ছুড়ে বিতর্কে জড়িয়েছিলেন অঙ্কিত মুখোপাধ্যায়। কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে ম্যাচের ১৬ মিনিটে অঙ্কিতকে তুলে নেন ইস্টবেঙ্গল কোচ স্টিফেন কনস্ট্যান্টাইন। তাতেই মেজাজ হারিয়ে জার্সি ছোড়েন বঙ্গতনয়। যে ঘটনার ভিডিও সরাসরি ধরা পড়ে ক্যামেরায়। এরপরই ক্ষোভের আগুন জ্বলতে থাকে লাল-হলুদ সমর্থকদের মনে। মাতৃসম ক্লাবরে জার্সিকে ওভাবে অপমানিত হতে দেখে সোশ্যাল মিডিয়ায় গর্জে ওঠেন অনেকে। যে জার্সির সঙ্গে মিশে রয়েছে অসংখ্য লড়াই, অজস্র ঘাম সেই জার্সিকে ওভাবে ছুড়তে দেখায় কেউই ভালো ভাবে ঘটনাকে মেনে নেননি। এমনকি কোচ স্টিফেন কনস্ট্যান্টাইনও ম্যাচের পর অঙ্কিতের এ হেন আচরণের বিরুদ্ধে সুর চড়ান। এমনকি ইস্টবেঙ্গলের অঙ্কিতের ভবিষ্যৎ নিয়েও সংশয় প্রকাশ করেন লাল-হলুদের ব্রিটিশ কোচ। ঘটনার ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই নিজের আচরণের জন্য ক্ষমা চাইলেন ইস্টবেঙ্গলের বঙ্গতনয়। সোশ্যাল মিডিয়ায় নিজের ভুল স্বীকার করে নেন অঙ্কিত। বাঙালি ডিফেন্ডার জার্সি ছোড়ার অপরাধে অনুতপ্ত। তিনি লেখেন, 'আমার এই আচরণ অনেককেই আঘাত দিয়েছে। আমাকে তারা ভুল বুঝেছে। আমি কখনও ক্লাবের সমর্থকদের অসম্মান করতে চাইনি। ম্যাচে যে আঘাত পেয়েছিলাম, সেই কারণেই আমাকে বসিয়ে দেওয়া হয়। ওই মুহূর্তে রাগের সময় মাথা ঠিক ছিল না। তাই ওই কাজটা অনিচ্ছাকৃত করে ফেলি। এর মানে কোনও ব্যক্তি বা ক্লাবের বিরুদ্ধে আমার কোনও ক্ষোভ রয়েছে বা তাদের বিষোদগার করেছি তা নয়। ইস্টবেঙ্গল ক্লাবের জন্যই আমি এতদূর পৌঁছেছি।' এরই সঙ্গে অঙ্কিত লেখেন, 'এই ক্লাবেই আমি পেশাদার ফুটবলজীবন শুরু করেছিলাম। আমার গোটা পরিবার ইস্টবেঙ্গল ক্লাবের কাছে কৃতজ্ঞ, ঋণী। ইস্টবেঙ্গল ক্লাবকে অসম্মান করার কথা আমি কল্পনাও করতে পারি না। ১৪ বছর পয়স থেকে আমার সত্তায় ইস্টবেঙ্গল। আমার প্রাণের রং লাল-হলুদ। ওই বয়সেই আমি অনূর্ধ্ব-১৫ দলের হয়ে খেলি। আমার তাৎক্ষণিক সম্পূর্ণ রাগের মাথায় দেওয়া প্রতিক্রিয়ার জন্য যাঁরা আমাকে ভুল বুঝে মনোকষ্ট পেয়েছেন, যন্ত্রণাবিদ্ধ হয়েছেন তাঁদের প্রত্যেকের কাছে আমি ক্ষমাপ্রার্থী। ভবিষ্যতে এমন কোনও কাজ করব না যাতে ক্লাবের ভাবমূর্তি নষ্ট হয়। আমায় মার্জনা করবেন।'

# বাংলাদেশের জোরে বোলিং কোচ ডোনাল্ডই

**ঢাকা, ৪ ফেব্রুয়ারিঃ** দলের প্রধান কোচ পরিবর্তন হলেও জোরে বোলিং কোচ পরিবর্তন করছে না বাংলাদেশ ক্রিকেট বোর্ড। অ্যালান ডোনাল্ডকেই রেখে দেওয়া হচ্ছে। আগামী এক দিনের বিশ্বকাপ পর্যন্ত শাকিব আল হাসানের দলের জোরে বোলিং কোচ হিসাবে কাজ করবেন দক্ষিণ আফ্রিকার প্রাক্তন ক্রিকেটারই। ২০২২ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত চুক্তি ছিল ডোনাল্ডের সঙ্গে। তার পর ভারতের বিরুদ্ধে এক দিনের এবং টেস্ট সিরিজ পর্যন্ত চুক্তি করা হয়। ডোনাল্ডের কাজে বাংলাদেশের ক্রিকেট কর্তারা খুশি হলেও তাঁর সঙ্গে চুক্তি বাড়ানোর ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারছিলেন না তাঁরা। প্রাক্তন কোচ শ্রীলঙ্কার চন্দিকা হাথুরুসিংহেকে আবার দায়িত্ব দিয়েছেন বাংলাদেশের ক্রিকেট কর্তারা। নতুন প্রধান কোচ ঠিক হওয়া পর্যন্ত অপেক্ষা করছিলেন তাঁরা। সেই চিন্তা দূর হতে ডোনাল্ডকে প্রস্তাব দেয় বিসিবি।

# চলন্ত গাড়ি থেকে ঠেলে ফেলে দিয়েছিলেন বান্ধবীকে, চরম হেনস্তার মুখে টেনিস তারকা!

**সিডনি, ৪ ফেব্রুয়ারিঃ** আর ক'দিন পর ১৪ ফেব্রুয়ারি। প্রেমের দিবস হিসেবে সারা পৃথিবীর কাছে গুরুত্ব পায় এই দিনটা। প্রেমিক-প্রেমিকা, যুগলে যাপন করেন এই দিনটা। ভ্যালেন্টাইন্স ডে-র ঠিক আগেই কিনা এক প্রেমিকের বিকৃত রূপ বেরিয়ে পড়ল। এতটাই কদর্য সেই রূপ যে, তাঁর ভক্তরা তো বটেই, সারা বিশ্ব স্তম্ভিত হয়ে গিয়েছে। তিনি এক নামী টেনিস প্লেয়ার। বিশ্বের সেরা তারকাদের বন্ধনীতেই রাখা হয় তাঁকে। সাফল্যও কিছু কম নেই। যিনি এমন আইকনিক প্লেয়ার, দুনিয়া জুড়ে রয়েছে ভক্তরা, তিনিই কিনা এই ভরা ফেব্রুয়ারিতে চক্কর কাটছেন আদালতের। প্রাক্তন প্রেমিকা ওই প্লেয়ারের বিরুদ্ধে নিয়ে এসেছেন যৌন নির্যাতনের অভিযোগ। সেই সঙ্গে রয়েছে আরও গুরুতর অভিযোগও। বিশ্বে এমন ঘটনা কম নেই। সাফল্যের শীর্ষে থাকা প্লেয়াররা নানা বিতর্কিত ঘটনায় অতীতেও জড়িয়ে পড়েছেন। কিন্তু এই টেনিস প্লেয়ার বোধহয় সে সব সীমা পেরিয়ে গিয়েছেন। ওই টেনিস প্লেয়ারের নাম নিক কির্গিওস। অস্ট্রেলিয়ার টেনিস তারকা অতীতেও বারবার বিতর্কে পড়েছেন। সমালোচনায় জেরবার

হয়েছেন। কোর্টে পারফর্ম করে সে সব বিতর্কের উত্তাপ থেকে খানিকটা বাঁচাতে পেরেছেন নিজেকে। কিন্তু আবার কোনও না কোনও ভাবে ঠিক তাঁকে বিতর্কের কেন্দ্রেই দেখা গিয়েছে। মার্কিন টেনিস প্লেয়ারকে ঘিরে এ বারের অভিযোগ বেশ মারাত্মক। তাঁর প্রাক্তন প্রেমিকা চিয়ারা পাসারি একগুচ্ছ অভিযোগ নিয়ে এসেছেন তাঁর বিরুদ্ধে। ২০২১ সালে কির্গিওস ও পাসারির ব্রেকআপ হয়ে যায়। সেটা যে একটা ভয়াবহ ঘটনার কারণে, তা জানা গিয়েছে এতদিনে। পাসারি জানিয়েছেন, এক বছর আগে যখন তাঁদের সম্পর্কের সুতো ধীরে ধীরে খুলতে শুরু করেছিল, তখনই ঘটেছিল ঘটনাটা। ক্যানবেরার ফুটপাথের ধারে পাসারি গাড়ি থেকে নামার সময় তাঁকে সজোরে ধাক্কা দিয়েছিলেন কির্গিওস। যার জেরে প্রবল চোট পেয়েছিলেন কাঁধ, হাঁটু ও গোড়ালিতে। সেই চোট আজও ভোগাচ্ছে তাঁকে। ঘটনা তখন ঘটলেও সঙ্গে সঙ্গে অভিযোগ জানাননি পাসারি। ১০ মাস পর পুলিশের কাছে যান। সেই কেসই এখন আদালতে উঠেছে। শুক্রবারও আদালতে হাজিরা দিতে হয়েছে কির্গিওসকে। এমনিতে কির্গিওসের সময়টা ভালো যাচ্ছে না। চোটের কারণে অস্ট্রেলিয়ান ওপেনে নামতে পারেননি। ২৭ বছরের টেনিস প্লেয়ারের হাঁটুতে সফল অস্ত্রোপচারও হয়েছে। রিহ্যাব করছেন এখন। তারই মধ্যে পাসারি ইস্যুতে বেশ চাপে পড়েছেন যুক্তরাষ্ট্রের প্লেয়ার।

# খেলো ইন্ডিয়ার ম্যাসকট, থিম সং ও জার্সির উদ্বোধন করলেন অনুরাগ

**জম্মু, ৪ ফেব্রুয়ারিঃ** কেন্দ্রীয় যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ সিং ঠাকুর খেলো ইন্ডিয়া শীতকালীন ক্রীড়ার তৃতীয় সংস্করণের ম্যাসকট, থিম সং ও জার্সির উদ্বোধন করেছেন। শনিবার জম্মুর রাজভবনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয় । কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী ছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা। আগামী ১০ ফেব্রুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে এই প্রতিযোগিতা। জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলার গুলমার্গে আয়োজিত এই প্রতিযোগিতায় দেশের বিভিন্ন প্রান্তের প্রায় ১ হাজার ৫০০ ক্রীড়াবিদ অংশ নেবেন। এদিনের অনুষ্ঠানে কেন্দ্রীয় বাজেট প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, ''অমৃত কালের প্রথম বাজেটে একটি উন্নত ভারতের জন্য সম্পূর্ণ সমাধানের ভিত্তি স্থাপন করা হয়েছে। এই বাজেটে গ্রাম, দরিদ্র, মহিলা, শ্রমিক, মধ্যবিত্ত, যুব, কৃষক, এসসি, এসটি, ওবিসি এবং সমাজের প্রতিটি অংশের জন্য কিছু না কিছু রয়েছে।''

# আল নাসেরে গোলের খাতা খুললেন রোনাল্ডো, বিতর্কেরও!

**রিয়াধ, ৪ ফেব্রুয়ারিঃ** মনে হচ্ছিল, আরেকটি ব্যর্থতার রাত ডাকছে ক্রিস্টিয়ানো রোনাল্ডোকে। আর কয়েক মিনিট পার হলেই হতাশা নিয়ে মাঠ ছাড়তে হতো পর্তুগিজ তারকাকে। শেষ পর্যন্ত অবশ্য তেমনটা হয়নি। যোগ করা সময়ে পাওয়া পেনাল্টি গোল কিছুটা হলেও স্বস্তি দিয়েছে তাঁকে। রোনাল্ডোর এই গোলেই যে হারতে হারতে ম্যাচ ড্র করেছে আল-নাসের। তবে এই গোলের আগে বেশ সংগ্রামই করতে হয়েছে 'সিআর সেভেন'কে। সহজ সুযোগ হাতছাড়া করার পাশাপাশি এদিন তাঁর গোল বাতিল হয় ভিএআরে। এমনকি ক্রসবারও গোলবঞ্চিত করেছে রোনাল্ডোকে। শেষ পর্যন্ত অবশ্য আল-নাসেরের হয়ে প্রথম গোল পাওয়ার আনন্দ নিয়েই মাঠ ছাড়তে পেরেছেন প্রাক্তন এই রিয়াল মাদ্রিদ উইঙ্গার। ম্যাচের পর সামাজিক যোগাযোগমাধ্যমেও নিজের উচ্ছ্বাস প্রকাশ করেছেন রোনাল্ডো। বলছেন, ''কঠিন ম্যাচে গোল পেয়ে এবং দলের ড্রয়ে তিনি

আনন্দিত।'' সৌদি আরবে রোনাল্ডোর শুরুটা দারুণভাবেই হয়েছিল। রিয়াদ অল স্টার একাদশের হয়ে পিএসজির বিপক্ষে প্রীতি ম্যাচে জোড়া গোল করে শুরুটা করেছিলেন ৩৭ বছর বয়সী এই ফুটবল মহাতারকা। প্রতিযোগিতামূলক ফুটবলে আল-নাসেরের হয়ে মাঠে নামার পর উল্টো চিত্র দেখতে হয় রোনাল্ডোকে। সৌদি সুপার কাপ থেকে বিদায়ও নিতে হয় রোনাল্ডোর দল আল-নাসেরকে। গতকাল সৌদি প্রো লিগে আল-ফাতেহর বিপক্ষে ম্যাচেও খাদের কিনারায় পৌঁছে গিয়েছিল আল-নাসের। সেখান থেকে ঘুরে দাঁড়িয়ে দলকে রক্ষা করেছেন রোনাল্ডোই। ম্যাচ শেষে রোনাল্ডো সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, 'সৌদি লিগে নিজের প্রথম গোল করতে পেরে আনন্দিত। কঠিন ম্যাচে গুরুত্বপূর্ণ এ ড্র পেতে পুরো দলের দারুণ প্রচেষ্টা ছিল।' রোনাল্ডো নিজের প্রথম গোল পাওয়ায় খুশি হওয়ার কথা জানিয়েছেন আল-নাসের কোচ রুডি গার্সিয়াও। ম্যাচ শেষে তিনি লিখেছেন, 'ফুটবলে কিছু বিষয় আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন, আর কিছু পারবেন না। আমরা দুটি গোল হজম করেছি এবং সেটা ছিল আমাদের নিজেদের ভুলে। তবে আমাদের দুর্ভাগ্য যে দুটি শট পোস্টে লেগেছে। ক্রিস্টিয়ানো তার প্রথম গোল পেয়েছে এবং আমরাও দুটি গোল করেছি।'

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501